আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১


২৮ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৮ ॥ সংখ্যা ২৩ ॥ সোমবার ॥ ফাল্গুন ২০ ॥ ১৪৩০ ॥ শাবান ২৩ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 23 ॥ March 04 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

অগ্নিঝরা মার্চ শুরু

বিশেষ প্রতিনিধি: শুরু হয়েছে অগ্নিঝরা মার্চ, স্বাধীনতার মাস মার্চ। ১৯৭১ সালের ৪ মার্চ গণবিক্ষোভে টালমাটাল ছিল চারদিক। দিনটি ছিল দেশব্যাপী লাগাতার হরতালের তৃতীয় দিন। এদিন সামরিক জান্তার সান্ধ্য আইন ভঙ্গ করে রাজপথে নেমে আসে হাজার হাজার সাধারণ মানুষ। **(বাকি অংশ ০৩ পাতায়)**



বাংলাদেশীকে ধরিয়ে দিতে এফবিআই'র ২০ হাজার ডলার পুরস্কার ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অপহরণ চক্রের সদস্য এক বাংলাদেশীকে ধরিয়ে দিতে ২০ হাজার ইউএস ডলার পুরস্কার ঘোষণা করেছে দেশটির কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই)। অভিযুক্ত ওই বাংলাদেশীর নাম রুহেল চৌধুরী। তার বিরুদ্ধে নিউইয়র্কে দুজনকে অপহরণ, নির্যাতন, যৌন নিপীড়ন এবং মুক্তিপণের জন্য হুমকি দেওয়ার ঘটনায় জড়িত থাকার

নিউইয়র্কে অপহরণের ঘটনা

অভিযোগ রয়েছে। গত শুক্রবার (১ মার্চ) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম নিউইয়র্ক ডেইলি নিউজ। এছাড়াও বিশ্বখ্যাত দ্যা নিউইয়র্ক টাইমস-এ খবরটি প্রকাশিত হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, গত বছর কুইন্সের রাস্তা থেকে দু'জনকে অপহরণের ঘটনায় জড়িত সাতজন সন্দেহভাজনের মধ্যে ৩৪ বছর বয়সী রুহেল চৌধুরী হচ্ছে শেষ ব্যক্তি। এছাড়া ৩৪ বছর বয়সী এই বাংলাদেশীকে ধরিয়ে দিতে গত ১ মার্চ এফবিআই একটি (বাকি অংশ ১৩ পাতায়)

অভিবাসীদের অপরাধমূলক কর্মকান্ড আইসিইকে সহযোগিতার আহ্বান মেয়র এডামস'র

বাংলা পত্রিকা ডেস্ক: অভিবাসীদের অপরাধমূলক কর্মকান্ড নিয়ন্ত্রনে ইমিগ্রেশন অফ কাস্টমস এনফোর্সমেন্টকে সহয়োগিতা করার আহ্বান জানিয়েছেন মেয়র এরিক অ্যাডামস। গত (বাকি অংশ ১১ পাতায়)

বেইলী রোডের অগ্নিকান্ডে যুক্তরাষ্ট্র প্রবাসী আতাউর রহমান শামীমের মৃত্যু



নিউইয়র্কঃ বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের দ্বৈত নাগরিক আওয়ামী লীগ নেতা, নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ (বাকি অংশ ০৩ পাতায়)

বর্ণাঢ্য আয়োজনে ফ্লোরিডায় দু'দিনব্যাপী অনুষ্ঠিত হলো ২৮তম এশিয়ান এক্সপো

বাংলাদেশীসহ ভিনদেশীদের মিলনমেলা সৌহার্দ্য-সম্প্রীতির দৃষ্টান্ত



ফ্লোরিডায় অনুষ্ঠিত ২৮তম এশিয়ান এক্সপো মেলা। ছবি-বাংলা পত্রিকা

বিশেষ প্রতিনিধি: বর্ণাঢ্য আয়োজনে ফ্লোরিডায় অনুষ্ঠিত হলো দুদিনব্যাপী ২৮তম এশিয়ান এক্সপো। শনিবার ও রোববার (২-৩ মার্চ) সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে (বাকি অংশ ০৩ পাতায়)

২০২৩ সালে ইইউতে ১১ লাখ ৪০ হাজার আশ্রয় আবেদন

বাংলা পত্রিকা ডেস্ক: ইউরোপীয় ইউনিয়নে ২০১৫-১৬ সালের শরণার্থী সংকটের পর আশ্রয়আবেদনের সর্বোচ্চ রেকর্ড হয়েছে গত বছর অর্থাৎ ২০২৩ সালে। গত মঙ্গলবার শরণার্থীবিষয়ক সংস্থা ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলামের ইইউএএ (বাকি অংশ ১১ পাতায়)

নিরাপত্তা পরিষদে ইসরায়েলের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব

আবারো যুক্তরাষ্ট্রের ভেটো

বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ত্রাণের জন্য অপেক্ষারত লোকজনের ওপর ইসরায়েলি বাহিনীর (বাকি অংশ ০৯ পাতায়)

নিউইয়র্কের ছোটো ব্যবসায়গুলোর জন্য অনুদান ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের ছোটো ব্যবসায় প্রতিষ্ঠানগুলোর জন্য কয়েক হাজার ডলারের নতুন অনুদান ঘোষণা করেছে সিটি কর্তৃপক্ষ। গত ২৫ ফেব্রুয়ারী রোববার (বাকি অংশ ১১ পাতায়)

নিউইয়র্কের ৮০ শতাংশ পরিবার শিশুর যত্ন নিতে অক্ষম

বাংলা পত্রিকা ডেস্ক: মূল্যস্ফীতি এবং অর্থনৈতিক সংকটের কারনে নিউইয়র্কের ৮০ শতাংশ পরিবার শিশুদের যত্ন নিতে পারছেনা। মঙ্গলবার পাবলিক থিঙ্ক ফাইভ ট্যাঙ্ক (বাকি অংশ ১১ পাতায়)

দানবীয় তুষার ঝড়ের কবলে ক্যালিফোর্নিয়া

বাংলা পত্রিকা ডেস্ক: দানবীয় তুষারঝড়ের কবলে পড়েছে ক্যালিফোর্নিয়া। শনিবার (২ মার্চ) রেকর্ড করা হয়েছে ৪৭ ইঞ্চি পর্যন্ত তুষারপাত। বাতাসের গতি ঘণ্টায় প্রায় দু'শো (বাকি অংশ ০৯ পাতায়)

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

বর্ণাঢ্য আয়োজনে ফ্লোরিডায় দু'দিনব্যাপী অনুষ্ঠিত হলো ২৮তম এশিয়ান এক্সপো

বাংলাদেশীসহ ভিনদেশীদের মিলনমেলা সৌহার্দ্য-সম্প্রীতি দৃষ্টান্ত












(প্রথম পাতার পর)

আয়োজিত এ বর্ণাঢ্য মেলার উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী র, আ, ম, ওবায়দুল মোক্তাদির চৌধুরী। বিমেষ অতিথি ছিলেন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আ-ফজালুর রহমান বাবু। এছাড়াও স্থানীয় সিটি মেয়র সহ জনপ্রতিনিধি, মূলধারার রাজনীতিক ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ আমন্ত্রিত অতিথি ছিলেন। প্রতিবারের মত এ মেলার আয়োজন করে বাংলাদেশ এসোসিয়েশন অব ফ্লোরিডা। বাংলাদেশীসহ ভিনদেশীদের মিলনমেলা সৌহার্দ্য-সম্প্রীতি দৃষ্টান্ত স্থাপন করে বলে অনেকেই অভিমত ব্যক্ত করেছেন।

অনুষ্ঠানে মন্ত্রী র, আ, ম, ওবায়দুল মোক্তাদির চৌধুরী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নততর বাংলাদেশ নির্মাণে প্রবাসীদের আরো বেশী করে বাংলাদেশে বিনিয়োগ এবং যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতির সাথে আরো বেশী সম্পৃক্ত হওয়ার আহবান জানান।



উদ্বোধনের আগে শুক্রবার রাতে অনুষ্ঠিত হয় গালা ডিনার নাইট। বিপুল সংখ্যক মানুষের উপস্থিতিতে অনুষ্ঠানটি বাংলাদেশী ও সাউথ এশিয়ান কমিউনিটির মিলনমেলায় পরিণত হয়েছিলো। বাংলাদেশ ছাড়াও সাউথ এশিয়ার বিভিন্ন দেশের অভিবাসীরা যোগ দেন এ মিলনমেলায়। সাংস্কৃতিক অনুষ্ঠানজুড়ে ছিলো বাংলাদেশী সংস্কৃতির প্রাধান্য। বাংলা গান, নাচ আর নানা ধরনের পরিবেশনায় ফ্লোরিডার ফেয়ার গ্রাউন্ড পরিণত হয়েছিলো প্রবাসে একখন্ড বাংলাদেশ। বাংলাদেশ ও সাউথ এশিয়ান বিভিন্ন কমিউনিটির খাবার, পোশাক এবং নিত্যপণ্যের ৩০টি স্টল ছিলো মেলায়।

মেলার কনভেনর সঞ্জয় সাহার সভাপতিত্বে ও সদস্য সচিব এস আই জুয়েলের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে ফ্লোরিডার বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধি, মূল ধারার রাজনীতিক এবং বিভিন্ন কমিউনিটির প্রতিনিধিরা বক্তব্য রাখেন। আয়োজকদের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি এডভোকেট এম, রহমান জহির, সিনিয়র সহ-সভাপতি রানা হক, কো-কনভেনর মোহাম্মদ আলমগীর, ইভেন্ট চেয়ারম্যান মোহাম্মদ নাজমুল হক রনি, সংগঠনের পরিচালকমন্ডলীর সদস্য ও সাবেক কনভেনর নূরুদ্দিন শেখ, কো-চেয়ারম্যান আশরাফ কামাল, কো-চেয়ারম্যান ডা. আনোয়ারুল করিম, চীফ কোর্ডিনেটর মোহাম্মদ সাজ্জাদ হাসান, ম্যাগাজিন চেয়ারম্যান মীর রাসেল, চন্দন দাস, শামীম আহমেদ, প্রতিষ্ঠকালীন সাধারণ সম্পাদক এম. ফজলুর রহমান, দিনাজ খান, নান্নু আহমেদ, ওসমান চৌধুরী অপু, মোহাম্মদ আলমগীর, রানা খান, ইফতেখার চৌধুরী রিংকু, মোহাম্মদ মুজিব উদ্দিন সহ কমিউনিটির অন্যান্য নেতৃবৃন্দ।

মেলা অনুষ্ঠানের মূল পর্বে অতিথি ছাড়াও কমিউনিটি বিশেষ অবদান রাখার জন্য বিশিষ্টজনকে ক্রেষ্ট প্রদান করা হয়। মেলার সাংস্কৃতিক পর্বে 'ব্লাক ডায়মন্ড খ্যাত' বাংলাদেশের জনপ্রিয় শিল্পী বেবী নাজনীন সহ বিভিন্ন দেশের শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানের বিশেষ পর্ব উপস্থাপনা করেন টিভি নিউজ প্রেরজন্টার শামসুন্নাহার নিম্মি।

দু'দিনব্যাপী বর্ণাঢ্য এই আয়োজনমালার মিডিয়া পার্টনার ছিলো টাইম টেলিভিশন। প্রতিদিন টাইম টিভি মেলার মূল পূর্ব সরাসরি সম্প্রচার করে।





অগ্নিঝরা মার্চ শুরু

(প্রথম পাতার পর)

দ্রোহ-ক্ষোভে বঞ্চিত-শোষিত বাঙালী তখন ক্রমেই ফুঁসে উঠছিল ঔপনিবেশিক পাকিস্তানী শাসক-শোষকদের বিরুদ্ধে। প্রদেশের বেসামরিক শাসনব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়ে। এদিন রেডিও পাকিস্তান ঢাকা কেন্দ্র 'ঢাকা বেতার কেন্দ্র' এবং পাকিস্তান টেলিভিশন 'ঢাকা টেলিভিশন' হিসাবে সম্প্রচার শুরু করে। আন্দোলনের পাশাপাশি ৭ মার্চের জনসভা সফলে আওয়ামী লীগের সিনিয়র নেতারা দফায় দফায় বৈঠকে বসেন। তৎকালীন রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) চলতে থাকে জনসভার প্রস্তুতি। পাশাপাশি ঢাকাসহ সারা দেশেই গঠন হতে থাকে সংগ্রাম কমিটি।

মুক্তিযুদ্ধ জাদুঘরের ওয়েবসাইটের তথ্যমতে, ১৯৭১ সালের এই দিনে জাতীয় পরিষদ অধিবেশন স্থগিত ঘোষণা ও গণহত্যার প্রতিবাদে আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে ঢাকাসহ সারা বাংলায় সকাল ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত সর্বাত্মক হরতাল পালিত হয়। প্রদেশের বেসামরিক শাসনব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়ে। হরতাল চলাকালে খুলনায় সেনাবাহিনীর গুলিতে ৬ জন শহীদ হন। চট্টগ্রামে দুদিনে প্রাণহানির সংখ্যা দাঁড়ায় ১২১ জনে। বঙ্গবন্ধুর আহ্বানের পর স্বাধিকার আন্দোলনে গুলিতে আহত মুমূর্ষু বীর সংগ্রামীদের প্রাণরক্ষার্থে শত শত নারীপুরুষ ও ছাত্রছাত্রী ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করে ঢাকা মেডিকেল কলেজের ব্লাড ব্যাংকে স্বেচ্ছায় রক্তদান করেন।

বেতার-টেলিভিশনশিল্পীরা ঘোষণা করেন, যতদিন দেশের জনগণ ও ছাত্রসমাজ সংগ্রামে লিপ্ত থাকবেন, ততদিন 'বেতার ও টেলিভিশন অনুষ্ঠানে তারা অংশ নেবেন না। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক বিবৃতিতে বলেন, চরম ত্যাগ স্বীকার ছাড়া কোনোদিন কোনো জাতির মুক্তি আসেনি। তিনি উপনিবেশবাদী শোষণ ও শাসন অব্যাহত রাখার ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বানে সাড়া দেওয়ায় বীর জাতিকে অভিনন্দন জানান।

আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৫ ও ৬ মার্চ সকাল ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত হরতাল পালনের আহ্বান জানিয়ে বলেন, যেসব সরকারি ও বেসরকারি অফিসে কর্মচারীরা এখনো বেতন পাননি, শুধু বেতন প্রদানের জন্য সেসব অফিস আড়াইটা থেকে সাড়ে ৪টা পর্যন্ত খোলা থাকবে। করাচি প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এয়ার মার্শাল (অব.) আজগর খান দেশকে বিচ্ছিন্নতার হাত থেকে রক্ষার উদ্দেশ্যে সংখ্যাগরিষ্ঠ দল আওয়ামী লীগের কাছে অবিলম্বে ক্ষমতা হস্তান্তরের দাবি জানান।

পিডিপি প্রধান নূরুল আমীন এক বিবৃতিতে ১০ মার্চ রাজনৈতিক নেতাদের সম্মেলনে যোগদানের আমন্ত্রণ প্রত্যাখ্যান করে প্রেসিডেন্টের প্রতি অবিলম্বে জাতীয় পরিষদের অধিবেশন ঢাকায় আহ্বান করার দাবি জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ও বিশ্ববিদ্যালয়ের ৫৫ জন শিক্ষক পৃথক বিবৃতিতে ঢাকার 'পাকিস্তান অবজারভার' পত্রিকার গণবিরোধী ভূমিকায় ক্ষোভ প্রকাশ করেন।

বেইলী রোডের অগ্নিকান্ডে যুক্তরাষ্ট্র প্রবাসী আতাউর রহমান শামীমের মৃত্যু

(প্রথম পাতার পর)

এডভোকেট আতাউর রহমান শামীম ঢাকার বেইলী রোডের রেস্টুরেন্টে সংগঠিত অগ্নিকান্ডে মৃত্যুবরণ করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার সন্তান শামীম এক সময় যুক্তরাষ্ট্র প্রবাসী ছিলেন। তিনি দীর্ঘদিন ধরে ঢাকায় স্থায়ীভাবে বসবাস করছিলেন এবং কেন্দ্রীয় আওয়ামী লীগের উপ কমিটির সদস্য ছিলেন। তার স্ত্রী-কন্যা নিউইয়র্কে বসবাস করেন। বর্তমানে তারা দেশে বেড়াতে গেছেন। আতাউর রহমান শামীম নিউইয়র্ক থেকে প্রকাশিত অধুনালুপ্ত সাপ্তাহিক গণবাংলা পত্রিকা'র সম্পাদক ছিলেন। খবর ইউএনএ'র।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাবেক আইন বিষয়ক সম্পাদক আতাউর রহমান শামীম একসময় দীর্ঘদিন নিউইয়র্কে সপরিবারে বসবাস করেছেন। অগ্নিকান্ডের ঘটনার সময় সেগুনবাগিচার বাসা থেকে বের হয়ে গ্রিনকজি কটেজ ভবনের দ্বিতীয় তলায় একটি রেস্টুরেন্টে কফি পান করতে গিয়েছিলেন এডভোকেট আতাউর রহমান শামীম। এসময় অগ্নিকান্ডের ধোয়ার কুন্ডুলিতে পড়ে তিনি মারা যান। বর্তমানে তার স্ত্রী ও একমাত্র কন্যা বাংলাদেশে অবস্থান করছেন বলে জানিয়েছে তার পরিবারের সাথে ঘনিষ্ঠ সূত্র। আতাউর রহমান শামীমের বাড়ি মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলায়।

শোক প্রকাশ: এদিকে ঢাকায় বেইলী রোডের অগ্নিকান্ডের ঘটনায় নিউইয়র্ক প্রবাসী বিশিষ্ট ব্যক্তিবর্গ এডভোকেট আতাউর রহমান শামীম সহ দূর্ঘটনায় মর্মান্তিকভাবে নিহতদের গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক জিলুর রহমান জিলু, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ আহমেদ সোহাগ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ, বিভক্ত এসোসিয়েশনের 'শাহীন-মইনুল' অংশের সাধারণ সম্পাদক মইনুল ইসলাম, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগ নেতা দরুদ মিয়া রনেল, আবৃত্তি শিল্পী আনোয়ারুল লাভলু, কবি সুফিয়ান চৌধুরী প্রমুখ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

নিউইয়র্কে আশা হোম কেয়ারের বষ পূর্তি অনুষ্ঠানে মেয়র এরিক অ্যাডামস

বয়স্ক সেবার নামে যারা যথাযথ সেবা দিবে না, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

নিউইয়র্ক: নিউইয়র্কে বাংলাদেশী মালিকানাধীন বয়স্ক সেবা প্রতিষ্ঠান আশা হোম কেয়ার ও আশা সোসাল এডাল্ট ডে কেয়ারের ষষ্ঠ বর্ষপূর্তি অনুষ্ঠানে সিটি মেয়র এরিক অ্যাডামস বলেছেন নিউইয়র্কে কমিউনিটির বয়স্কদের সেবায় অনন্য অবদান রাখছে আশা হোম কেয়ার ও ডে কেয়ার। আশা করি সেবার মানে তারা আরো এগিয়ে যাবে। আমি এই প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট ও চেয়ারম্যানকে ধন্যবাদ জানাই। তিনি বলেন, বয়স্ক সেবার নামে সিটির অর্থ এনে যারা যথাযথ সেবা দিবে না। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। গত ২৩ ফেব্রুয়ারী শুক্রবার সন্ধ্যায় ওয়ার্ল্ডফেয়ার মেরিনাতে আশা হোম কেয়ারের বর্ষপূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এরিক এডামসএসব কথা বলেন।





অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট এসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩০'র এসেম্বলী মেম্বার স্টিভেন রাগা। এছাড়াও কমিউনিটির বয়স্ক সেবায় অনন্য অবদানের জন্য আশা হোম কেয়ার ও আশা সোসাল এডাল্ট ডে কেয়ারকে নিউইয়র্ক সিটি মেয়র ও স্টেট এসেম্বলীর অফিসিয়াল প্রক্লোমেশন প্রদান করা হয়।

বর্ণাঢ্য এই আয়োজনে সিটি মেয়রের প্রশাসনিক কর্মকর্তা মীর বাশার, এশিয়ান লিয়াজো অফিসার, নিউইয়র্ক পুলিশের ইন্সপেক্টর আদেল রানা, ক্যাপ্টেন হামিদ আরমানী, সার্জেন্ট আব্দুল লতিফ, ডিডেক্টিভ অফিসার সারোয়ার জামিল, লং টার্ম কেয়ারের কর্মকর্তাবৃন্দসহ নিউইয়র্ক স্টেট ও সিটি প্রশাসনের উর্ধতন কর্মকর্তাবৃন্দ অংশ নেন।

অনুষ্ঠানে কমিউনিটির নেতৃবৃন্দকে নিয়ে বেলুন উড়িয়ে ও ফিতা কেটে ষষ্ঠ বর্ষ'র উদ্বোধন করেন আশা হোম কেয়ার, আশা সোসাল ডে কেয়ার ও আশা চ্যারিটি ফাউন্ডেশন প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার আকাশ রহমান ও চেয়ারম্যান ঈশা রহমান। শুরুতে পবিত্র কোরআন তেলোয়াত ও গীতা পাঠের পর স্বাগত বক্তব্য রাখেন আকাশ রহমান ও ঈশা রহমান।

অনুষ্ঠানে আগত অতিথিদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে ইঞ্জিনিয়ার আকাশ রহমান বলেন, নিউইয়র্কে হোম কেয়ার বা সোসাল ডে সেবায় আমি নিজেকে অত্যন্ত সৌভাগ্যবান মনে করি। বলেন, নিউইয়র্কের সকল মিডিয়ার সুপ্রচারের কারনেই অতি অল্প সময়ে আশা হোম কেয়ার দ্রুত পরিচিতি লাভ করেছে। মিডিয়ার সহযোগিতা ছাড়া এতটুকু আসা অসম্ভব। তিনি বলেন, অভিভাবকের মত যখন চেয়েছি। তখনই আপনাদের পাশে পেয়েছি।

তিনি তার সহকর্মীদেও প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, যাদের অক্লান্ত শ্রম আশা'র আজকে ফসল। অসম প্রতিযোগিতায় আমরা বিশ্বাস করি না। আশা হোম কেয়ারের প্রতিযোগি শুধু আশা হোম কেয়ার। আপনারা সকলেই আশা গ্রুপের একজন অংশীদার। সবার সহযোগিতা পেলে ভবিষ্যতে আরো অনেকদুর এগিয়ে যাবে আশা পরিবার।

বক্তব্যের পর আকাশ রহমান ও ঈশা রহমানকে শতাধিক ব্যক্তি ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পুরো অনুষ্ঠানের সার্বিক পরিচালনা করেন আশা'র ভাইস প্রেসিডেন্ট কমিউনিটি নেতা আবুল কাশেম। এছাড়াও আশা হোম কেয়ার ও আশা সোসাল এডাল্ট ডে কেয়ার'র স্বল্প সময়ের সফলতার সংক্ষিপ্ত বিবরনী তুলে ধরেন সাংবাদিক এস এম সোলায়মান। এরপর আশা হোম কেয়ার ও ডে কেয়ারের উপর স্বল্পদৈর্ঘ্য প্রামান্য চিত্র প্রচার করেন সাংবাদিক সৌরভ ঈমাম। অফিসিয়াল পারমন্সের জন্য আশা হোম কেয়ার ও ডে কেয়ারের কর্মকর্তাদের সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়। নিউইয়র্ক স্টেটে অ্যাসেম্বলীমেম্বার স্টিভেন রাগার হাত থেকে সংশ্লিস্টরা সম্মাননা ক্রেষ্ট গ্রহন করেন।

সহকর্মী ও শুভাকাংখীদের নিয়ে ষষ্ঠ বর্ষের কেক কেটে অতিথিদের ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন ইঞ্জিনিয়ার আকাশ রহমান। আগামীতে আরো ভিন্ন রকমে ৭ম বর্ষ আয়োজনের আশা ব্যক্ত করেন চেয়ারম্যান ঈশা রহমান। তিনি বলেন, আশা গ্রুপের পরিকল্পনায় রয়েছে এটিভি ইউএসএ, নার্সিং হোম, নার্সিং ট্রেনিং সেন্টার, নিজস্ব ডে কেয়ার ভবন ও থেরাপী সেন্টার।

কমিউনিটির জনপ্রিয় সঞ্চালক শারমিন সোনিয়া ও রুহুল সরকারের সঞ্চালনায় নৃত্য ও সংগীত পরিবেশন করেন জেরিন মাঈশা, চন্দন চৌধুরী, নিপা জামান, ত্রিনিয়া হাসান এবং কাজল। -প্রেস বিজ্ঞপ্তি।

MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address: 127-14 101 Avenue Queens, NY 11419
EXIT REALTY PRIME
ThInkIng of BUYING-SELLING, INVEST, RENT Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com



বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

ঢাকার বেইলি রোডে অগ্নিকান্ড

বাংলাদেশের রাজধানী ঢাকার বেইলি রোডের গ্রিন কোজি কটেজ ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনায় ৪৬ জনের মৃত্যু হয়েছে। মৃত্যুবরণকারীদের মধ্যে নিউইয়র্কের পরিচিত মুখ, বাংলাদেশ-আমেরিকার নাগরিক আতাউর রহমান শামীমও রয়েছেন। অগ্নিকান্ডে বাণিজ্যিক ভবনে মৃত্যুঝুঁকির বিষয়টি আবার সামনে এসেছে। ভবনটিতে ছিল না কোনো অগ্নিনিরাপত্তার ব্যবস্থা।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) জানিয়েছে, ভবনটিতে রেস্তোরাঁ বা পণ্য বিক্রয় কেন্দ্র প্রতিষ্ঠার কোনো অনুমোদন ছিল না। ফায়ার সার্ভিসের পক্ষ থেকে ঝুঁকিপূর্ণ জানিয়ে তিনবার চিঠি দেওয়া হলেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। রাজধানী ঢাকার অধিকাংশ ভবন উঠেছে রাজউক ও ফায়ার সার্ভিসের নিয়মনীতি পুরো-পুরি না মেনে। এসব ভবনে অগ্নিসংকেতের ব্যবস্থা নেই। নেই পর্যাপ্ত পানি ও আগুন নেভানোর প্রয়োজনীয় ব্যবস্থা। থাকে না পর্যাপ্ত সিঁড়ি। আবার অনেক সিঁড়ি উন্মুক্ত নয়। বাণিজ্যিক ভবনে সিঁড়িতেও বসানো হয়েছে দোকানপাট-গুদাম। এসব ভবন মালিকরা ছাদে রেস্টুরেন্টসহ বাণিজ্যিক দোকান ভাড়া দিয়ে থাকেন। নেই জননিরাপত্তার কোনো ব্যবস্থা। সব মিলিয়ে ঢাকার বহুতল বাণিজ্যিক ভবনগুলো অগ্নিকান্ড ঝুঁকিতে রয়েছে। এগুলো যেন এক একটা মৃত্যুফাঁদ। ভবন মালিকরা লাভের স্বার্থে ছাদও ভাড়া দিয়ে দেন। যেগুলোর অধিকাংশই রেস্টুরেন্ট হিসেবে ব্যবহার করা হয়। ফলে কোনো দুর্ঘটনা ঘটলে ছাদে যে আশ্রয় নেবে সেই সুযোগও থাকে না।

বিশেষজ্ঞরা বলছেন, ভবন মালিকরা একটু জায়গাও ছাড়তে চান না। সিঁড়ি, ছাদ, ভবনের শেড ব্যাকসহ যে জায়গাটুকু খালি থাকে সবগুলোয় ব্যবসা কেন্দ্র। একই সঙ্গে রাখে না অগ্নিদুর্ঘটনা রোধে বিভিন্ন সরঞ্জাম। ফলে দিনকে দিন বেড়েই চলেছে আগুনের ঝুঁকি। ঢাকায় একের পর এক বড় বড় অগ্নিকান্ডের ঘটনা ঘটছে। অকালে ঝরছে শত শত প্রাণ। এসব ঘটনায় কোনো গাফিলতি রয়েছে কি না সেটা যেমন পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত হচ্ছে না, অন্যদিকে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি না হওয়ায় বারবারই এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি হচ্ছে। এ ধরনের দুর্ঘটনা রোধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মনিটরিং জোরদার করতে হবে। যারা রাজউক ও ফায়ার সার্ভিসের নিয়ম-নীতি মানছে না তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। চাই আইনের কঠোর প্রয়োগ।

গাজা গণহত্যা : অ্যারন বুশনেলের প্রতিবাদ বৃথা যাবে না

॥ ক্রিস হেজেস ॥

অ্যারন বুশনেল যখন লাইভস্ট্রিমে যাওয়ার জন্য তাঁর মোবাইল ফোনটি মাটিতে রেখেছিলেন এবং ওয়াশিংটনে ইসরায়েলি দূতাবাসের সামনে নিজের গায়ে আগুন ধরিয়ে মৃত্যুবরণ করলেন, তখন তিনি আসলে চরমপন্থি শয়তানের বিরুদ্ধে ঐশ্বরিক এক সহিংসতার নজির স্থাপন করেছেন। তিনি গাজায় চলমান গণহত্যা পরিচালনাকারীদের অন্যতম মার্কিন বিমানবাহিনীর একজন সক্রিয় সদস্য ছিলেন। এ বাহিনী নৈতিক দিক থেকে নাৎসি বাহিনীর ইহুদি নিধনযজ্ঞে যারা (জার্মান সৈনিক, প্রযুক্তিবিদ, প্রকৌশলী, বিজ্ঞানী, আমলা) সহযোগিতা করেছিলেন, তাদের চেয়ে কম দোষী নয়।

দূতাবাসের গেটের দিকে হেঁটে যাওয়ার সময় ভিডিও বার্তায় তিনি শান্তভাবে বলেছিলেন, 'আমি আর এক মুহূর্তও গণহত্যায় জড়িত থাকব না। আমি প্রতিরোধের চরম একটি পথ বেছে নিতে যাচ্ছি। কিন্তু ঔপনিবেশিক দখলদারের হাতে ফিলিস্তিনের অধিবাসীরা যে পরিস্থিতির সম্মুখীন, তার তুলনায় এই প্রতিবাদ মোটেও চরম কিছু নয়। আমাদের শাসকগোষ্ঠী এ পরিস্থিতিকেই স্বাভাবিক বলে গ্রহণ করেছে।'

তরুণরা অসংখ্য কারণে সামরিক বাহিনীতে যুক্ত হন। কিন্তু কাউকে অনাহারে রাখা, বোমা মারা এবং নারী ও শিশুদের হত্যার উদ্দেশ্যে কেউই এ কাজে যোগ দেন না। একটি ন্যায়ভিত্তিক বিশ্বে খাদ্য, আশ্রয় ও ওষুধ পৌঁছে দিতে আমেরিকান নৌবহরের গাজায় ইসরায়েলি অবরোধ ভেঙে দেওয়া এবং গাজা থেকে ইসরায়েলি সৈন্য তুলে নিতে দেশটিকে চূড়ান্তভাবে জানিয়ে উচিত নয় কি? বোমাবর্ষণ থামিয়ে দিতে আমেরিকান যুদ্ধবিমানের গাজায় নো ফ্লাই জোন জারি করা উচিত নয় কি? ইসরায়েলকে অস্ত্র সরবরাহসহ বিলিয়ন অর্থের সামরিক ও গোয়েন্দা সহযোগিতা দেওয়া বন্ধ করা উচিত নয় কি? গণহত্যায় জড়িত ও তার সমর্থকদের জবাবদিহির মুখোমুখি করা উচিত নয় কি?

বুশনেলের মৃত্যু আমাদের এসব প্রশ্নের মুখে দাঁড় করিয়ে দিয়েছে। আত্মাহুতি দেওয়ার আগমূহূর্তে তিনি এ কথাই পোস্ট করেছিলেন, "দাস যুগে বেঁচে থাকলে আমি কী করতাম? অথবা 'জিম ক্রো সাউথ' কিংবা বর্ণবৈষম্যকালে আমার ভূমিকাই বা কী হতো? অথবা আমার দেশ গণহত্যা চালালে আমার কী করা উচিত? উত্তর হলো: আপনি এই মুহূর্তে এটাই করছেন।"

১৯৯১ সালে প্রথম উপসাগরীয় যুদ্ধের পর আমেরিকান নেতৃত্বাধীন জোট বাহিনী কুর্দিদের রক্ষা করতে ইরাকের উত্তরাংশে হস্তক্ষেপ করেছিল। কুর্দিরা নিদারুণ ভোগান্তিতে ছিল, কিন্তু গাজার গণহত্যার তুলনায় তা নিতান্তই কম। সে সময় ইরাকি বিমানবাহিনীর ওপর নো ফ্লাই জোন আরোপ করা হয়। গণহত্যা তখনই নারকীয়, যখন তা আমাদের শত্রুদের দ্বারা সংঘটিত হয়। আর মিত্রদের বেলায় আমরা তাদের পক্ষ নিই এবং তা টিকিয়েও রাখা হয়।

জার্মান দার্শনিক ওয়াল্টার বেনজামিনের বন্ধু ফ্রিটজে হেইনলে ও রিকা সেলিগসন ১৯১৪ সালে জার্মান সমরবাদ ও প্রথম বিশ্বযুদ্ধের প্রতিবাদে আত্মহত্যা করেছিলেন। বেনজামিন তাঁর 'ক্রিটিক অব ভায়োলেন্স বা সহিংসতার পর্যালোচনা' প্রবন্ধে র‍্যাডিকেল বা চরমপন্থি শয়তানদের বিরুদ্ধে সহিংসতা প্রতিবাদ নিয়ে পর্যালোচনা করেছেন। চরমপন্থি



শয়তানের যে কোনো বিরুদ্ধাচরণকে তা ন্যায়বিচারের নামে আইন ভঙ্গ বলে ঘোষণা দেয়। তবে এ প্রতিবাদ ব্যক্তির সার্বভৌমত্ব ও মর্যাদাকে নিশ্চিত করে। এর মধ্য দিয়ে রাষ্ট্রের নিপীড়নমূলক সহিংসতার নিন্দা জানানো হয়। পদক্ষেপটি প্রতিবাদকারীকে মৃত্যুমুখে ধাবিত করে। বেনজামিন প্রতিরোধের এই চরম অবস্থাকে 'ঐশ্বরিক সহিংসতা' বলেছেন। বেনজামিন লিখেছেন, 'কেবল আশাহতদের আশা দিতেই আমরা এর আশ্রয় নিই।'

সামাজিক যোগাযোগামাধ্যমের পাশাপাশি মূলধারার সংবাদমাধ্যমে ব্যাপক নিষেধাজ্ঞার শিকার বুশনেলের আত্মাহুতি এমনই একটি প্রতিবাদ। এর মানে হলো, ঘটনাটি এখনও জানা যায়নি। বুশনেল নিজের জীবনপ্রদীপ এমনভাবে নিভিয়ে দিয়েছেন, যেভাবে হাজার হাজার ফিলিস্তিনির জীবন নিভে যাচ্ছে; যেখানে শিশুরাও বাদ যায়নি। আমরা তাঁকে আগুনে জ্বলে মরতে দেখেছি। ঠিক একই ঘটনা আমাদের কারণে ফিলিস্তিনিদের সঙ্গেও ঘটছে।

বুশনেলের আত্মাহুতি ১৯৬৩ সালে ভিয়েতনামের বৌদ্ধভিক্ষু থিক কুয়াং ডুক কিংবা ২০১০ সালে তিউনিসিয়ার তরুণ ফল বিক্রেতার ঘটনার মতোই। এতে রাজনৈতিক বার্তা রয়েছে এবং দর্শকদের ঝিমুনি কেটে দেয়। এ ঘটনা দর্শকদের মনগড়া ধারণাকে প্রশ্ন করতে এবং সক্রিয় হতে বাধ্য করে।

যেদিন করপোরেট ও বর্ণবাদী ইসরায়েলি রাষ্ট্র ধ্বংস হবে, সেদিন যে রাস্তায় বুশনেল নিজের গায়ে আগুন ধরিয়ে দিয়েছেন, সেখানে তাঁর নাম লেখা হবে। জান পালাছের মতো তিনিও নৈতিক সাহসের জন্য সম্মানিত হবেন। অধিকাংশ বিশ্ববাসীর প্রতারণার শিকার ফিলিস্তিনিরা বুশনেলকে বীর হিসেবে দেখছেন। তাঁর কারণেই আমাদের দানবে পরিণত করা যাবে না।

ঐশ্বরিক সহিংসতা দুর্নীতিগ্রস্ত ও প্রতারক শাসক শ্রেণিকে আতঙ্কগ্রস্ত করে তোলে। এটি তাদের নৈতিক স্খলনকে উদোম করে দেয় এবং এ বার্তা দেয়- সবাই ভয়ে স্থবির হয়ে পড়েনি। এর মধ্যে চরমপন্থি শয়তানদের বিরুদ্ধে লড়াইয়ের আহ্বান শোনা যায়। বুশনেল এটাই চেয়েছিলেন। তাঁর আত্মত্যাগ আমাদের কল্যাণেরই কথা বলে।

ক্রিস হেজেস: পুলিৎজার পুরস্কারপ্রাপ্ত মার্কিন সাংবাদিক; দ্য ক্রিস হেজেস রিপোর্ট থেকে অনুবাদ করেছেন ইফতেখারুল ইসলাম

নামাজের সময়-সূচী

মার্চ	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০
ফজর	৫.০৮	৫.০৭	৫.০৫	৫.০৩	৫.০২	৫.০০	৬.০০
সূর্যোদয়	৬.২৩	৬.২২	৬.২০	৬.১৮	৬.১৭	৬.১৫	৭.১৫
জোহর	১২.০৭	১২.০৭	১২.০৭	১২.০৭	১২.০৬	১২.০৬	১.০৬
আসর	৪.০৭	৪.০৮	৪.০৯	৪.১০	৪.১১	৪.১২	৫.১২
মাগরিব	৫.৫১	৫.৫২	৫.৫৩	৫.৫৪	৫.৫৫	৫.৫৭	৬.৫৭
এশা	৭.০৬	৭.০৭	৭.০৯	৭.১০	৭.১১	৭.১২	৮.১২

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

বেইলি রোড আগুনের দোষটা কার

॥ নঈম নিজাম ॥



সবকিছুর দাম বাড়ছে, মানুষের জীবন ছাড়া। বেইলি রোডের ভয়াবহ আগুনে ৪৬ জনের মৃত্যু হয়েছে। এই মৃত্যুর দায় কার? ভবন মালিক, রেস্টুরেন্ট ব্যবসায়ী, ফায়ার সার্ভিস? রাজউক? নাকি আমাদের পুরো সিস্টেমের? কমবেশি সবার অবহেলার নিষ্ঠুর খেসারত দিতে হলো। কোনোভাবে এত মৃত্যু, এত আগুন মেনে নিতে পারছি না। রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, "আছে দুঃখ, আছে মৃত্যু, বিরহদহন লাগে/ তবুও শান্তি, তবু আনন্দ, তবু অনন্ত জাগে।" দোজখের আগুনের বিভীষিকা দুনিয়ার মানুষকে দেখতে হলো। অসহায় নারী ও শিশুর আর্তনাদ শোনার কেউ ছিল না। ফায়ার সার্ভিস উদ্ধার করল ৭৫ জনকে। বেঁচে থাকার আনন্দ দেখেছি তাদের চোখে-মুখে। মৃত্যু ও জীবনকে পাশাপাশি দেখেছে তারা। হয়তো সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করছে, এমন নরক যন্ত্রণা মানুষের জীবনে যেন আর না আসে। শুক্রবার ছুটির দিনে স্বজনহারাদের আহাজারিতে ভারাক্রান্ত ছিল ঢাকা মেডিকেল। জীবিতরা বাকি জীবন বাঁচবে শুধুই অসহ্য যন্ত্রণা নিয়ে। ঘুমের ঘোরে তাদের চোখে ভাসবে আগুনের ভয়াবহ লেলিহান শিখা ছুটে আসছে। সন্তানহারা বাবা-মায়েরা বয়ে বেড়াবেন নিষ্ঠুর স্মৃতি। তাদের চোখের জলের স্রোত কোনো দিন থামবে না। অসহ্য একটা কষ্ট সারা জীবন বয়ে বেড়াবেন।

একটি পরিবারের পাঁচ সদস্য খেতে গিয়েছিলেন। আগুনে পুড়ে মারা গেলেন সবাই। ইতালি যাওয়ার কথা ছিল তাদের। পাসপোর্ট পড়ে আছে। তাদের আর যাওয়া হবে না ইতালি। অবুঝ সন্তানের খাওয়ার বায়না মেটাতে দুই সন্তানকে নিয়ে মা গিয়েছিলেন রেস্টুরেন্টে। কেউই আর ফিরলেন না। বুয়েটের দুজন মেধাবী ছাত্রছাত্রী মৃত্যুবরণ করল। তারাও গিয়েছিল অন্য সবার মতো। সাংবাদিকতায় আসা মেয়েটিও আর ফিরবে না সহকর্মীদের মাঝে। স্বপ্নগুলো পুড়ে ছাই হয়ে গেছে। বুকভাঙা কষ্ট নিয়ে সন্তান হারানো বাবা-মায়েরা সারা জীবন অপেক্ষা করবেন। তাদের সন্তানরা আর ফিরবে না। কবি রফিক আজাদ লিখেছেন, ... "পাখি উড়ে চলে গেলে পাখির পালক পড়ে থাকে।" একদিন আমরা কেউই থাকব না। চলে যাব এই দুনিয়া থেকে। তারপরও আগুনে পুড়ে এই অস্বাভাবিক মৃত্যু কোনোভাবে মেনে নিতে পারছি না। মেনে নেওয়া যায় না। এভাবে এতগুলো মানুষকে কেন আগুনে পুড়ে চলে যেতে হবে চিরতরে? কোন অনিয়মের ফাঁদে সর্বনাশ হলো অর্ধশত পরিবারের? এই ভয়াবহতার দায় কার?

জনঅরণ্যর ইটপাথরের নিষ্ঠুরতার এই শহরে বারবার ভয়াবহ দুর্ঘটনা ঘটছে। আগুনের ভয়াবহ লেলিহান শিখা কেড়ে নিচ্ছে সাধারণ মানুষের জীবন। তারপরও কেউ কোনো শিক্ষা নেয় না। প্রথম কিছুদিন কথা হয়। হইচই হয় কমবেশি। তারপর সবাই নিয়ম-অনিয়মের বেড়াজালে ভুলে যায় সবকিছু। পুরান ঢাকার বছর বছর আগুন দুর্ঘটনা কাউকে শিক্ষা দেয়নি। দুর্ঘটনা রোধে বাড়েনি মনিটরিং। ভবন মালিক, নির্মাতা প্রতিষ্ঠান, রাজউকের অতি লোভ সব শেষ করে দিচ্ছে। যত্রতত্র বহুতল ভবনের নামে গড়ে উঠছে অগ্নিকূপ। ১০ থেকে ৪৫ তলার অনুমতি মিলছে পরিবেশ বিবেচনা না করেই। নিয়মনীতির বালাই নেই। আগুন নেভানোর ব্যবস্থা নেই। দায়িত্ববানদের অনিয়মে বারবার দুর্ঘটনা ঘটছে। বেইলি রোডের আগুনে পোড়া ভবনে কোনো ফায়ার এক্সিট ছিল না। ত্রুটি ছিল বিভিন্ন তলায়। মানুষের বেরোনোর পর্যাপ্ত পথ ছিল না। যারা ব্যবসা প্রতিষ্ঠান গড়েছিলেন তারাও বিরানি আর ভাত বিক্রি নিয়ে ব্যস্ত ছিলেন। মানুষের জীবন নিয়ে ভাবেননি। নিজেদের রক্ষার কথাও চিন্তা করেননি। হিংসার দুনিয়াতে সবার সবকিছু আছে। শুধু মানুষকে রক্ষার কথা ভাবেন না কেউ। ব্যবসার সঙ্গে নেন না নিরাপত্তামূলক ব্যবস্থা। মনিটরিংয়ের দায়িত্বরত সংস্থাগুলোর লোকজন পয়সা পেলেই চলে। কোনো কিছু দেখার প্রয়োজন মনে করে না। পরিবেশের ছাড়পত্র প্রদানকারীরা কোথাও যান না। রাজউকের কোনো ভালো কাজের সুনাম নেই। নির্মাণাধীন ভবনে তারা যান তোলা তুলতে। মানুষকে হয়রানি করতে। ভবন মালিকরাও থাকেন জোড়াতালিতে। অস্বস্তিকর পরিবেশ কেউ দূর করে না। দায় সবাইকে নিতে হবে। অনুমতি প্রদানকারী সিটি করপোরেশনকেও।

বেইলি রোডের ঘটনার রেশ ধরে সংশ্লিষ্ট সব ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জবাবদিহির আওতায় আনতে হবে। জানি দুই দিন পর সবাই সব ভুলে যাবে। তদন্ত কমিটি লোকদেখানো একটা রিপোর্ট দেবে। ভবন মালিক কমবেশি দায়ী হবে। রাজউক, পরিবেশ অধিদফতর, সিটি করপোরেশন আড়াল হবে। রেস্টুরেন্টের অনুমতি প্রদানকারীদের ব্যর্থতা, অনিয়মে জড়িত থাকার রিপোর্টও হারিয়ে যাবে। অতীত ভীষণ নিষ্ঠুর। বঙ্গবাজার, চুড়িহাট্টা, নিমতলীর বিভীষিকার রেশ এখনো কাটেনি। পুরান ঢাকার বাসাবাড়ি থেকে কেমিক্যাল গোডাউন এখনো পুরোপুরি উচ্ছেদ হয়নি। ঝুঁকিপূর্ণ ভবনগুলো আগের মতোই দাঁড়িয়ে আছে। মনিটর করার কেউ নেই। আর নেই বলেই ঢাকাজুড়ে বাণিজ্যিক ভবন আর পুরাতন মার্কেটগুলোর বেহাল দশা। সবাই ভবন গড়েন, ব্যবসা-বাণিজ্যর জন্য ভাড়া দেন, নিয়ম মানেন না। সিটি করপোরেশন কোনো কিছুর খবর রাখে না। রেস্টুরেন্ট অনুমতি দেওয়ার দায়িত্ব ছিল তাদের। পরিবেশ অধিদফতর দিয়েছিল ছাড়পত্র। কী করে সবাই অনুমতি দিলেন? তাজরীন গার্মেন্ট, রানা প্লাজা বড় শিক্ষা দিয়েছিল। তারপরও কেউই ঠিক হননি। সেই দিন একজন বললেন, মিডিয়ার বহর নিয়ে সিটি করপোরেশন খাল উদ্ধার অভিযানে নামে। দাবি করে খাল উদ্ধার করেছি। কিছুদিন পর দেখা যায় সেই খাল আবার দখল হয়ে গেছে। কেন এমন হয়? খাল উদ্ধারের পর সিটি করপোরেশন একটা হাঁটাপথ অথবা যান চলাচলের মতো সড়ক তৈরি করলে চিরতরে বন্ধ হয় দখল। এ কাজটি তারা করতে পারে না। বছর বছর লোকদেখানো উদ্ধার অভিযান করে সাময়িক বাহবা নেয়। তারপর সব আগের মতো হয়ে যায়।

বাংলাদেশ এগিয়ে চলছে। এগিয়ে যাবে। উন্নয়নের ঝড়োগতি দেশকে নতুন মাত্রা দিয়েছে বিশ্বে। এখন প্রতিষ্ঠানের পেছনের মানুষগুলোর পরিবর্তন জরুরি। মুখে শেখ ফরিদ, বগলে ইট থাকলে চলবে না। মানুষকে রক্ষা করতে হবে। শহরকে বাঁচাতে হবে। যেখানে-সেখানে বহুতল ভবন নির্মাণের অনুমতি দেওয়া যাবে না। আশপাশের পরিবেশ, আগুন নেভানোর ব্যবস্থা বিবেচনায় আনতে হবে। বড় দুর্ঘটনার পর জানতে পারি সেই গাড়ির ফিটনেস ছিল না। ভুল চিকিৎসায় মৃত্যুর পর প্রকাশ পায় সেই হাসপাতাল এতদিন চলেছিল অনুমোদন ছাড়া। ভয়াবহ আগুনে মৃত্যুর মিছিলের পর খবর বের হয় ভবনের নকশার ত্রুটি ছিল। আগুন নেভানোর ব্যবস্থা ছিল না। দুর্ঘটনার আগে কোনো কিছু বের হয় না। জানি আমাদের বিশাল জনগোষ্ঠীর দেশ। তারপরও নিয়ম বাস্তবায়ন কঠিন কিছু নয়। দূষণমুক্ত শহর গড়া অসম্ভব নয়। রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ নেওয়া মানুষ দরকার। যা আমাদের এখন কম রয়েছে।

নিয়ম সঠিকভাবে তৈরি হলে সবাই মানবে। বজ্র আঁটুনি ফসকা গেরো হলে চলবে না। বিশ্বের সবচেয়ে বড় বিমানবন্দরের একটি দুবাই। ২৪ ঘণ্টা মানুষের ঢল লেগেই থাকে। দুবাই থেকে সারা দুনিয়াতে যাওয়া যায়। অথচ সেই বিমানবন্দরের বাথরুমগুলো সব সময় ঝকঝকে তকতকে থাকে। কী করে সম্ভব? কোনো রহস্য নেই এখানে। শুধু রক্ষণাবেক্ষণে নিয়োজিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মীরা সারাক্ষণ কাজ করছেন নীরবে। কোনো ঝামেলা নেই। উচ্চবাচ্য নেই। যার যার কাজ করে বাড়ি ফিরছেন। কেউ কাউকে দোষারোপ করছেন না। শাহজালালের সাধারণ বাথরুমগুলোতে যাওয়ার পরিবেশ নেই। সরকারি মেডিকেল কলেজগুলোর কথা না-ই বললাম। এখানেও রক্ষণাবেক্ষণে লোক আছে। তারা তাদের কাজ করে না ঠিকভাবে। অথচ এ মানুষগুলো বিদেশ গিয়ে একই কাজ নিষ্ঠার সঙ্গে করছে। বাংলাদেশে মনিটরিং নেই বলেই সমস্যা হচ্ছে। অন্য কিছু নয়। সঠিকভাবে সবকিছুর মনিটরিং হলে মানুষের মনভাবনায় পরিবর্তন আসবে।

মানসিকতার পরিবর্তন না আনলে সমস্যা থেকেই যাবে। এই বিশাল জনগোষ্ঠীর দেশে সমস্যার অভাব নেই। নিয়ম না মানলে সমাধান আসবে না। সেবা খাতগুলোকে জবাবদিহিতার আওতায় আনতে হবে। সারা দুনিয়াতে বড়দিন, ঈদ, পূজা-পার্বণে জিনিসপত্রের দাম কমে। ছাড় দেন ব্যবসায়ীরা। লাভ করেন কম। আমাদের ব্যবসায়ীরা হাঁটেন আরেক পথে। ধর্মীয় উৎসবে দ্রব্যমূল্য বাড়িয়ে দেন। রমজান এলে লম্বা টুপি লাগিয়ে মুনাফা লুটেন। বুট, খেজুর, চিনি, তেল, লবণের দাম হুট করে বেড়ে যায়। এভাবে মানুষকে জিম্মি করা ব্যবসায়ীরা ভাবেন না এই ভন্ডামির কারণে ইহকাল পরকাল সব যাবে। দুনিয়া আখেরাত বরবাদ হবে। তারা ভুলে যান সৃষ্টিকর্তা ওপর থেকে সব দেখছেন। পবিত্র কোরআনে বলা আছে, তোমরা সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত করো না এবং জেনেবুঝে সত্যকে গোপন করো না (সুরা আল বাকারা, আয়াত ৪২)। শরীরের সব খানে ক্ষত থাকলে মলম কত স্থানে লাগাবেন? এই দেশের হাসপাতালে চিকিৎসক ইউটিউব দেখে খতনা করান। আন্তর্জাতিক বিমানবন্দর কিছু মানুষ কাজ করার সুযোগ পেলে মগের মুল্লুক বানিয়ে ফেলেন। ব্যাংকের রক্ষক হয়ে ওঠেন ভক্ষক। ঠিকাদার কাজ পেয়ে বাজে নির্মাণসামগ্রী ব্যবহার করেন। মনিটরিংয়ের দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী কমিশন নিয়ে লিখে দেন সব ঠিক আছে। মানুষের জীবন নিয়ে কাজ করা হাসপাতালগুলো এখন ব্যবসার আখড়া। সরকারি হাসপাতালের কেনাকাটার পুরোটাই ফাঁকি। বেসরকারি হাসপাতালে হয় শুধুই ব্যবসা। নিজেদের মানসিকতার পরিবর্তন না হলে আল্লাহর ফেরেশতা কাউকে সোজা করতে পারবে না।

উন্নত সমৃদ্ধির পথে হাঁটা এই বাংলাদেশকে ঠিকভাবে ধরে রাখতে মেশিনের পেছনের মানুষগুলোকে ঠিক হতে হবে। সৃষ্টিকর্তা দুনিয়াটা গড়েছেন সুন্দর ও স্বাভাবিকতার জন্য। যুদ্ধবাজ, হিংসুটে মানুষ দুনিয়াটাকে অস্বাভাবিক করে রেখেছে। ১৮ কোটি মানুষের দেশ এমনিতে শত সমস্যায় জর্জরিত। নাগরিক ও ব্যক্তি সচেতনতা না বাড়লে রাষ্ট্রযন্ত্র হবে আরও অসহায়। চারপাশের সমস্যা দেখলে আমরা ভেঙে পড়ি। ভাবনায় আসে কোনো দিন কিছু স্বাভাবিক হবে না। শত সংকটেও বাঁচতে হয় আশার আলো নিয়ে। বাস্তবতায় থাকতে হবে। লোভকে বিসর্জন দিতে হবে। আলোর পথ খুঁজে নিতে হবে। সামাজিক সংকটগুলো থেকে বেরিয়ে আসতে হবে। প্রতিষ্ঠানগুলোতে স্বচ্ছতা তৈরি করতে হবে। সেবা খাতগুলোকে আনতে হবে শৃঙ্খলায়। সেবা খাতে সমস্যা থাকলে ঝামেলার অবসান হবে না। অনিয়মে বারবার ঘটবে দুর্ঘটনা। মানুষের জীবন যাবে। প্রাণহানি বাড়বে। তাজরীন গার্মেন্ট ও নিমতলী, চুড়িহাট্টা, সজিব ফ্যাক্টরি, বনানীর মতো দুর্ঘটনা আলোড়ন তুলবে। কোনো কিছুর স্থায়ী সমাধান আসবে না। মালিকরা বীমা পাবেন। নিরীহ শ্রমিকরা প্রাণ হারাবেন। পরিবার নিঃস্ব হবে। অতি লাভ, অতি লোভ আর নয়। সচেতনতা, সতর্কতা বাড়াতে হবে।

সবকিছু এক দিনে ঠিক হবে বলছি না। সময় লাগবে। নেতিবাচক অবস্থান থেকে বেরিয়ে আলোর পথ খুঁজতে হবে। নেলসন ম্যান্ডেলার আত্মজীবনীতে লেখা একটা ঘটনার কথা মনে পড়ছে। আফ্রিকান ঝোসা সম্প্রদায়ের বিখ্যাত কবি স্যামুয়েল এমখাওয়ারি একবার সংসারবিরাগি হলেন। তিনি ঘরবাড়ি ছেড়ে চলে গেলেন দূরে কোথাও। বাউন্ডুলে এই কবি এক বছর পর বাড়ি ফিরলেন। দেখলেন তার স্ত্রী কন্যাসন্তান জন্ম দিয়েছেন। বাড়ি ত্যাগের সময় স্ত্রী গর্ভবতী ছিলেন বলে তার মনে পড়ছিল না। তাই সন্তানের খবর শুনে বিস্মিত হলেন। শুধু বিস্ময় নয়, ক্ষুব্ধও হলেন। তীব্র ক্ষোভ থেকে সিদ্ধান্ত নিলেন শিশু ও তার মাকে খুন করবেন। সবকিছু শেষ করে দেবেন চিরতরে। ভোজালি হাতে প্রবেশ করলেন বেডরুমে। চোখে-মুখে আগুনের ফুলকি। শিশুর দিকে তাকালেন খুনির চোখে। দেখলেন ফুটফুটে শিশুটি তার দিকে তাকিয়ে মিটমিট করে হাসছে। কবি খেয়াল করলেন শিশুটি হুবহু তার চেহারা পেয়েছে। নিজের ছায়া দেখে চমকে উঠলেন। তারপর শিশুটির দিকে তাকালেন অপার বিস্ময়ে। বললেন, ও জিনজিলে! তুমি ভালোভাবে এ পৃথিবীতে এসেছো? স্যামুয়েল এমখাওয়ারি শিশুটিকে বুকে জড়িয়ে নিলেন। কোলে নিয়ে আনন্দ প্রকাশ করলেন। কবিতার ছন্দে শিশুটির নাম রাখলেন জিনজিশ-ওয়া। অন্ধকার থেকে আলোর পথে আসা এক মানব শিশু।

লেখক: সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন

কতই রঙ্গ দেখি দুনিয়ায়

॥ মাকিদ হায়দার ॥

আশির দশকের প্রথম দিকে নেদারল্যান্ডস সরকারের বৃত্তি নিয়ে প্রথমে গিয়েছিলাম ফিলিপাইনের ম্যানিলা বিশ্ববিদ্যালয়ে। পড়ালেখার জন্য। বিষয় ছিল গণযোগাযোগ। দীর্ঘদিন ছিলাম, আমেরিকার এবং ফিলিপিনো শিক্ষকরা আমাদের পড়াতেন। এশিয়া মহাদেশের মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, উত্তর-দক্ষিণ কোরিয়া, শ্রীলঙ্কা, ভিয়েতনাম এবং আফ্রিকা মহাদেশের নাইজেরিয়া, ঘানার ছেলেমেয়েসহ ফিলিপিনো, বাংলাদেশি কুড়িজন ছাত্রছাত্রী ছিলাম। ফিলিপাইনে তখন রাষ্ট্রপতি ছিলেন ফার্নান্দান্ড মার্কোস। দেশ রাষ্ট্রপতি না চালিয়ে চালাতেন তাঁর স্ত্রী ইমেলদা মার্কোস। মি. মার্কোস আগের রাষ্ট্রপতিকে বন্দুকের নলের মুখে পদত্যাগ করিয়ে নিজেই রাষ্ট্রক্ষমতা দখল করেছিলেন। মার্কোস ছিলেন সম্ভবত সেনাপ্রধান এবং একই সঙ্গে ছিলেন ইমেলদার প্রেমিক। অন্যদিকে ইমেলদা ছিলেন নৃত্যপটীয়সী। নাম করা যুবতী।

রাষ্ট্রক্ষমতা দখলের পর তার বিপক্ষে যারা দাঁড়িয়েছিলেন তাদের অনেককেই দেশ ছেড়ে পালাতে হয়েছিল। রাষ্ট্রপতি যে শুধু প্রেমিক ছিলেন তাই নয়, তিনি কবিও ছিলেন। ক্ষমতায় থাকলে কবি হওয়া কোনো বিষয় নয়। আমাদের দেশের প্রধান সেনাপতি, পরবর্তীতে রাষ্ট্রপতি হয়েই রাতারাতি কবি এবং গীতিকার হয়ে গিয়েছিলেন কবি হুসেইন মুহম্মদ এরশাদ। একটানা ৯ বছর ক্ষমতায় থেকে ১৯৯০ সালের শেষের দিকে এদিক-সেদিক অর্থাৎ সেনানিবাসে নির্বাসিত জীবন শুরুর পরের বছর ১৯৯১ সালে জনগণের ভোটাধিকার পাওয়ার পর প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। বেগম জিয়া ক্ষমতা গ্রহণের পর কবি, প্রেমিক, গীতিকার হুসেইন মুহম্মদ এরশাদকে থাকতে হয়েছিল পুরান ঢাকার সেন্ট্রাল জেলে মাত্র পাঁচ-ছয় বছর। খালেদা জিয়ার ক্ষমতাকাল ছিল ১৯৯১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত। তখন আমরা শুনতে পেয়েছিলাম মিসেস জিয়ার বড় ছেলে তারেক রহমান অচিরেই রাজনীতিতে নামবেন। ১৯৯৬ সালে বিএনপি আওয়ামী লীগের কাছে ভোটাভুটিতে হেরে গিয়ে বিএনপির মন্ত্রী ব্যারিস্টার মওদুদকে মিসেস জিয়া নাকি বলেছিলেন আপনার জন্যই হেরে গেছে আমার দল বিএনপি। আর আপনি ডুবিয়েছেন সাবেক রাষ্ট্রপতি এরশাদ সাহেবকেও।

জিয়া ১৯৭৫ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার নিমকহারাম বেইমান এ দেশের মীরজাফর খন্দকার মোশতাককে মাস কয়েকের জন্য রাষ্ট্রপতি পদে রাখেন। পরে তাকে রাষ্ট্রপতির চেয়ার থেকে সরিয়ে দিয়ে ওই চেয়ারে আসীন হওয়ার আগে বঙ্গবন্ধুর খুনি ফারুক, ডালিম, রশীদসহ অনেককে রাতারাতি দেশের বাইরে পাঠিয়ে দিয়ে বিভিন্ন দূতাবাসে চাকরিও দিয়েছিলেন। খুনি মোশতাককে বেশি দিন বসতে দেওয়া হয়নি, মাত্র আড়াই মাস পরই তাকে বিদায় নিতে হয়েছিল। সেই সময়ে বিভিন্ন দেশের গণমাধ্যমে আমরা জানতে পেরেছিলাম সিআইএর সঙ্গে যুক্ত ছিলেন খুনি মোশতাক। সেটির প্রমাণ পেয়েছিলেন মহান মুক্তিযুদ্ধের সময়ের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ। তাই খুনি মোশতাককে মুক্তিযুদ্ধের সময় নিয়ন্ত্রণে রেখেছিলেন তাজউদ্দীন আহমদ। সব মিলিয়ে প্রতিশোধ নিতে দ্বিধা করেনি দাউদকান্দির মোশতাক আহমদ। সেই মোশতাককে সবকিছু হারিয়ে পুরান ঢাকার নিজ বাড়িতে মৃত্যুর আগ পর্যন্ত লোকচক্ষুর আড়ালেই থাকতে হয়েছিল। তবে তার মৃত্যুর আগে জেনে গিয়েছিলেন বাংলাদেশের তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অকালমৃত্যুর খবর। চট্টগ্রাম সার্কিট হাউসে নিহত হয়েছিলেন ১৯৮১ সালের মে মাসের শেষ সপ্তাহে। জন্ম, মৃত্যু, কার কখন কোথায় হবে সেটি জানেন একমাত্র আল্লাহ। আমার বিশ্বাস, ৩০ লাখ শহীদের মৃত্যুর মধ্য দিয়ে আমরা যে বাংলাদেশ পেলাম এবং সেই দেশের প্রতিষ্ঠাতা এবং জনক, জাতির পিতাকে আমরা সপরিবারে হারালাম ১৯৭৫ সালের আগস্টের ১৫ তারিখে।

রাষ্ট্রক্ষমতায় এলো বিএনপি সরকার ১৯৯১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত। '৯৬ থেকে ২০০১ রাষ্ট্রক্ষমতায় ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০০১ সালের পর জামায়াতে ইসলামীর সঙ্গে রাষ্ট্রক্ষমতায় এলো বিএনপি সরকার। পরবর্তী দুই বছর রাষ্ট্রক্ষমতায় ছিলেন সেনা সদস্য ছাড়াও আরও কিছু অসাধারণ নাগরিক। মাঝের দুই বছর আওয়ামী লীগ প্রধান শেখ হাসিনা ও বিএনপি নেত্রীকে কিছুদিনের জন্য কারাবন্দি থাকার পর জনগণের দাবির পরিপ্রেক্ষিতে দুই নেত্রী জেল থেকে ফিরে এলেন জনগণের কাছে এবং ২০০৯ সালে বাংলাদেশের জনগণ ভোটাধিকার পেয়ে আওয়ামী লীগকে ভোটে জয়ী করার পর থেকে বিএনপি এবং জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের গাত্রদাহ শুরু হলো। ইতিপূর্বে গুলশান-বনানীর অভিজাত এলাকায় খালেদা জিয়ার বড় ছেলে, 'হাওয়া ভবন' নামে প্রশাসনিক ভবন তৈরি করেছিলেন, সবাই জানতাম এবং প্রতিনিয়ত খবর আসত, ওই ভবনের ভিতর-বাইরের কার্যকলাপের।

২০০৯ সালে আওয়ামী লীগ রাষ্ট্রীয় ক্ষমতা গ্রহণের পর থেকে পরবর্তী নির্বাচন ২০১৪ সালে জাতীয় নির্বাচন এগিয়ে আসার আগে ২০১৩ সালে বিএনপি এবং জামায়াতে ইসলামীর যৌথ উদ্যোগে সমগ্র বাংলাদেশের কোথায় কবে কোন তারিখের হিংসাত্মক ঘটনা ঘটেছিল, এখন বলা যেতে পারে। সেই সব দিনের কথা, বিএনপি এবং জামায়াতে ইসলামীর যৌথ উদ্যোগেই (১) ২০১৩ সালের জানুয়ারীর ৬ তারিখ রোববার সকাল-সন্ধ্যা হরতাল দিল, জ্বালানির মূল্যবৃদ্ধি উপলক্ষে প্রচুর গাড়ি পোড়ানো হলো। (২) ২৮/১/১৩ সোমবার ছাত্রশিবির আগুন দিয়ে প্রায় শ খানেক গাড়ি পোড়াল (৩) ওই একই বছরে জামায়াত নেতা কাদের মোল্লার ১০ বছরের জেল দিল আদালত। (৪) ১৮ ফেব্রুয়ারি বকশীবাজারে হরতালে একজন নিহত হলেন এবং কুমিল্লার চৌদ্দগ্রামে শিবিরের একজন মারা গেলেন পুলিশের গুলিতে। (৫) ২৪ ফেব্রুয়ারি জামায়াতে ইসলামীর ডাকা হরতালে মানিকগঞ্জের সিঙ্গাইরে তিনজন জামায়াত-শিবির কর্মী নিহত হলেন। আহত ৫০-এর অধিক। (৬) ৩ মার্চ রবিবার বিএনপি-জামায়াতের ডাকা হরতালে সমগ্র দেশে ১৩ জন নিহত হলেন। বগুড়ায় দেলাওয়ার হোসাইন সাঈদীর মুখ রাতে চাঁদের ভিতর দেখা গেছে এই বলে সহিংসতা ছড়ানো হয়। জামায়াতের কর্মী এবং পুলিশসহ মৃতের সংখ্যা আগেই উল্লেখ করেছি। (৭) ৭ মার্চ বৃহস্পতিবার জামায়াত এবং বিএনপির দেশব্যাপী ডাকা হরতাল পালিত হয়েছিল। (৮) ১১ মার্চ সোমবার বিএনপি নেতা-কর্মীদের গ্রেফতার করল পুলিশ। মার্চের ১৮ তারিখ সোমবার বিএনপি হরতাল ডাকল, হরতালে খুব একটি সাড়া পায়নি সেদিন। (৯) রাজশাহীতে শিবির কর্মীরা এক পুলিশ পরিদর্শকের মাথা থেঁতলে দিয়ে রিভলবার কেড়ে নিল। সেদিন ছিল ১ এপ্রিল সোমবার। (১০) বিএনপি-জামায়াতের যৌথ উদ্যোগে দেশব্যাপী গাড়ি ভাঙচুর এবং সাধারণ মানুষের অনেকেই আহত হলেন ৮ এপ্রিল সোমবার। বিএনপির ডাকা হরতালের দ্বিতীয় দিন ১০ তারিখ বুধবার।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল ঘোষণা দিল আগামীকাল থেকে ৩৬ ঘণ্টার হরতাল, দুপুর থেকে শিবির এবং বিএনপি গাড়ি ভাঙল, তারিখ ২২ এপ্রিল সোমবার। ৫ মে হেফাজতে ইসলামের ঢাকা অবরোধ এবং ৬ মে সোমবার নারায়ণগঞ্জে হেফাজতের তান্ডবে মারা গেল ১০ জন। মে মাসের ৯ তারিখ জামায়াত নেতা কামারুজ্জামানের ফাঁসির আদেশ (বাকি অংশ ৭ পাতায়)

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

কতই রঙ্গ দেখি দুনিয়ায়

(৬ পাতার পর)

দিল হাই কোর্ট বেলা ২টায়। ২৬ তারিখ রোববার বিএনপি হরতাল দিয়ে কিছু গাড়ি পোড়াল; তবে বলা যেতে পারে নিষ্প্রাণ হরতাল। অন্যদিকে ১৫ জুন শনিবার বিএনপি খুলনা, বরিশাল, রাজশাহী এবং সিলেটে সিটি করপোরেশন নির্বাচনে বিজয়ী হলো। জুলাই ১৫ তারিখে জামায়াতে ইসলামীর সাবেক আমির ৮২ বছর বয়সী গোলাম আযমকে আন্তর্জাতিক ট্রাইব্যুনাল ৯০ বছরের জেল দিল। ১৭ জুলাই বুধবার জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল আলী আহসান মুজাহিদকে ১৯৭১ সালের গণহত্যার অপরাধে ট্রাইব্যুনাল ফাঁসির আদেশ দিল। আগস্ট মাসে জামায়াতের ডাকা দ্বিতীয় দিনের হরতালে শিবিরের এক নেতা বাড়ি পাবনার সাঁথিয়াতে মারা গেলেন, নাম খলিলুর রহমান। ওই একই বছরের ১ অক্টোবর সালাউদ্দিন কাদের চৌধুরীকে (সাকা-চৌ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ৯টি অভিযোগ প্রমাণিত হওয়ায় ফাঁসির রায় দিল। ১৯৭১ সালের বিভিন্ন অপরাধে। ইতোমধ্যে বেশ কিছুদিন চুপ ছিল বিএনপি। জামায়াতে ইসলামী ২৫/৮-এ ১৮ দলসহ সোহরাওয়ার্দী উদ্যানে মিটিং করল পরের দিন ২৬/৮ তারিখে বিএনপি আহূত সমাবেশে। সারা দেশে নিহত হলো ছয়জন। একজন মারা গেলেন হার্টফেল করে। ওই একই তারিখে রাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেগম খালেদা জিয়াকে ২৮/১০/২০১৩ তারিখে গণভবনে নৈশভোজের আমন্ত্রণ জানিয়েছিলেন। রাজনৈতিক বিষয় নিয়ে আলোচনার জন্য। ২৭/১০/১৩ তারিখে বিএনপি আহূত হরতালে কমপক্ষে পাঁচজন নিহত, জানাল বিবিসি। আওয়ামী লীগের অফিসে অগ্নিসংযোগ। গাড়ি ভাঙচুর। ৬০ ঘণ্টার হরতালের প্রথম দিনে। হিন্দু সম্প্রদায়ের বাড়িঘরে অগ্নিসংযোগ এবং হরতালকারীরা পিরোজপুরে স্বপন শীলকে হত্যা করল। এমনকি যুবলীগের একজনকে পুড়িয়ে মারা হলো। বিএনপির ১৮ দলসহ ৬০ ঘণ্টার হরতাল শেষ হলো বিকাল ৫টায়। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবী হত্যার দায়ে চৌধুরী মঈনুদ্দীন, আশরাফুজ্জামান খানের মৃত্যুদণ্ড দিল ঢাকা হাই কোর্ট। সেই সময়ে ছাত্রসংঘের সভাপতি ছিলেন নিজামী। মাত্র পাঁচ দিনের ব্যবধানে পুনরায় হরতাল দিল বিএনপি। বিবিসি জানাল সারা দেশে মারা গেছে ২০ জন। আবারও হরতাল হলো ১০ নভেম্বর। ১৪ নভেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ সভাপতি ছাত্রশিবিরের আক্রমণে নিহত হলেন। এদিকে দৈনিক প্রথম আলোর সংবাদে জানলাম, চট্টগ্রামের সীতাকুন্ডে মারা গিয়েছিল শিবিরের স্থানীয় সম্পাদক। ৮২টি গাড়ি ভাঙচুর হলো ২০/১১/২০১৩ তারিখে। ২৬/১১/১৩ তারিখে বিএনপির অবরোধে তিনজন নিহত হলেন। ২৭/১১-এর অবরোধে বিএনপি ১২ ঘণ্টা অবরোধ বাড়াল। সারা দেশে নিহতের সংখ্যা ১২ জন। ২৮/১১ তারিখ বৃহস্পতিবার বাসযাত্রী ১৮ জনকে মৎস্য ভবনের সামনে অগ্নিদগ্ধ করল। ৩০ নভেম্বরে ধাওয়া-পাল্টা ধাওয়ায় বাসের ধাক্কায় ঢাকায় একজন নিহত হলেন। অবরোধে মারা গেছেন জামায়াতের একজন। খবর বিবিসির। ১ ডিসেম্বর বিএনপি অবরোধ দিল। ডিসেম্বর মাসের ৪ তারিখে নিহতের সংখ্যা ৯ জন। ৮/১২-তে পুনরায় হরতাল হলো। জামায়াতের কাদের মোল্লার ফাঁসি হলো ১২ তারিখ রাতে। জামায়াত-শিবিরের তান্ডবে গাড়ি পুড়ল ১২টি।

১৯৭১ সালের ডিসেম্বরের ১৪ তারিখ, শনিবারে আলবদর বাহিনী, শিক্ষক, ডাক্তার, সাংবাদিকসহ অনেক বুদ্ধিজীবীকে রায়েরবাজার বধ্যভূমিতে নিয়ে হত্যা করে। ১৭/১২/১৩ তারিখে কাদের মোল্লার ফাঁসি দেওয়া নিয়ে পাকিস্তানের পার্লামেন্টে শোক প্রস্তাব পাস করায় ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশারকে তলব করে জানাল বিষয়টি বাংলাদেশের নিজস্ব। ১৮/১২ তারিখে পাকিস্তানের হাইকমিশনারের বাড়ি ঘেরাও করল অনেকেই। ২৯/১২/১৩ শনিবার রাস্তা জনশূন্য বিএনপি এবং জামায়াতের নেতাদের ঢাকায় ঢুকতে দিল না পুলিশ। ২০১৩ সাল তারিখ দেখতে দেখতে শেষ হলো।

এবার একটু পেছনের দিকে তাকাতেই মনে পড়ল, বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২-৭৩-এ ভারতে যেতে কোনো পাসপোর্ট ভিসার প্রয়োজন হতো না। আমার স্কুলের সহপাঠী মুক্তিযোদ্ধা দীপকই আমাকে কলকাতায় নিয়ে গেল। ওর মামার বাড়ি ভবানীপুরে ১৯৭৩ সালে। মামার নিজস্ব গাড়ি থাকায় কলকাতা দর্শন শেষে পাবনায় ফেরার দুই দিন আগে মামা জানালেন যুমনা সিনেমা হলে তোদের দুজনকে সিনেমা দেখাতে নিয়ে যাব। তিনি নিজেই গাড়ি চালিয়ে নিয়ে গেলেন, ৩টি টিকিট কিনলেন। বললেন, পৃথিবী বিখ্যাত চিত্র পরিচালকের 'পথের পাঁচালী' দেখব। আমার আর দীপকের পথের পাঁচালী মোটেই ভালো লাগেনি।

সত্যজিৎ রায় পরিচালিত পথের পাঁচালী। পাবনায় ফিরে কয়েকদিন পর ঢাকা এসে মেজ ভাই রশীদ হায়দারের বাসায় থেকে, পরে গেলাম চট্টগ্রামে অগ্রজ জিয়া হায়দারের ইস্পাহানী ভবনের চার তলায়। ১৯৭৪ সালে মা এবং আমার ছোট বোন ফরিদা হায়দার হেনা থাকত জিয়া ভাইয়ের ওখানে। জিয়া ভাই এক দিন এসে জানালেন আলমাস সিনেমা হলে আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যাল শুরু হয়েছে। রোকন হেনা, আমি আজ সন্ধ্যায় সত্যজিৎ রায়ের 'গুপীগাইন, বাঘাবাইন', দেখতে যাব। তিন ভাইবোন মিলে দেখলাম গুপীগাইন, বাঘাবাইন। কয়েক বছর পরে কলকাতার মিনার্স সিনেমা হলে দেখলাম সত্যজিৎ রায়ের হীরক রাজার দেশে এবং তখনই শুনলাম সেই বিখ্যাত গানটি। 'কতই রঙ্গ দেখি দুনিয়ায় আমি যেদিকেতে চাই অবাক বনে যাই ও ভাইরে'- এখন আর রঙ্গ দেখতে ইচ্ছে করে না- তবুও দেখতে হচ্ছে।

লেখক: কবি





Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে
বাসায় অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

নতুন বছর উপলক্ষে ৫০% সেল



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অর্জনে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চলমান কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

আবারো যুক্তরাষ্ট্রের ভেটো

(প্রথম পাতার পর)

বর্বর হামলার বিরুদ্ধে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে আনা একটি নিন্দা প্রস্তাবে ভেটো দিয়েছে যুক্তরাষ্ট্র। গত ২৯ ফেব্রুয়ারী বৃহস্পতিবার নিরাপত্তা পরিষদে আলজেরিয়া এই প্রস্তাব উত্থাপন করে। শুক্রবার জাতিসংঘে নিযুক্ত ফিলিস্তিনি রাষ্ট্রদূত রিয়াদ মনসুর জানান, আরব প্রতিনিধি আলজেরিয়ার আনা প্রস্তাবে ১৫ সদস্যের ১৪ দেশই সমর্থন জানিয়েছিল। তবে যুক্তরাষ্ট্র এতে ভেটো দিয়েছে। জাতিসংঘে নিযুক্ত আমেরিকান ডেপুটি অ্যাম্বাসেডর রবার্ট উড বলেন, গাজা উপত্যকায় বৃহস্পতিবারের সংঘটিত ঘটনা সম্পর্কে কোনো বিস্তারিত তথ্য যুক্তরাষ্ট্রের কাছে নেই। তাই এ প্রস্তাবে ভেটো দেওয়া হয়েছে। এর আগেও জাতিসংঘ নিরাপত্তা পরিষদে বেশ কয়েকটি যুদ্ধবিরতির প্রস্তাবে আমেরিকান প্রতিনিধিরা ভেটো দিয়েছেন।

দানবীয় তুষার ঝড়ের কবলে ক্যালিফোর্নিয়া

(প্রথম পাতার পর)

মাইল। আভাস আছে, স্টেটের উত্তরাঞ্চলে হতে পারে ভারী বৃষ্টিও। ইতোমধ্যে, সতর্কতা জারি করা হয়েছে লেক তাহোসহ বেশ কিছু পর্যটন এলাকায়। কঠোরভাবে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে স্কিয়িংয়ে। গেলো কয়েকদিনের তুষার ঝড়ে ক্যালিফোর্নিয়ার প্রায় ৮০ শতাংশ এলাকা ঢাকা পড়েছে তুষারের নীচে। যা গেলো মাসেও ছিলো ৫৮ শতাংশ। এদিকে ন্যাশনাল ওয়েদার সার্ভিস জানায়, খুব শিগগিরই থামবে না এই ঝড়। তবে, আগামী সপ্তাহে তীব্রতা কমতে পারে সামান্য। ওরেগন, ওয়াশিংটন, আইদাহো ও মন্টানার পাহাড়ি এলাকায়ও বেড়েছে তুষারপাত।

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড়
কুপন সহ
যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার
কুপন সহ
ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমাদের বাজার ঘুরে দেখুন

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

মার্চ ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে মার্চ ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ জুন ২২, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে হাসান আলীর প্রশ্নঃ

এই বিভাগের আমি একজন নিয়মিত পাঠক। আজ আমি প্রয়োজনে এই চিঠি লিখছি। আশা করি উত্তর পাব। আমার প্রশ্নটি হচ্ছে ইউএস সিটিজেনের সাথে বিয়ের পর গ্রিনকার্ড পেলে এবং শেষ পর্যন্ত বিয়ে না টিকলে অর্থাৎ ডিভোর্স হলে তার গ্রিনকার্ডের অবস্থা কেমন হয়? অর্থাৎ তার গ্রিনকার্ড বাতিল হয়ে যায় কিনা?

হাসান আলীর প্রশ্নের উত্তরঃ

অনেক ক্ষেত্রে ডিভোর্সের পর পার্মানেন্ট রেসিডেন্টদের নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। কেউ আইন সম্মত রেসিডেন্ট হিসেবে ১০ বছর যাবত গ্রিনকার্ডধারী হয়ে থাকেন তবে বিয়ের স্ট্যাটাস সরাসরি ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্ত করতে পারবে না। আবার কেউ যদি কোন ইউএস সিটিজেন বা পরামানেন্ট রেসিডেন্টকে বিয়ে করে গ্রিনকার্ড পেয়ে থাকেন তবে সেক্ষেত্রে ডিভোর্স সমস্যার সৃষ্টি করতে পারে। এ ক্ষেত্রে ইউএসসিআইএস ২ বছর শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড দিয়ে থাকে। এই ২ বছরকে ইউএসসিআইএস বিয়ের বিশ্বাসযোগ্যতা মূল্যায়নের সুযোগ হিসেবে কাজে লাগায়। ইমিগ্রেশন আইন দেখতে চায় ঐ ২ বছরের বিয়েটা বিশ্বাসযোগ্য অবস্থায় পৌঁছেছে- এই শর্তসাপেক্ষে সময়ের শেষে দম্পতি তাদের বিয়ে বিশ্বাসযোগ্যতা প্রমাণসহ অবশ্যই আবেদন করবেন এবঙ ফরম আই-৭৫১ প্রমাণসহ পূরণ করে শর্ত প্রত্যাহারের পিটিশন দাখিল করবেন। ফরম আই-৭৫১ হচ্ছে যৌথ পিটিশন এবং এতে স্বামী-স্ত্রী উভয়কে স্বাক্ষর করতে হবে।



শর্তসাপেক্ষে গ্রিনকার্ড পাবার ডিভোর্স হলে কী হবে?

কোন ইউএস সিটিজেন বা পার্মানেন্ট রেসিডেন্টকে বিয়ের শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পাবার পর ডিভোর্স হলে সেক্ষেত্রে সমস্যার সৃষ্টি হতে পারে। বিয়ের মাধ্যমে গ্রিনকার্ড পাওয়ার ক্ষেত্রে ২ বছরের শর্ত সাপেক্ষ সময়ের মধ্যে যদি ডিভোর্স হয়ে যায় তবে শর্ত মওকুফের জন্য যৌথ আবেদন জরুরী। তবে এক্ষেত্রে ইউএসসিআইএস কেসটিকে অতিরিক্ত সতর্কতা নিয়ে যাচাই করে দেখতে চাইবে, তারা নিশ্চিত হতে চাইবে যে বিয়েটা প্রকৃত অর্থে বিয়ে কিনা। তারা যেনো মনে করে যে দুজন একসময় একে অপরকে ভালোবেসে ছিলো। একে অপরের প্রতি কমিটেড থাকা সত্বেও তারা একে অপর থেকে বিচ্ছিন্ন হয়েছে। তবে প্রমাণের দায়িত্ব বর্তমানে যিনি শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পেয়েছিলেন তার উপর।

এক্ষেত্রে আমাদের পরামর্শ হচ্ছে আবেদনকারীকে অবশ্যই আবেদনের সঙ্গে ডিভোর্সের রায়, বিবাহিত জীবন যথাযথভাবে চলছিলো কিন্তু কেনো ডিভোর্স হলো তার একটি বিশ্বাসযোগ্য বিবৃতি সংযুক্ত করে দিতে হবে। ইমিগ্রেশনে প্রমাণ করতে হবে যে বিয়েটা প্রকৃত বিয়ে ছিলো শুধুমাত্র গ্রিনকার্ড পাওয়ার জন্যও এই বিয়েটা ছিলো না। এক্ষেত্রে যতবেশি প্রমাণ উপস্থাপন করা সম্ভব তা সংযুক্ত করতে হবে।

এ ব্যাপারে যথাযথভাবে এবং বিস্তারিত জানতে চাইলে এবং একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নির সাথে সাক্ষাতে আলোচনা করা ভালো। প্রয়োজনবোধে এ ব্যাপারে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

নিউইয়র্ক থেকে সাহেদ আলীর প্রশ্নঃ

আমি ট্যুরিস্ট ভিসায় এখানে বেড়াতে এসেছিলাম। এ মাসেই আমার ভিসার মেয়াদ শেষ হয়ে যাবে। ভিসা বাড়াবার জন্যে আবেদন করেছি কিন্তু এখন পর্যন্ত কোন অনুমতি পাই নাই। এখানে আসার পরে একজন ইউএস সিটিজেনের সাথে বিয়ে হয়েছে। এই অবস্থায় আমি এখন ভিসার মেয়াদ বাড়াবার জন্যে আবেদন করব নাকি গ্রিনকার্ডের জন্যে আবেদন করব? ভিসার মেয়াদ না বাড়লে গ্রিনাকার্ডের জন্য দেশে চলে যেতে হবে কিনা?

এ ব্যাপারে আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম।

জাহেদ আলীর প্রশ্নের উত্তরঃ

আপনার জন্য আমাদের প্রথম পরামর্শ হচ্ছে ভিসা বৃদ্ধি এপ্রুভালের জন্য আপনার আর অপেক্ষা করার কোন দরকার নেই। যত তাড়াতাড়ি সম্ভব স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য ফাইল করুন। আপনার স্ট্যাটাস বৈধ হিসেবে বিবেচিকত হবে। আপনার ভিসার মেয়াদ বৃদ্ধি অস্বীকৃত হলেও তাতে করে আপনার কেসেরে উপর কোন প্রভাব ফেলবে না। আপনি এখনই আপনার গ্রিনকার্ডের স্ট্যাটাস এডজাস্টমেন্ট ঝুলন্ত অবস্থায় থাকলে আপনি ইচ্ছা করলে দেশে যেতে চাইলে অগ্রীম প্যারোলের জন্যে আবেদন করতে পারেন। আপনি যদি স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে ফাইল করেন তবেই ঐ অগ্রীম প্যারোলের অনুমতির জন্যে ফাইল করতে পারেন।

প্রয়োজনবোধে একজন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

অভিবাসীদের অপরাধমূলক কর্মকান্ড আইসিইকে সহযোগিতার আহ্বান মেয়র এডামস'র

(প্রথম পাতার পর)

২৭ ফেব্রুয়ারী মঙ্গলবার এক সংবাদসম্মেলনে মেয়র বলেন, অভিবাসীদের 'গুরুতর অপরাধ' এবং 'সন্দেহজনক' বিষয়ে নিউইয়র্কে সাহায্য করার জন্য আইসিইকে এগিয়ে আসা উচিত। নিউইয়র্কের বাসিন্দাদের নিরাপদে থাকার অধিকার রয়েছে জানিয়ে মেয়র বলেন, গুরুতর অপরাধের সাথে জড়িত এবং অপরাধের পুনরাবৃত্তিকারী অভিবাসীদের জবাবদিহিতার আওতায় আনতে আইসিই সহযোগিতা দরকার। এছাড়া নিউইয়র্কের অভয়ারণ্য নীতি সংশোধন করতে হবে বলেও জানান তিনি। সিটি হল জানায়, ফেডারেল আইনের অধীনে আইসিই এর নিজস্ব প্রক্রিয়া রয়েছে। যার মাধ্যমে আইসিই নিজেরাই সিদ্ধান্ত নেয় যে, কোনো অভিবাসীকে নির্বাসিত করা উচিত কিনা। সম্প্রতি নিউইয়র্কে অভিবাসীদের বড় বড় অপরাধগুলো বৃদ্ধি পাওয়ায় এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্মকর্তারা।

নিউইয়র্কের ছোটো ব্যবসায়গুলোর জন্য অনুদান ঘোষণা

(প্রথম পাতার পর)

নিউইয়র্ক ছোট ব্যবসায় পরিষেবা কমিশনার কেভিন ডি কিম জানান, নিউইয়র্কে প্রায় ২ লাখের মতো ছোট ব্যবসায় প্রতিষ্ঠান রয়েছে। সেইসব ছোট ব্যবসায় প্রতিষ্ঠানগুলোর পরিষেবাগুলোকে আরো উন্নত এবং আকর্ষনীয় করে তুলতে এই অনুদান ঘোষণা করা হয়েছে বলে জানা গেছে। কাউন্সিলম্যান অসওয়াল্ড বলেন, ২০২২ সাল থেকে এখন পর্যন্ত নিউইয়র্কে অনেক ছোট ব্যবসায় প্রতিষ্ঠানগুলো গড়ে উঠেছে, যাদের ৬ টির মধ্যে একটি অভিবাসীদের মালিকানাধীন। ছোটো ব্যবসায় প্রতিষ্ঠানগুলোতে বিনিয়োগ করে সিটির কর্মক্ষমতা এবং জীবনযাত্রার মান আরো উন্নত হবে বলেও মন্তব্য করেন তিনি।

২০২৩ সালে ইইউতে ১১ লাখ ৪০ হাজার আশ্রয় আবেদন

(প্রথম পাতার পর)

প্রকাশিত এক পরিসংখ্যানে নতুন এই রেকর্ডের তথ্য উঠে এসেছে। ইউরোপীয় ইউনিয়নের প্রতিবেদনে জানানো হয়, ২০২৩ সালে ইউরোপীয় ব্লকে বিশ্বের বিভিন্ন দেশের ১১ লাখ ৪০ হাজারের বেশি মানুষ রাজনৈতিক আশ্রয়ের জন্য আবেদন করেছেন। এই পরিসংখ্যানে ইউরোপের দোরগোড়ায় জেঁকে বসা রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থেকে 'ইইউ'র ওপর তৈরি হওয়া ক্রমবর্ধমান চাপ এবং জাতীয়তাবাদী রাজনীতির হুমকিও প্রতিফলিত হয়েছে। এতে দেখা গেছে, ইউরোপের দেশগুলোর মধ্যে আশ্রয়ের জন্য সবচেয়ে বেশি আবেদন পড়েছে জার্মানির জন্য। আবেদনে সবার শীর্ষে আছেন সিরীয় নাগরিকরা। এরপরই এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে যুদ্ধবিধ্বস্ত আরেক দেশ আফগানিস্তান।

নিউইয়র্কের ৮০ শতাংশ পরিবার শিশুর যত্ন নিতে অক্ষম

(প্রথম পাতার পর)

বোরো ইনস্টিটিউটের একটি প্রতিবেদনে বলা হয়, অর্থনৈতিক সংকট, মূল্যস্ফীতি, ক্রমবর্ধমান বাসা ভাড়া বৃদ্ধির কারনে নিউইয়র্কের পরিবারগুলো শিশুদের যত্ন নিতে পারছেনা। কিছু কিছু ক্ষেত্রে পরিবারগুলো নিউইয়র্ক ছেড়ে অন্য স্টেটে চলে যেতে বাধ্যও হচ্ছে। প্রতিবেদনের দাবি করা হয়, বর্তমানে নিউইয়র্কে শিশুদের যত্ন নেওয়া ব্যয়বহুল হয়ে পড়েছে। ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক গ্রেস রাউ বলেন, নিউইয়র্কের ভবিষ্যত নির্ভর করে সাশ্রয়ী মূল্য এবং উচ্চ মানের শিশুর যত্নের উপর। তাই শিশুদের যত্ন নিশ্চিতে মেয়র এরিক অ্যাডামসকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

ঢাকায় ভবনের ফিটনেস যাচাইয়ে 'থার্ড পার্টি'

মতিন আবদুল্লাহ: ঢাকার ভবনগুলোর দুর্ঘটনা রোধ ও নকশা অনুযায়ী নির্মাণ নিশ্চিত করতে 'থার্ড পার্টি এন্ট্রি (টিপিই)' নিয়োগ দেবে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। এজন্য সংশ্লিষ্ট সব আইন ও বিধি পর্যালোচনা করে গাইড লাইনও তৈরি করছে সংস্থাটি। আজ নগর উন্নয়ন কমিটির সভায় এই নীতিমালা অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। অনুমোদন পেলে দ্রুততম সময়ের মধ্যে তার বাস্তবায়ন শুরু করবে রাজউক। রাজউক সূত্রে জানা যায়, টিপিই'র মাধ্যমে ভবনের ফিটনেস যাচাই প্রতিবর্গফুট ২০ টাকা হারে ফি দিতে হবে। তবে একটি ভবনের ফিটনেস যাচাইয়ে সর্বনিম্ন ফি হবে ৫ লাখ টাকা। যাচাইয়ের পর ভবনটি ঝুঁকিপূর্ণ নয়, ঝুঁকিপূর্ণ, রেট্রোফিটিং বা পুনঃনির্মাণ করার সুপারিশ করবে। থার্ড পার্টির পরিদর্শকদের রাজউক পরিচয়পত্র দেবে, যা তাদের ইমারত পরিদর্শনের অধিকার দেবে। তবে অনুমোদনহীন ভবনগুলোর ফিটনেস যাচাই করা হবে কিনা, সেই সিদ্ধান্ত রাজউক গ্রহণ করবে।

সূত্রে আরও জানা যায়, ভবনসংক্রান্ত রাজউকের মাঠ পর্যায়ের কর্মকর্তা অথরাইজড অফিসার ও সহকারী অথরাইজড অফিসারের তত্ত্বাবধানে থাকবে 'থার্ড পার্টি এন্ট্রি' (টিপিই)। এ কর্মকর্তারা যেকোনো সময় টিপিইদের কার্যক্রম তদারকি করতে পারবেন। এসব কার্যক্রম তদারকি কৌশল শেখাতে তাদের প্রশিক্ষণের আওতায় আনবে রাজউক।

জানতে চাইলে রাজউক চেয়ারম্যান মো. আনিছুর রহমান মিএগ্রা বলেন, অতি দ্রুত নগরায়ন ঘটছে ঢাকা ও আশপাশের এলাকায়। রাজউকের সীমিত জনবল দিয়ে সঠিকভাবে ভবনের নকশা যাচাই-বাছাই, নকশা অনুমোদন ও সরেজমিন নির্মাণকাজ পরিদর্শন কঠিন হয়ে পড়েছে। এতে করে ভবনের ত্রুটি থেকে যাচ্ছে। এজন্য থার্ড পার্টি প্রক্রিয়ায় যাওয়া ছাড়া কোনো উপায় নেই। তিনি আরও বলেন, নগরবাসীর সুরক্ষার কথা বিবেচনা করে ইমারতে নকশা যাচাই-বাছাই, ভবন পরিদর্শন সেবা দেওয়ার জন্য বাইরের পরামর্শ দাতা এবং থার্ড পার্টি প্রতিষ্ঠান নিয়োগ করা হবে। যাদের ইমারত সুরক্ষা নিশ্চিতের ক্ষেত্রে পরীক্ষিত বিশেষ দক্ষতা আছে নির্ধারিত প্রক্রিয়ায় মাধ্যমে তাদের নিয়োগ করা হবে।

থার্ড পার্টির কাজ ও ক্ষমতা : থার্ড পার্টি এন্ট্রি বা টিপিই প্রতিষ্ঠান রাজউকের বাইরে থেকে সহযোগী হিসাবে কাজ করবে। নির্মাণ নিয়ন্ত্রণ ও নির্মাণসংক্রান্ত কাজে সহযোগিতা দেবে। তাদের ততটুকু কাজ ও ক্ষমতা থাকবে, যতটুকু রাজউক তাদের দেবে। সময়ের সঙ্গে সঙ্গে তা পরিবর্তন হতে পারবে। যতদিন রাজউক পর্যাপ্ত সক্ষমতা অর্জন করতে পারবে না, ততদিন পর্যন্ত টিপিই প্রতিষ্ঠান নকশা যাচাই-বাছাই ও ইমারত পরিদর্শনের সেবা দিতে পারবে।

মূল্যায়নের আওতাভুক্ত ভবন : সরকারি ও স্বায়ত্তশাসিত ভবনগুলো নিজস্ব সংস্থার উদ্যোগে ফিটনেস যাচাই করতে হবে। আর রাজউকের নিয়োগ করা টিপিই বেসরকারি ভবনের ফিটনেস যাচাই-বাছাই করবে। প্রাথমিক পর্যায়ে স্বল্পসংখ্যক ভবন বেছে নেওয়া হবে। ধাপে ধাপে কাজের পরিধি বাড়ানো হবে। তবে অগ্রাধিকার দেওয়া হবে-বাণিজ্যিক ভবন, হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান, সিনেমা হল, কনভেনশন হল, মালটিপারপাস হল, শপিংমল, মার্কেট, সুপারশপ, গার্মেন্টস ও জরুরি কাজে ব্যবহৃত ভবনসমূহ।

ওয়ার্ডভিত্তিক ভবনের তালিকা : থার্ড পার্টি এন্টি (টিপিই) প্রতিষ্ঠানের মাধ্যমে ওয়ার্ডভিত্তিক ভবনের তালিকা প্রণয়ন করা হবে। ওই তালিকায় ভবনের হোল্ডিং নম্বর, কয়তলা, আয়তন, নির্মাণ অনুমোদনের সাল, ব্যবহারের ধরন ও ছবি থাকবে।

উল্লেখ্য, গত ২৯ ফেব্রুয়ারী বৃহস্পতিবার রাতে রাজধানীর বেইলি রোডে গ্রিনকজি কটেজ ভবনে ভয়াবহ আগুনের ঘটনায় ৪৬ জন নিহত হন। তাদের মধ্যে ৪৪ জনের লাশ হস্তান্তর করা হয়। অবশিষ্ট দুটি লাশের দাবিদার দুই পরিবার। যার একটি রাজধানীর রামপুরার বনশ্রীর বাসিন্দা আলহাজ নজরুল ইসলামের ছেলে







ফিলাডেলফিয়ায় নতুন আরো একটি মসজিদ

মুনা সেন্টার অফ আপার ডার্বিও গ্র্যান্ড ওপেনিং অনুষ্ঠিত

পেনসিলভেনিয়া: যুক্তরাষ্ট্রের পিনসিলভেনিয়া রাজ্যের ফিলাডেলফিয়া সিটির আপার ডার্বিতে আরেকটি মসজিদের কার্যক্রম শুরু হলো। গত ২৫ ফেব্রুয়ারী রোববার বাদ যোহর 'মুনা সেন্টার অফ আপার ডার্বি' গ্র্যান্ড ওপেনিং এর মাধ্যমে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে। মুনা পেনসিলভেনিয়া সাউথ চ্যাপ্টার সভাপতি মোহাম্মদ বেলাল মিয়ার সভাপতিত্বে ও সাইদ হাসান এবং নোমান সিদ্দিকীর যৌথ পরিচালনায় গ্র্যান্ড ওপেনিং অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা মুনা'র সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন। বিশেষ অতিথি ছিলেন মুনা'র এইড এন্ড রিলিফ ডিরেক্টর নাসির উদ্দিন, মুনা ইষ্ট জোন এক্সিকিউটিভ ডিরেক্টর মাওলানা ফারুক আহমেদ, ইস্ট জোন ফ্যামিলি ডেভোলাভম্যান্ট এন্ড সাপোর্ট ডিরেক্টর ব্রাদার হুমায়ুন কবির ও ইষ্ট জোন মুনা ইয়ুথ প্রেসিডেন্ট ফয়সাল আযাদ। এছাড়াও মুনা সেন্টার অফ দেলোয়ারের ইমাম মাওলানা সিদ্দিকুর রহমান, আপার ডার্বি মাসজিদ আল মদিনার ইমাম মুফতি রায়হান, মাওলানা আব্দুল আওয়াল, মাওলানা নুরুল ইসলাম সহ স্থানীয় কমিউনিটির বিভিন্ন সামাজিক সমিতির উর্ধতন নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ইমাম দেলোয়ার হোসাইন বলেন, যে জায়গায় এতোদিন চার্চের মাধ্যমে শিরক হতো সে জায়গায় আজ থেকে মাসজিদ প্রতিষ্ঠার মধ্য দিয়ে আল্লাহু আকবার তাকবির হবে। এই মাসজিদ অত্র এলাকার ইসলামের জাগরণে অগ্রণী ভুমিকা রাখবে ইনশা আল্লাহ। তাই সবাইকে মসজিদ কেন্দ্রীক জীবন পরিচালনার এবং আল্লাহর ঘরের রক্ষণাবেক্ষণ এর দায়িত্ব নেয়ার আহবান জানান।

পাঁচ শতাধিক নারী পুরুষ ও শিশুদের কোলাহলে মুখরিত গগ্র্যান্ড ওপেনিং অনুষ্ঠানে মুনার বিভিন্ন চ্যাপ্টার, সাব চ্যাপ্টারের ম্যান, ওয়েম্যান, চিলড্রেন এর দায়িত্বশীল ও জনশক্তিরা উপস্থিত ছিলেন। রাতে ডিনার পরিবেশনার মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

নিউইয়র্কে 'জয় বাংলাদেশ' ম্যাগাজিনের উদ্বোধন

রাষ্ট্রভাষা আন্দোলন এখনও চলমান : আবু জাফর মাহমুদ



নিউইয়র্ক: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেইন ব্যাটালিয়ান কমান্ডার, গ্লোবাল পিস অ্যামব্যাসেডর স্যার ড. আবু জাফর মাহমুদের সম্পাদনায় প্রকাশিত হয়েছে বাংলা সাময়িকপত্র 'জয় বাংলাদেশ'। গত ১৭ ফেব্রুয়ারী নিউইয়র্ক স্টেট এর রাজধানী আলবেনী সিটি হলে আন্তর্জাতিক কমিউনিটির উপস্থিতিতে ইংরেজি ভাষার ম্যাগাজিন 'দ্য বে ওয়েভ' প্রকাশের পর ২০ ফেব্রুয়ারী যুক্তরাষ্ট্রে সর্ববৃহৎ একুশ উদযাপনী অনুষ্ঠানে মোড়ক উন্মোচন করা হয় 'জয় বাংলাদেশ' ম্যাগাজিন এর। এ সময় বাংলাদেশ সোসাইটির নেতৃবৃন্দসহ নিউইয়র্কের বিভিন্ন আঞ্চলিক সংগঠনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আবু জাফর মাহমুদ বলেন, আমরা বঙ্গোপসাগরের ঢেউ তুলছি। বঙ্গোপসাগর থেকে যে ঢেউ উৎসারিত হয়েছে তা আজ এখানে নতুন তরঙ্গ সৃষ্টি করেছে। বিশ্বময় ভ্রমনের জন্য এই সাময়িকীর দায়িত্ব সামনে রেখে যে অভিযান, সে অভিযানের জন্য উপযুক্ত জায়গা বাংলাদেশ সোসাইটির সবচেয়ে বড় এই একুশের মঞ্চ।

নিউইয়র্কের উডসাইটে টিবেটে কমিউনিটি সেন্টারে বিশাল পরিসরে একুশ উদযাপনী অনুষ্ঠানে আবু জাফর মাহমুদ ছিলেন প্রধান অতিথি। তিনি দুই পর্বের অনুষ্ঠানের প্রথম পর্বে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ সোসাইটি আয়োজিত শিশু-কিশোরদের চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতার উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া।

একুশের বৃহত্তম অনুষ্ঠানে প্রধান অতিথি আবু জাফর মাহমুদ উপস্থিত সহস্রাধিক সূধীবৃন্দের মাঝে একুশের চেতনার গভীর তথ্যচিত্র তুলে ধরেন। তিনি বলেন, একুশে ফেব্রুয়ারীকে আমরা শহীদ দিবস আর ৫২'র প্রেক্ষাপটকে মাতৃভাষা আন্দোলন বলে থাকি। এ বিষয়টি পরিস্কার হওয়া দরকার। একুশে ফেব্রুয়ারীর আগে ৪৭ সনের আগে আমাদের পূর্ব পুরুষরা কি বাংলায় কথা বলতো না? সবাই বাংলা ভাষায় কথা বলতাম। মাতৃভাষা বাংলা আগেও ছিল। বাংলায় কথা বলতাম বলেই, ছাত্রজনতার দাবি উঠেছিল 'রাষ্ট্রভাষা বাংলা চাই'। সেটি ছিল রাষ্ট্রভাষা বাংলার দাবিতে আন্দোলন। এখন সবার মনে রাখা দরকার, রাষ্ট্রভাষা আন্দোলনের দাবি এখনও ফুরিয়ে গেছে কি-না! আমরা কি সর্বস্তরে রাষ্ট্রভাষা বাস্তবায়ন করতে পেরেছি? পারিনি। দিনে দিনে বাংলা ভাষার প্রতি আমাদের অবহেলা বেড়েছে। রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় আমরা অন্য ভাষা ও সংস্কৃতিকে দেশের মাটিতে লালন করছি। আমি বিশ্বাস করি, এই আন্দোলন এখনও চলমান।

আবু জাফর মাহমুদ বলেন, আমাদের এই সমাজ মেনে নিয়েছে বাংলাদেশ সোসাইটি সবচেয়ে বড় ও যোগ্যতম সংগঠন। কাজেই শৃঙ্খলার দিক থেকে, জ্ঞানের দিন থেকে, নৈতিকতার দিক থেকে বাংলাদেশ সোসাইটির প্রত্যেকটি কর্মকর্তা মানুষের কাছে দায়বদ্ধ। এটি আমাদের আশা। আমরা আমেরিকার বহুজাতিক সমাজের মধ্যে নেতৃত্বের প্রতিযোগিতায় আছি। তিনি সোসাইটির নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, সমাজে যে কর্মটি করছেন, এটি কোনো অবস্থাতেই রাজনৈতিক দলের মঞ্চ নয়, একথা সবাইকেই মনে রাখা জরুরি।

আবু জাফর মাহমুদ আমাদের ধর্মীয় ও কৃষ্টি সংস্কৃতিক ঐশ্বর্য্যরে কথা উল্লেখ করে বলেন, আমরা প্রত্যেকে যখন জন্ম নিয়েছি, মায়ের পেট থেকে মুসলমান হলে আজানের ধ্বনি আর হিন্দু হলে উঁলু ধ্বনি শুনেছি। এটি যার যার কৃষ্টি। এই কৃষ্টি, সংস্কৃতি ও দেশাত্ববোধ নিয়েই যেন আমরা থাকি। আমাদের একতা খুব দরকার।

অনুষ্ঠানে ব্ল্যাক হিস্ট্রি মান্থ উপলক্ষে আয়োজিত ডায়াসপোরা ককাসে ঘোষিত সংগঠন ও সমাজকর্মের জন্য প্রেসিডেন্ট জো বাইডেনের প্রেসিডেন্সিয়াল অ্যাওয়ার্ড বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব ও সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকীর হাতে তুলে দেন আবু জাফর মাহমুদ। অনুষ্ঠানে নিউইয়র্কের শতাধিক আঞ্চলিক সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

আলোচনা পর্ব শেষে সাংস্কৃতিক সংগঠন নৃত্যাঞ্জলীর আয়োজনে দেশের গান ও নৃত্যে অংশ নেন নিউইয়র্কে বাংলাদেশীদের নতুন প্রজন্ম। রাত বারোটা এক মিনিতে শহীদ মঞ্চে স্থাপিত শহীদ মিনারে ফুল দেয়া শুরু হয়। প্রধান অতিথি আবু জাফর মাহমুদ তার প্রতিষ্ঠান এ জেড এম গ্রুপের পক্ষ থেকে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করেন। এসময় তার প্রতিষ্ঠানের দায়িত্বশীল কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পর্যায়ক্রমে বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের কর্মীরা শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করেন। -প্রেস বিজ্ঞপ্তি।





নিউইয়র্কে যুক্তরাষ্ট্র জাগপা'র উদ্যোগে পিলখানা ট্রাজেডি দিবস পালন

'ভিনদেশি অপশক্তির ইশারায় নির্মমভাবে সেনা হত্যাযজ্ঞ চালানো হয়েছিলো'

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা যুক্তরাষ্ট্র শাখার উদ্যোগে পিলখানা ট্রাজেডি দিবস পালিত হয়েছে। গত ২৭ ফেব্রুয়ারী ব্রুকলীনের নোয়াখালী ভবনে আয়োজিত সভায় জাগপা'র সহ-সভাপতি ও ১২ দলীয় জোটের শীর্ষ নেতা রাশেদ প্রধান টেলিকনফারেন্সে বক্তব্য রাখেন।

জাগপা যুক্তরাষ্ট্র শাখার সভাপতি এএসএম রহমত উল্যাহ ভূঁইয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নোমান সিদ্দিকীর পরিচালনায় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিএনপি'র নির্বাহী কমিটির সদস্য রিটা রহমান, সাংবাদিক ও লেখক সাঈদ তারেক, যুক্তরাষ্ট্র জাসাসের সদস্য সচিব জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দি, বিএনপি নেতা অধ্যাপক সাইদ আজাদ, বিশিষ্ট রাজনীতিক হাজী আনোয়ার হোসেন লিটন, বীর মুক্তিযোদ্ধা গোলাম রহমান, সাংবাদিক চৌধুরী কাজল, বিএনপি নেতা ফারুক, আশরাফুল হাসান, ইকবাল পাটোয়ারী, মাইন উদ্দিন আশরাফ, মাওলানা নূর নবী, ইসমাইল হোছাইন, আব্দুল মান্নান দিদার, ইমরান হোসেন, জোবায়ের হোসেন প্রমুখ।

সভায় রাশেদ প্রধান অভিযোগ করে বলেনে, শেখ হাসিনার পরিকল্পনায় ও ভিনদেশি অপশক্তির ইশারায় ২০০৯ সালের ২৫ ফেব্রুয়ারী পিলখানায় নির্মমভাবে সেনা হত্যাযজ্ঞ চালানো হয়েছিলো। তবে সেই দিন পিলখানা সেনা হত্যার সঙ্গে শেখ হাসিনা সরকার ও আওয়ামী লীগের একাধিক প্রভাবশালী নেতা জড়িত ছিলেন। দেশকে নেতা-সেনা ও মেধাশূন্য করার গভীর ষড়যন্ত্র এখনো অব্যাহত আছে। তিনি বলেন, শেখ হাসিনা সরকার বাংলাদেশের জনগণের সরকার নয়। এই সরকার দিল্লির ক্রীতদাস সরকার। যার নেতৃত্বে ভারত বাংলাদেশকে বিভিন্ন পন্থায় শোষণ-নিপীড়ন ও লুণ্ঠন চালাচ্ছে। প্রতিনিয়ত ভারতীয় বিএসএফ বাহিনী বাংলাদেশের বিজিবি ও নাগরিকদের পাখির মতো গুলি করে হত্যা করে যাচ্ছে। 'ভারত' বাংলাদেশের গণতন্ত্রকে প্রকাশ্যে হত্যার মদদ দিচ্ছে এবং তারা বাংলাদেশের শিক্ষা-চিকিৎসাকে ধ্বংস করার গভীর ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে।

রিটা রহমান বলেন, শেখ হাসিনা সরকার বাংলাদেশের জনগণের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। তাই জনগণের ভোটাধিকার, গণতান্ত্রিক অধিকারসহ সকল মৌলিক অধিকার গুলো কেড়ে নিয়েছে। বলেন, এই সরকার ভারতের নীল নকশা বাস্তবায়ন করার জন্য কাজ করে যাচ্ছে। তিনি অবিলম্বে শেখ হাসিনা সরকারকে পদত্যাগের আহ্বান জানিয়ে বলেন, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় নির্বাচনের ব্যবস্থা করুন।

সভাপতি এএসএম রহমত উল্যাহ ভূঁইয়া বাংলাদেশের জনগণ ও প্রবাসীদের প্রতি ভারতীয় পণ্য বয়কটের আহবান জানিয়ে বলেন, ভারত বাংলাদেশের বন্ধু নয়! তাদের পররাষ্ট্রনীতি বাংলাদেশের প্রতি শোষণ ও লুণ্ঠনের প্রমাণপত্র। এই ভারত শেখ হাসিনাকে বাংলাদেশের পুতুল সরকার বানিয়ে গত পনের বছর ধরে প্রায় দুইশত বছরের সম্পদ বাংলাদেশ থেকে লুটপাট করে নিয়েছে। তাই ভারতকে না বলুন এবং ভারতীয় পণ্য বয়কট করুন। তিনি বলেন, মরহুম শফিউল আলম প্রধান ভারতীয় আগ্রাসনের বিরুদ্ধে আজীবন সংগ্রাম করে গেছেন। তার দেখানো এবং শেখানো পথে জাগপা ও আমাদের রাজনীতি। আগামী দিনে আমরা জাগপা সভাপতি ব্যারিস্টার তাসমিয়া প্রধান ও সিনিয়র সহ-সভাপতি রাশেদ প্রধান এর নেতৃত্বে ভারত বিরোধী আন্দোলন আরো জোর করবো। জনগণকে সাথে নিয়ে বাংলার মাটিতে ভারতীয় দালালদের প্রতিহত করবো ইনশাআল্লাহ।



বাংলাদেশীকে ধরিয়ে দিতে এফবিআই'র ২০ হাজার ডলার পুরস্কার ঘোষণা

(প্রথম পাতার পর)

পোস্টারও প্রকাশ করে ।

এফবিআইয়ের তথ্য অনুসারে, ৩৪ বছর বয়সী আবু চৌধুরী এবং তার স্ত্রী ২৪ বছর বয়সী ইফফাত লুবনাসহ আরও ছয়জন ষড়যন্ত্রকারীকে গত বছর এবং চলতি বছরের জানুয়ারীতে গ্রেপ্তার করা হয়েছে ।

ফেডারেল প্রসিকিউটরদের অভিযোগ, গত বছরের ২৭ মার্চ জ্যামাইকার হিলসাইড এভিনিউয়ের কাছে ১৮১তম সেন্ট থেকে অপহরণকারীরা প্রথম এক ব্যক্তিকে তুলে নেয় । রুহেল চৌধুরী ব্যবহৃত গাড়ির ব্যবসা করেন এবং তার সরবরাহ করা একটি হোন্ডা এসইউভিতে জোর করে ভুক্তভোগীকে তুলে নেন আবু চৌধুরী । পরে আবু চৌধুরী ভুক্তভোগীকে গাড়ির মধ্যে মারধর করেন এবং রুহেল চৌধুরী এসময় নিজেই ওই গাড়িটি চালাচ্ছিলেন বলেও জানিয়েছেন প্রসিকিউটররা ।

প্রসিকিউটররা বলছেন, সন্দেহভাজন সৈয়দ রুবেল আহমেদ, শাহেদ আলম, আনজু খান এবং সুলতানা রাজিয়াকে সঙ্গে নিয়ে রুহেল চৌধুরী সারারাত ভিকটিমকে মারধর করার পাশাপাশি হুমকিও দেন ।

এফবিআই জানায়, অভিযুক্ত লুবনা গত বছরের ১১ মে নিউইয়র্ক সিটির কুইন্সের উডসাইডে একটি রেস্তোরাঁয় দ্বিতীয় এক ভুক্তভোগীকে ডেকে আনে । ফেডারেল তদন্তকারীরা বলছেন, সেখানে লুবনার স্বামী লোকটিকে অতর্কিত আক্রমণ করে এবং তাকে একটি মিনিভ্যানে জোর করে নিয়ে যায় । এই গাড়িটিও রুহেল চৌধুরী সরবরাহ করেছিলেন এবং তিনি নিজেই সেটি চালাচ্ছিলেন ।

পরে রুহেল চৌধুরী ভিকটিমকে একটি হোটেলে নিয়ে গেলে তার সহযোগীরা ভিকটিমকে মারধর করে । এছাড়া হোটেলে আবু চৌধুরী ওই ব্যক্তিকে যৌন হয়রানি করেছিলেন বলেও দাবি করেছেন প্রসিকিউটররা ।

অপহরণের এক পর্যায়ে আবু চৌধুরী ভিকটিমের বাবাকে ফোন করে ২০ হাজার ইউএস ডলার মুক্তিপণ দাবি করে । তদন্তকারীর অভিযোগ, ফোন কলের সময় আবু চৌধুরী টেলিফোনের মাধ্যমে তার চিৎকার যেন শোনা যায়, তা নিশ্চিত করতে ভিকটিমকে প্রচন্ড মারধর করেন ।

সংবাদমাধ্যমটি বলছে, গত বছরের জুলাই মাসে প্রথম কথিত অপহরণের অভিযোগে অভিযুক্ত হন আবু চৌধুরী ও ইফফাত লুবনা । আর এফবিআইয়ের নোটিশে রুহেল চৌধুরীকে বাংলাদেশের বাসিন্দা বলে উল্লেখ করে কুইন্সের হলিস, কুইন্স ভিলেজ এবং জ্যামাইকা এলাকায় তার যাতায়াত রয়েছে বলে জানানো হয় । তার উচ্চতা ৫ ফুট ৭ ইঞ্চি, ওজন ১৫০ পাউন্ড এবং চোখের রঙ বাদামী বলেও জানানো হয়েছে । কেউ তাকে দেখতে পেলে সঙ্গে সঙ্গে তাদের স্থানীয় এফবিআই অফিস বা নিকটস্থ আমেরিকান দূতাবাস বা কনস্যুলেটে যোগাযোগ করতেও বলা হয়েছে ।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও ফুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



এলিফ্যান্ট রোড

গোলাম কিবরিয়া পিনু

এজলাসে কারা?
কার কাছে এজাহার দেবো?
উকিল ও এডিটর–
কোন কোকিলের ডাকে
কোন বনজঙ্গলে গিয়ে উপস্থিত!

ইঞ্জিনচালিত নৌকায় যারা যাচ্ছে
তারা অ্যানেসথেসিয়া নিয়ে অচেতন,
কোন ঘাটপাড়ে যাচ্ছে
তা তারা জানে না!

যারা এডভাইস দেবে
তারাও এজেন্ট!
কোনো এক এজেন্সির দোকান খুলে বসেছে!

এজমালি মাল হয়ে পড়ে আছি
এলিফ্যান্ট রোডে!
কিছুক্ষণ পর– হাতির পা পড়বে আমার ওপর!

সন্ধ্যাতারা সাক্ষী থেকো

আবু আফজাল সালেহ

চাঁদের উদ্দেশ্যে ফিসফিস করে
বললাম, একটি নাম
দু'হাত সমান্তরালে প্রসারিত করলাম পুব-পশ্চিমে
সুখকান্নার প্রতিধ্বনি শুনলাম সন্ধ্যার বুকে
মনের অজান্তেই চুপিচুপি যে নাম বের হয়েছে
সে নাম দেখেছিলাম তোমার খাতার প্রথম পাতায়-
নন্দিনী ।

গোত্রহীন অনুকাব্য

বীরেন পাল

তুমি যাকে ভালবাসা বল
আমি তাকে সক্রেটিসের হাতে
গ্লাসভর্তী হেমলক দেখি ।
দেখি-
চেঙ্গিস খানের লাল ঘোড়া
আর, তার ডান হাতে রক্তাক্ত তলোয়ার ।

আমার কাছে ভালবাসা হল
মুদ্রার জন্মের পূর্বাপর
কিংবা প্রাকআর্য যুগের সরল পণ্য বিনিময় ।

কাঁচের ফাটল

মৌসুমী পুলেন

ঝরঝরে বৃষ্টির খাম লুকোই নীহারিকায়
কেন এস্রাজ বাজে কাঠবাদামের
বুকের ভেতর, বেদুইনের মশকে রাত্রি নামে
পেন্ডুলামের পাঁজরে কতো শত কালের জীবাশ্ম
দৃষ্টিহীন পরিব্রাজকের কর্ণিয়া জুড়ে রূপালী সরোবর ।
ভালোবেসে ছায়া রেখে গেছে রাহু কবলিত চাঁদ
আমার চোখের পরিশ্রান্ত রোদ্দুরে
নাইটিঙ্গেল বাসা বাঁধে
কেন কান্নার করিডোরে অগ্নুৎপাত হয়
তিমির ফুটে ওঠে ক্লান্ত চরণে ।

বিপন্ন স্বপ্নের অঙ্কুর ছেনে নাবিক বন্দর আবিষ্কার করে
গাঙচিল গোধূলী খোঁজে ধূসর মেঘের ঘরে ।

সন্ধ্যাতারা সাক্ষী থেকো!

মুগ্ধ দিনের বসন্ত

আলম মাহবুব

বসন্ত এলেই কি না এলেই কি
সাদা কালো স্বপ্নগুলো আর রঙিন হয়ে উঠে না
পকেট যখন গড়ের মাঠ
হলুদ পাঞ্জাবি নেই বাসন্তী রঙের শাড়ি নেই
সরিষার হলুদ চোখে ধূসর ভাসে
সুতো ছেঁড়া রঙের ঘুড়ি হাওয়ায় উড়ে যায়
মৌমাছিদের গুঞ্জন শুনি না
একটা ফুলও ফুটেনি আছে শুধু ফুলের কঙ্কাল
কি জানি চোখেতে শুধু মেকি উল্লাসের মুকুট ভাসে
কবিতা প্রহর ফিরে যায় অজানা প্রবাসে
আগুনের লিপস্টিকে রাঙানো ঠোঁটে
পার্কের বেঞ্চিতে আর বিকেলের আয়েসি গল্প জমে না
কিসের বসন্ত কিসের কি চাঁদটা বুঝি আগুনের দলা
নিবিড়তার টানে কেবলি দূরে সরে যায় দিগন্ত
রোদ মেখে নদী কালো মেঘের বর্ষা চোখে
হাপিত্যেশে বুক ভাসায়
কোথাও ককটেল পার্টি ঝলমলে নিয়নের আলোয়
তীব্র বাজে আর্তনাদের ট্রাম্পেড
লালে লাল যেন মেঝের কার্পেট দীর্ঘশ্বাসের আলতায়
সন্ধ্যার অন্ধকারেই পৃথিবী ডুবে মুগ্ধ দিনের বসন্ত ।

তোমার চোখে রেখেছি জমা

জহিরুল হক বিদ্যুৎ

এ প্রাণময় উচ্ছ্বাস, সুরভিত বসন্তবেলা
পুষ্প-পল্লবে সাজে বৃক্ষের আড়ং সম্ভার ।
নবযৌবনে গেয়ে ওঠে প্রেমের পদাবলি
থেমে যায় বনজুড়ে ঝরাপাতার আর্তনাদ ।
পলাশ, কৃষ্ণচূড়ার বনে রক্তরাঙা হিন্দোল
ফুলে ফুলে ভ্রমরের গুঞ্জন, জলের শিঞ্জন
যুগল হৃদয়ে ওঠে কম্পন উতলা মন উন্মন,
অনূঢ়ার চোখে প্রীতিময় লাজুক সম্ভাষণ ।
এ এক কাব্যময় লগন, ঋতুরাজ বসন্তবেলা
পাপিয়ার পিউ পিউ কোকিলের কুহুতান
পুষ্প মঞ্জরিতে আলোর নাচন মায়াবী মগন
নিশ্চুপ রাতের আকাশে স্নিগ্ধ নক্ষত্রের মেলা ।
দখিনা মলয়ে নাতিশীতোষ্ণ বসন্তের দ্বারে
এতসব আয়োজন, এত রূপ রস গল্পে ভরা
একটি প্রেমময় গোলাপি রোদের বিকেল

তোমার চোখে রেখেছি জমা, হে প্রিয়তমা!

Flight

LOWEST PRICE CHALLENGE

GLOBAL

NY 1 TRAVELS, INC



MIRZA M ZAMAN

আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!

37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

BD CARGO SERVICES

BD CARGO SERVICES

Our services:

- Amirica to Bangladesh
- Bangladesh to Amirica
- Delivery safely & on time
- Free pakeging
- Fast & Reliable cargo services
- Ship any package up to 23 kg (50lbs.)
- Delivered from door to door



City Delivery | World Wide | Fast Delivery







USA Location :

Office & warehouse
150-43,Shore Avenue,
Jamaica,
NY-11433
+1 516-983-7381

Bangladesh Location :

Contact: MD.Mehedi Hasan
House:08 Road -03
Sector:01, Uttara
Dhaka: 1230
Phone:+88 01738057551

Contact Info +1 347-279-3120 ★ +1 516-983-7370

bdcargocorp@gmail.com



Khalil Biryani House

খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট



সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত

2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884

1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840

www.KHALILSFOOD.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement. Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing [QA] Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

FREE PARKING ONSITE

VALID THRU 03/01/2024 to 03/17/2024

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS

144-01 Hillside Ave, Jamaica, NY 11435

Tel: 718-301-8510

EBT

RAMADAN KAREEM SALE

WE SELL ONLY 100% HALAL CERTIFIED BEEF, GOAT, LAMB AND CHICKEN. ALWAYS FRESH MEAT, NEVER FROZEN

BEEF- $3.79/LB	WHOLE CHICKEN- $2.49/LB	CHICKEN LEGS
 BUY 10 LBS OR MORE, GET 1 FREE PACK OF KALA CHANA, KABULI CHANA OR CHANA DAL. 2LB PACK	 BUY 5, GET 1 FREE BABY CHICKEN	 BUY 5 TRAYS OR MORE, GET 1 FREE TRAY

HILSA 10/12	MRIGAL 3KG	ROHU 3KG	ROHU 4KG	GOLDA	SHRIMP
$18 EACH 	$20 EACH 	$12 EACH 	$2.20/LB 	$14.99 2 LBS 	 $8.99 PACK 31/40 EZP 2 LBS

PRAN MURI	PRAN MANGO JUICE	KALA CHANA	KABULI CHANA	SPLIT DAAL	MEERA BESAN
 4 FOR $5	 3 FOR $4	 2 FOR $8 4 LBS	 $5.49 EACH 4 LBS	 2 FOR $8 4 LBS	 $2.99 EACH 2 LBS

DATES	ORCHID DATES	ROOH AFZA	ATTA/MAIDA	SHAN	RADHUNI
 $4.99 PACK 1 LB	 $24.99 4 LB	 2 FOR $5	 2 FOR $6 2 KG	 3 FOR $5 UPTO 50GM	 3 FOR $4 UPTO 100GM

DANO	GHEE	RAJDHANI MUSTARD OIL	OLIO VILLA	TEA-400GM	SUGAR
 $31.99 EACH 2.5 KG	 $10.99 EACH 450 GM	 $12.99 EACH 5 LTR	 $13.99 EACH 1 GAL	 2 FOR $7	 $3.99 EACH 4 LBS

SALT	CHILI	TOMATO	ONION	EGGPLANT	REG. CELANTRO
3 FOR $4 	 $1.99 LB	 .49C /LB	 $2.99 EACH 10 LBS	 .99C LB	 3 FOR $1

KIRBI	MED. EGGS	MILK	ABDULLAH	KRISHOK	DELTA
 .99C /LB	 2 FOR $5 GRADE A	 2 FOR $5 1 GAL	 $12.99 EACH 20 LBS	 $19.99 EACH 20 LBS	 $33.99 EACH 50 LBS

প্রতি শনিবার ও রবিবার/ EVERY SATURDAY AND SUNDAY

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS
144-01 Hillside Ave, Jamaica, NY 11435
Tel: 718-301-8510

FREE PARKING

VALID ONLY ON 03/02/2024 and 03/03/2024

মাছ মেলা FISH FAIR মাছ মেলা

আপনার বন্ধু এবং পরিবার আপনার সাথে আনুন,সস্তায় মাছ কিনুন

HILSA 10/12 — $17 EACH



MRIGAL 3KG — $18 EACH



ROHU 3KG — $10 EACH



SHORPUTI- 1.5KG — $10 EACH



PANGASH 1KG — $8 EACH



HILSA — $10 EACH PACK OF 3, 300/500



ROHU 4UP/1.99 LB | ROHU 5UP/2.20 LB | MRIGAL 6UP/3.19 LB 7UP/3.79/LB | MRIGAL 4UP/2.99 LB | MRIGAL 5UP/3.29LB



MRIGAL 6UP/3.89lb | MRIGAL 7UP/4.99 lb | KATLA 5UP/2.39 LB | KATLA 6UP/2.49 LB | KATLA 8UP/2.75 LB



KATLA 9UP/2.99 LB | 800-1000gm/ $5.49lb | 10-12/$17 Each | HILSA 12-15/ $9.49L | PACK OF 3/9.99 Each



CHITOL 4UP/3.99 LB | PANGASH 2UP/2.99lb | KORAL 1UP/3.49 lb, 3UP/3.99lb | TELAPIA 2.79/LB | KARFU 2.79/LB



POMFRET 3.49/LB | TELAPIA FILLET 3.49/LB



DON'T FORGET TO STOCK UP FOR RAMADAN

ALL BLOCK FISH ON SALE

10% OFF

GOLDA 12 PCS 14.99 | RAW Shrimp, 11.99 16/20 | 31/40 EZP/2lb $8.99/PACK | 31/40 PDT/2lb $9.99/PACK



RELATED ITEMS ON SALE

DRY KESKI OR DRY ANCHOVI 3 for $10 — UNIVERSAL 200 grams UNIVERSAL | DRY LOTIA 2 for $10 200 grams CK | DRY SHRIMP 2 for $10 | DRY RUPCHADA $7.99



WE ALSO DISTRIBUTE 100% FRESH, HMS CERTIFIED HALAL BEEF, GOAT AND CHICKEN TO NEW YORK GROCERIES

FREE PARKING

IF IT'S A FISH, IT'S ON SALE



নিউইয়র্ক থেকে ঢাকায় ফিরেই সাজেকে শাকিব

বিনোদন ডেস্ক: টানা ১৮ দিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে 'রাজকুমার' ছবির শুটিং করেছেন শাকিব খান। শুটিং শেষে গত ২৮ ফেব্রুয়ারী বুধবার সকালে এমিরেটস এয়ারলাইনসের একটি উড়োজাহাজে চড়ে নিউইয়র্ক থেকে ঢাকায় ফেরেন তিনি। ফিরে এসেই আবার ছুটে গেছেন রাঙামাটির সাজেকে। বিকাল ৪টায় হেলিকপ্টারে চড়ে শাকিব খান সেখানে যান। তবে ভ্রমণের জন্য নয়, শুটিং করতেই সাজেক যাওয়া। শুটিং শেষেই তিনি ঢাকায় ফিরবেন।

আসন্ন রোজার ঈদে মুক্তি পাবে রাজকুমার। এ সিনেমার পুরো শুটিং প্রায় শেষ। বাকি দুদিনের লটে একটি শুটিংয়ে অংশ নিতেই সাজেক গেছেন তিনি। হেলিকপ্টারে করে নায়কের সফরসঙ্গী ছিলেন প্রযোজক আরশাদ আদনানও।

গত বছর মুক্তিপ্রাপ্ত ব্যাপক সাফল্য পাওয়া 'প্রিয়তমা' সিনেমার রেকর্ড ভাঙার চ্যালেঞ্জ নিয়ে নির্মিত হচ্ছে সিনেমাটি। প্রেম, পারিবারিক সম্পর্ক এবং একজন স্বপ্নবাজ তরুণের বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্র যাত্রার গল্পকে কেন্দ্র করে নির্মিত হচ্ছে রাজকুমার।

গত ডিসেম্বর মাসে ঢাকায় সিনেমাটির শুটিং শুরু হয়েছিল। পরে শুটিং হয়েছে চেন্নাই ও মার্কিন মুলুকে। সিনেমায় শাকিব খানের বিপরীতে থাকছেন মার্কিন অভিনেত্রী কোর্টনি কফি।

মাত্র ৩ শব্দ বলে ৫ কোটি রুপি পারিশ্রমিক পেয়েছেন মহেশ!

বিনোদন ডেস্ক: দক্ষিণ ভারতের জনপ্রিয় অভিনেতা মহেশ বাবু। তাকে সবচেয়ে বেশি দেখা যায় তেলেগু সিনেমায়। বছরখানেক আগে মহেশ অভিযোগ করেছিলেন, বলিউড তাকে উপযুক্ত পারিশ্রমিক দিতে পারবে না, তাই তিনি দক্ষিণী সিনেমাতেই থাকতে চান। তার সেই মন্তব্যে বি টাউনসহ সামাজিক যোগাযোগমাধ্যম ও নেটিজেনদের পাল্টা মন্তব্যে সমালোচনার ঝড় উঠেছিল।



তবে এবার মহেশ বাবুকে পাওয়া গেল ভিন্ন ধাঁচে। ভারতের ই-কমার্স পেমেন্ট সিস্টেম ও ডিজিটাল ওয়ালেট সংস্থা ফোন-পের সঙ্গে যুক্ত হয়েছেন মহেশ বাবু। এটির মানি আউটপুট সেবার একটি নোটিফিকেশনে কণ্ঠ দিয়েছেন এ অভিনেতা। ফোন-পেতে টাকা আদান-প্রদান হলেই বাজবে মহেশের কণ্ঠস্বর। শোনা যাবে তার কণ্ঠ, 'থ্যাংক ইউ বস।' যারা সেবাটি ব্যবহার করেন, তারা ইতোমধ্যে শুনে ফেলেছেন এ অভিনেতার গলায় সম্বোধনটি।

উল্লেখ্য, এই তিনটি শব্দ বলতেই মহেশ পারিশ্রমিক নিয়েছেন ৫ কোটি রুপি। এই কাজের জন্য যে পারিশ্রমিক নিয়েছেন তিনি, সেটা প্রকাশ্যে আসার পর অনেকেই বুঝেছেন কেন বলিউডের পারিশ্রমিক নিয়ে আগের সেই ভাবনা প্রকাশ করেছিলেন তিনি।



ঢাকার বেইলি রোড ট্রাজেডি, চিত্রতারকাদের অনুভূতি.....

বিনোদন ডেস্ক: রাজধানী ঢাকার বেইলি রোডের ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনায় প্রাণ গেছে অন্তত ৪৬ জনের। হাসপাতালে চিকিৎসাধীন অনেকের অবস্থাও সঙ্কটাপন্ন। নিহতদের স্বজনদের আহাজারিতে বিমর্ষ চারপাশ! বেইলি রোড ট্রাজেডির শোক স্পর্শ করছে দেশের চিত্রতারকাদেরও। সামাজিক যোগাযোগ মাধ্যমে তারা জানিয়েছেন নিজেদের অনুভূতি।

বিজরী বরকতউল্লা: 'আহা, বেইলি রোড! ছোটবেলা, স্কুল-কলেজের কত স্মৃতি! এই তো সেদিনও গেলাম খেতে। কি অদ্ভুত অনিশ্চিত জীবন। দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের রূহের মাগফেরাত কামনা করি। আল্লাহ, স্বজনদের শোক বইবার শক্তি দাও।'

শাকিব খান: 'কিছুদিন পরপর অগ্নিকান্ডের এতো এতো তরতাজা প্রাণ অকালে চলে যাওয়া এবং ক্ষয়ক্ষতি কোনোভাবে কাম্য নয়। এসব ঘটনার সুষ্ঠু তদন্তের নিষ্পত্তি হওয়া প্রয়োজন। আর জীবনের ঝুঁকি নিয়ে যারা সবসময় এমন অনাকাঙ্খিত দুর্ঘটনা মোকাবিলা করে সাধারণ মানুষের জন্য জীবনের ঝুঁকি নিয়ে ঝাঁপিয়ে পড়েন, সেইসব ফায়ার সার্ভিস কর্মীদের জানাই স্যালুট!'

অপু বিশ্বাস: 'বেইলি রোডে অগ্নিকান্ডে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। এই ধরনের মর্মান্তিক এবং বেদনাদায়ক ঘটনার যেন আর পুনরাবৃত্তি না ঘটে। ঈশ্বর সকলের মঙ্গল করুক।'

চঞ্চল চৌধুরী: 'হায় রে বেইলি রোড। এই ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনায় আমরা আরণ্যক পরিবার শোকাহত।'

শবনম বুবলী: 'বেইলি রোডের অগ্নিকান্ডে নিহতদের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করছি! মহান আল্লাহপাক ভুক্তভোগী পরিবারগুলোর সবাইকে এই শোক কাটিয়ে ওঠার শক্তি দান করুন!'

রওনক হাসান: 'যে সড়কটা একদিন শিল্প ও শিল্পীর পদচারণায় মুখরিত ছিল। সেখানে তাদের হটিয়ে খাদ্য আর খাদকের ভাগাড়ে পরিণত করলে এই হয় পরিণতি! রেস্ট ইন পিস প্রিয় বেইলি রোড!'

বিদ্যা সিনহা মিম: 'এমন ২৯ ফেব্রুয়ারী আর কখনো কারো জীবনে না আসুক। বেইলি রোডের অগ্নিকান্ডের ঘটনায় যারা মারা গেছেন তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করছি।'

জায়েদ খান: 'এতগুলো নিরীহ প্রাণ বিসর্জন হলো অগ্নিকান্ডে! দুঃখ প্রকাশের ভাষা নেই। আমাদের আরও সাবধানতা প্রয়োজন, বিশেষ করে সিলিন্ডারের গ্যাস ব্যবহারের ক্ষেত্রে।'

জিয়াউল ফারুক অপূর্ব: 'বেইলি রোড অগ্নিকাণ্ডে আহত-নিহতদের প্রতি সমবেদনা। মহান আল্লাহ সবার পরিবারকে এই শোক সইবার শক্তি দিন।'

তৌসিফ মাহবুব: 'ঝলমলে বেইলি রোড এখন পোড়া বাড়ি! ভিডিও দেখে যতটুকু বুঝলাম, আগুনের সূত্রপাত নিচতলা থেকে, কাচ্চি ভাই থেকে নয়।'

নাদিয়া আহমেদ: 'আহা বেইলি রোড! দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের রূহের মাগফেরাত কামনা করি। স্বজনদের শোক বইবার শক্তি দাও আল্লাহ।'

নিপুন আক্তার: 'আল্লাহ তুমি তোমার সব বান্দাদের হেফাজতে রেখো!'

চয়নিকা চৌধুরী: 'একি শুনলাম! হায়রে বেইলি রোড! অনেক প্রার্থনা! এমন দুর্ঘটনা কারো জীবনে যেন না আসে। মুহূর্তের ভিতর বেইলি রোডের আগুনে হারিয়ে গেলো প্রায় অর্ধশত মানুষ। বার্ন ইউনিটে মৃত্যুর সাথে লড়ছেন যারা, প্রার্থনা তাদের জন্য। আর যারা নেই, কী আর লিখব, বলবো! প্রার্থনা আর সমবেদনা।'

সাইমন সাদিক: ৪৬ জন মানুষের মৃত্যু আপনার কাছে খুব অল্প মনে হচ্ছে? একবার ভাবুন তো এই ৪৬ জনের সাথে কতশত হাজার জনের সখ্যতা,ভালোবাসার সম্পর্ক ছিল! ভাবুন। আসুন সাবধান হই, বিবেকবান হই, সৎ হই, মানুষ হওয়ার চেষ্টা করি! মহান আল্লাহ সবাইকে হেফাজত করুন।

কোনাল: আমি বাকরুদ্ধ। বেইলি রোডের এই মর্মান্তিক ঘটনায় ক্ষতিগ্রস্ত সকলের আত্মা ও তাদের পরিবারের জন্য প্রার্থনা করছি।

শরাফ আহমেদ জীবন: 'আহা! বেইলি রোড!.....দায়িত্বহীনতার বিচার হোক।'

আশনা হাবিব ভাবনা: 'এই ৪৬ জন কারো মেয়ে, কারো বাবা, কারো মা, কারো ছেলে, কারো ভাই, কারো বোন, কারো ভালোবাসার মানুষ, কারো প্রাণের বন্ধু, কারো একমাত্র মনের মানুষ, কারো একমাত্র আশ্রয়ের জায়গা, আজ ঢাকার বাতাসে পোড়া গন্ধ। আহারে! জীবন আর মৃত্যুর মাঝখানে ফারাক কতটুকু?'

'মাহিকে নিয়ে কেউ বাজে কথা বইলেন না প্লিজ'



বিনোদন ডেস্ক: ঢাকাই সিনেমার চিত্রনায়িকা মাহিয়া মাহিকে নিয়ে এক স্ট্যাটাস দিয়েছেন তার স্বামী রাকিব সরকার। গত ২৮ ফেব্রুয়ারী বুধবার মধ্যরাতে নিজের ফেসবুক পেজে দেওয়া সেই স্ট্যাটাসে রাকিব বলেছেন, মাহিকে নিয়ে কেউ বাজে কথা বইলেন না প্লিজ।

ওই স্ট্যাটাসে চিত্রনায়িকার স্বামী লিখেছেন, মাহি দীর্ঘদিন ধরে কুফুরি দ্বারা আক্রান্ত। মাহিকে নিয়ে কেউ বাজে কথা বইলেন না, প্লিজ। আমি অনেক কষ্ট পাই। একসঙ্গে না থাকলেও তাকে আমি ভালোবাসি। ফারিশের মা হিসেবে তার সম্মান অনেক উর্ধ্বে।

এর আগে গত মঙ্গলবার রাতে ফেসবুকে এক ভিডিওবার্তা নিয়ে হাজির হন মাহি। এ সময় সিনেমা থেকে দূরে সরে আসার কারণও জানান অভিনেত্রী। মাহি বলেন, রাকিব আমার সাবেক স্বামী ছিলেন, আমার ভালোবাসার মানুষ ছিলেন। আমি তাকে ভালোবেসেছি। অল্প না, অনেক ভালোবাসি। যার কারণে আমি সিনেমা থেকে অনেক দূরে চলে গিয়েছিলাম। কেন গিয়েছি? কারণ তিনি তা পছন্দ করতেন না। সে আমাকে কখনো বলে নাই যে তুমি সিনেমা করতে পারবে না। আমার মনে হয়েছে যে, ওর এটা (সিনেমা) পছন্দ না। আমি এ জন্য সিনেমা থেকে সরে গিয়েছিলাম।

রাকিবকে এখনো সম্মান করেন জানিয়ে এই অভিনেত্রী বলেন, রাকিব ফেসবুকে কী লিখল, কী লিখল না সেটি আমার কিছু না– আমি 'ডন্ট কেয়ার'। আমার পেটের মধ্যে বোমা মারলেও, আমার মাথায় পিস্তল ধরলেও আমি রাকিবের ব্যাপারে খারাপ কিছু বলতে পারব না। আমি তাকে সম্মান করি এবং এটা মৃত্যু পর্যন্ত থাকবে। ওর কি কোনো নেগেটিভ সাইট নাই? দুইটা মানুষ প্রেম করার সময় বোঝা যায় না কার কী প্রবলেম। বিয়ের হলে বোঝা যায় কার কী প্রবলেম।

এ সময় সাংবাদিকদের উদ্দেশে বলেন, আমার কোনো গান ভালো লাগলে সেটা ফেসবুকে লিখি, কোনো সিনেমা দেখলে ডায়ালগ ভালো লাগলে সেটা ফেসবুকে লিখি, সে জন্য আমার মন খারাপ এমন নয়। তবে হ্যাঁ, দীর্ঘদিনের এক সম্পর্ক থেকে বের হয়ে এসেছি, সে জন্য মন খারাপ। তবে এটা নিয়ে যেভাবে নিউজ করছে, মনে হচ্ছে যেন আমি কাউকে খুঁজতে দ্বারে দ্বারে ঘুরতেছি। না, আমার কাউকে লাগবে না। আমার ফারিশ আছে। আমি তাকে নিয়েই ভালো আছি।

প্রসঙ্গত, গত ১৬ ফেব্রুয়ারী ফেসবুকে এক ভিডিওবার্তায় স্বামী রাকিব সরকারের সঙ্গে বিয়েবিচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছেন বলে জানান মাহিয়া মাহি। এর পর থেকে ফেসবুকে বিভিন্ন সময় করা পোস্টে নিজের একাকিত্বে ভোগা ও আস্থাহীনতার বিষয় তুলে ধরেছেন তিনি।

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl Jackson Heights, NY 11372 917-744-7308, 718-457-0813	87-54 168th Street, 2nd Fl Jamaica, NY 11432 718-406-5549	1 Blacksmith Lane Dix Hill, NY 11731 718-406-5549	2148 Starling Ave. Bronx, NY 10462 718-406-5549	175 B Forbell Street Brooklyn, NY 11208 718-406-5549	859 Fillmore Ave Buffalo, NY 14212 718-406-5549

আমেরিকার টুকরো খবর

গাজায় বিমান থেকে খাবার ফেললো যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় প্রথমবারের মতো সামরিক বিমানে করে খাবার দিয়েছে যুক্তরাষ্ট্র। গত ১ মার্চ শুক্রবার বিমানে করে গাজায় খাবার সরবরাহের পরিকল্পনার কথা ঘোষণা করেন প্রেসিডেন্ট জো বাইডেন। গত বৃহস্পতিবার ত্রাণসহায়তা নিতে গিয়ে ইসরায়েলি সেনাদের গুলিতে শতাধিক ফিলিস্তিনি নিহত হওয়ার পরই তিনি এমন ঘোষণা দিয়েছিলেন। এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, শনিবার তিনটি সি-১৩০ বিমান থেকে ৩৮ হাজারের বেশি খাবার গাজার উপকূলীয় এলাকায় ফেলা হয়েছে। স্থল করিডোর ও রুটের মাধ্যমে গাজায় ত্রাণের প্রবাহ বাড়াতে টেকসই প্রচেষ্টার অংশ হিসেবে বিমানে করে এসব খাবার দেওয়া হয়েছে। জর্ডানের বিমানবাহিনীর সঙ্গে যৌথভাবে এই খাবার অভিযান পরিচালনা করেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী।

ইরাকের কাছে ক্ষমা চাইলো যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: চলতি বছরের জানুয়ারীতে জর্ডানে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটিতে ড্রোন হামলায় তিন সেনা নিহত হয়। ওই হামলার প্রতিশোধ নিতে ফেব্রুয়ারীর শুরুতে ইরাক ও সিরিয়ায় পাল্টা হামলা চালায় যুক্তরাষ্ট্র। দেশটির পররাষ্ট্রমন্ত্রী ফুয়াদ মোহাম্মদ হুসেন রাশিয়ার সংবাদমাধ্যম স্পুটনিককে বলেছেন, গত ২ ফেব্রুয়ারী ইরাকি ভূখ- বিমান হামলার বিষয়ে আগাম সতর্ক করতে ব্যর্থ হয় যুক্তরাষ্ট্র। সেজন্য বাগদাদের কাছে ক্ষমা চেয়েছে ওয়াশিংটন। সম্প্রতি আন্টালিয়া কূটনীতিক ফোরামে অংশ নেয়ার সময় তিনি এসব কথা বলেন। যদিও এসব হামলার আগে ইরাক সরকারকে জানানো হয়েছিল বলে প্রথমে দাবি করেছিলেন হোয়াইট হাউসের ন্যাশনাল সিকিউরিটি কমিউনিকেশনস অ্যাডভাইজার জন কিরবি। পরে পররাষ্ট্র দফতরের উপ-মুখপাত্র বেদান্ত প্যাটেল ৬ ফেব্রুয়ারি স্বীকার করেন, ওয়াশিংটন হামলার আগে বাগদাদকে সতর্ক করেনি যুক্তরাষ্ট্র। পরে নিজের বক্তব্য প্রত্যাহার করে নিয়ে ক্ষমা চান কিরবি।

গাজায় নৌ ও স্থলপথে ত্রাণসহায়তা দেওয়ার আহ্বান সিনেটরের


বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় সমুদ্র ও স্থলপথে মানবিক ত্রাণসহায়তা দেওয়ার আহ্বান জানিয়েছেন সেনেটর জেফ মার্কলে। শনিবার (২ মার্চ) যুক্তরাষ্ট্র কর্তৃক গাজায় বিমানে করে খাবার দেওয়ার পর তিনি প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের প্রতি এই আহ্বান জানান। ওরেগন স্টেটের ডেমোক্র্যাটিক সিনেটর জেফ মার্কলে এক এক্সবার্তায় লিখেন, গাজায় নিদারুণভাবে প্রয়োজনীয় মানবিক ত্রাণসহায়তা বিমান থেকে ফেলা শুরু করেছে যুক্তরাষ্ট্র। সংকটের এই সময়ে তুলনামূলক হাওে আরো বেশি ত্রাণসহায়তা দিতে সমুদ্র ও স্থলপথের বিষয়টি যুক্ত করতে তিনি বাইডেন প্রশাসনের প্রতি আহবান জানান । জেফ মার্কলে আরও বলেন, যুদ্ধবিরতির আহ্বান জানানোর পাশাপাশি তিনি গাজায় প্রয়োজনীয় ত্রাণসহায়তা খাদ্য, ওষুধ ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র ব্যাপকহারে প্রবেশের অনুমতি দেওয়ার কথা বলেন।

ইসরায়েলি গণহত্যায় সবুজ সংকেত দিয়েছে আমেরিকা : ইলহান ওমর

বাংলা পত্রিকা ডেস্ক: গাজা উপত্যকায় ফিলিস্তিনি জনগণের ওপর গণহত্যা চালাতে ইসরায়েলকে সবুজ সংকেত দিয়েছে আমেরিকা। গত ১ মার্চ শুক্রবার এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন কংগ্রেস সদস্য ইলহান ওমর। কংগ্রেসের অনুমোদন ছাড়াই ইসরায়েলকে অতিরিক্ত অস্ত্র পাঠানোর জন্য প্রেসিডেন্ট বাইডেন প্রশাসনের কড়া সমালোচনা করে তিনি বলেন, এই প্রশাসন ফিলিস্তিনি জনগণের ওপর গণহত্যার সবুজ সংকতে দিয়ে নিরপেক্ষ মধ্যস্থতাকারীর ভূমিকা নিতে পারে না। ইসরায়েলের অস্ত্রভা-ার সমৃদ্ধ করা কোনও পররাষ্ট্রনীতি নয়। এটিকে সেইসব নিরস্ত্র মানুষের বিরুদ্ধে রাষ্ট্র-নিয়ন্ত্রিত সহিংসতা বলে উল্লেখ করেন তিনি। এই আইনপ্রণেতা আরো বলেন, সত্যিকার অর্থে মানবতাকে রক্ষা করতে, গাজার নিরপরাধ মানুষকে বাঁচাতে এবং পণবন্দিদেরকে নিরাপদে ফিরিয়ে আনতে এই মুহূর্তে যুদ্ধ বন্ধ করতে হবে। তেল আবিবের প্রতি ওয়াশিংটনের সামরিক সহায়তাকে 'রাষ্ট্র-নিয়ন্ত্রিত সহিংসতা' বলে উল্লেখ করেন তিনি।

দাবানলে পুড়ছে টেক্সাস, বন্ধ পরমাণু অস্ত্র তৈরির কারখানা!

বাংলা পত্রিকা ডেস্ক: ভয়াবহ দাবানল গ্রাস করে নিচ্ছে টেক্সাস স্টেটকে। প্রবল বাতাস ও উষ্ণ আবহাওয়ার কারণে দ্রুতই ছড়িয়ে পড়ছে আগুন। এরইমধ্যে দাবানল গ্রাস করেছে প্রায় ১০ লাখ একর এলাকা। সোমবার বিকেল থেকে শুরু হওয়া এই দাবানলের আগুন দ্রুতই ছড়িয়ে পড়ছে বলে জানিয়েছে স্থানীয় কর্তৃপক্ষ। ক্রমশ









১০২ বছর বয়সে মারা গেলেন আমেরিকান ফ্যাশন আইকন আইরিস আফেল

বাংলা পত্রিকা ডেস্ক: আমেরিকান ডিজাইনার ও ফ্যাশন আইকন আইরিস আফেল ১০২ বছর বয়সে মারা গেছেন। গত ১ মার্চ শুক্রবার ফ্লোরিডার পাম বিচে নিজ বাড়িতে মারা যান নিজস্ব ঘরানার ফ্যাশনের জন্য বিখ্যাত এই নারী। পাম বিচ এস্টেটের মুখপাত্র স্টু লোসার এতথ্য নিশ্চিত করেন। স্ব-ঘোষিত 'সেকেলে তারকা' আইরিস অ্যাফেল নিজের স্বতন্ত্র স্টাইলে কাটা মাথাভর্তি সাদা চুল, চোখে বড় আকারের রিমযুক্ত চশমা, ঠোঁটে উজ্জ্বল লিপস্টিক এবং গায়ে চঙ্কি পুঁতির পোশাকের জন্য সুপরিচিত ছিলেন। ১৯২১ সালে নিউইয়র্কে একটি ইহুদি পরিবারে জন্মগ্রহণ করেন অ্যাফেল। ফ্যাশন শিল্পে একজন ট্রেন্ড সেটার হিসেবে আইরিস আফেল ১৯৮০ ও ৯০'এর দশকে যুক্তরাষ্ট্রে খ্যাতির শীর্ষে পৌঁছেন এবং হোয়াইট হাউসে কয়েক দশক ধরে ইন্টেরিয়র ডিজাইনার হিসেবে কাজ করেছেন।

আমেরিকান বাহিনী হুথিদের মিসাইল ধ্বংস করেছে : সেন্টকম

বাংলা পত্রিকা ডেস্ক: 'আসন্ন হুমকি' মনে করে হুথিদের আকাশে নিক্ষেপণযোগ্য একটি ক্ষেপণাস্ত্র ধ্বংস করেছে আমেরিকান বাহিনী। মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় কমান্ড এক বিবৃতিতে জানায়, শুক্রবার বিকেলে আমেরিকান বাহিনী ইরান-সমর্থিত হুথিদের ভূমি থেকে আকাশে নিক্ষেপণযোগ্য একটি ক্ষেপণাস্ত্রের ওপর আত্মরক্ষামূলক হামলা চালায়। ক্ষেপনাস্ত্রটি উৎক্ষেপণের প্রস্তুতি নিচ্ছিল। 'ক্ষেপণাস্ত্রটি আমেরিকান বিমানের জন্য হুমকি ছিল বলে দাবি করে সেন্টকম। সেন্টকম জানিয়েছে, শুক্রবার রাতে হুথিরা লোহিত সাগরে একটি জাহাজ-বিরোধী ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছিল। তবে 'কোনও জাহাজের ক্ষতি হয়নি।' গত সপ্তাহের শেষ দিকে যুক্তরাষ্ট্র ও ব্রিটিশ বাহিনী ইয়েমেনের আটটি স্থানে ১৮টি হুথি লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে। যার মধ্যে অস্ত্র সংরক্ষণের গুদাম, আক্রমণকারী ড্রোন, বিমান প্রতিরক্ষা ব্যবস্থা, রাডার এবং একটি হেলিকপ্টার রয়েছে।

সব সঞ্চয় ফিলিস্তিনি শিশুদের জন্য দান করে গেছেন গায়ে আগুন দেয়া সেই বিমানসেনা

বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখে- ইসরাইলি বাহিনীর হামলায় নগ্নভাবে সমর্থন দিয়ে যাচ্ছে যুক্তরাষ্ট্র। সেই দুঃখ সহ্য করতে পারেননি বিমানবাহিনীর কর্মী অ্যারন বুশনেল। তিনি এর প্রতিবাদস্বরূপ যুক্তরাষ্ট্রে ইসরাইলি দূতাবাসের সামনে নিজের গায়ে আগুন দেন।আর সেই আত্মাহুতির আগে বিপর্যস্ত ফিলিস্তিনি শিশুদের নিজের সব সম্পদ দান করে গেছেন বুশনেল। তিনি লিখিতভাবে একটি উইল বা দানপত্র সম্পন্ন করে গেছেন। ২৫ বছর বয়সি অ্যারন বুশনেল গত ২৫ ফেব্রুয়ারী রোববার ওয়াশিংটনে ইসরাইলী দূতাবাসের সামনে নিজের গায়ে আগুন দেন। সেই ভিডিওটি তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে সরাসরি সম্প্রচারও করেছিলেন। সেই সময় তিনি 'ফ্রি প্যালেস্টাইন' বলেও স্লোগান দিয়েছেন। জানা গেছে বুশনেল তার সঞ্চিত সব অর্থ প্যালেস্টাইন চিলড্রেনস রিলিফ ফান্ড নামে একটি দাতব্য সংস্থায় দান করেছেন।

গুপ্তচরবৃত্তির সন্দেহ, চীনে সাত যুক্তরাষ্ট্রের সংস্থায় হানা!

বাংলা পত্রিকা ডেস্ক: গত বছরে গুপ্তচরবৃত্তির সন্দেহে চীনে থাকা সাতটি যুক্তরাষ্ট্রের সংস্থায় হানা দিয়েছে শি জিনপিং সরকার! এমনটাই দাবি করেছেন বেজিংয়ে থাকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত নিকোলাস বার্নস। গত ২৫ ফেব্রুয়ারী রোববার সম্প্রচারিত এক অনুষ্ঠানে নিকোলাস এই দাবি করেন। নিকোলাস বলেন, যুক্তরাষ্ট্রের যেসব ব্যবসায়ী চীনে ব্যবসা করতে চান, তাদের জন্য বিষয়টি উদ্বেগের। তিনি বলেন, "এক দিকে চীন বলছে- তাদের দরজা ব্যবসার জন্য উন্মুক্ত। তারা যুক্তরাষ্ট্র এবং জাপানের ব্যবসায়ীদের চায়। অন্যদিকে, তারাই আবার গত মার্চ থেকে যুক্তরাষ্ট্রের ছয় থেকে সাতটি সংস্থায় অভিযান চালিয়েছে। নিকোলাস বলেন, "চীনের গোয়েন্দারা যুক্তরাষ্ট্রের সংস্থায় ঢুকেছে এবং ব্যবসা বন্ধ করে দিতে বাধ্য করেছে। জিনপিং সরকার চীনে থাকা যুক্তরাষ্ট্রের সংস্থাগুলোতে অভিযান চালিয়েছে, তা প্রকাশ্যে এসেছিল আগেই। তবে নিকোলাসের উদ্ধৃতির পর মোট সংখ্যা প্রকাশ্যে এসেছে।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- আসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্বন্ধীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিসিনারি ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea NYSSCPA e-file

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/ নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।



37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con **Abdul Latif Bhuiyan Cell: 646-**

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SECI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&i, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

লং আইল্যান্ডে মানুষের কাটা হাত পা উদ্ধার

বাংলা পত্রিকা ডেস্ক: লং আইল্যান্ডের সাউথার্ডস পার্কের পুকুরে মানুষের দেহাবশেষ উদ্ধার করেছে পুলিশ। গত ১ মার্চ শুক্রবার এক সংবাদ সম্মেলনে লেফটেন্যান্ট কেভিন জানান, লং আইল্যান্ডের ব্যবিলন গ্রামের একটি প্রাথমিক বিদ্যালয়ের পাশেই পার্কের পুকুরে এক মহিলার মাথা, পা এবং বাহু উদ্ধার করা হয়। এর আগেও একই জায়গায় একটি উচ্চ বিদ্যালয়ের এক শিক্ষার্থীর হাত পা উদ্ধার করা হয়েছে বলেও জানান তিনি। জানা যায়, বৃহস্পতিবার এক শিক্ষার্থী স্কুল থেকে বাড়ি ফেরার সময় দেহাবশেষগুলো দেখতে পায়। পরে ৯১১ তে কল দিলে পুলিশ এসে দেহাবশেষ গুলো উদ্ধার করে। নিহত ব্যক্তিদের পরিচয় এখনো শনাক্ত করতে পারেনি পুলিশ। এই ঘটনায় প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয় বলে জানা গেছে।

ক্রাউন হাইটসে সপ্তাহের ৩য় বন্দুক হামলা, নিহত ১

বাংলা পত্রিকা ডেস্ক: ক্রাউন হাইটসে এই সপ্তাহের ৩য় বন্দুক হামলার ঘটনায় ১ জনের প্রাণহানির ঘটনা ঘটেছে। নিউইয়র্ক পুলিশ জানায়, গত ২৯ ফেব্রুয়ারী বৃহস্পতিবার রাত পৌনে ১১ টার দিকে সেন্ট মার্কস এবং ক্রকলিন অ্যাভিনিউতে ১৩ বছর বয়সী এক কিশোরকে নির্মমভাবে গুলি করে হত্যা করা হয়। ঘটনাস্থল থেকে কোনো অস্ত্র উদ্ধার হয়নি। পুলিশ জানায়, এর আগে বুধবার সন্ধ্যা ৬ টার দিকে ক্রাউন হাউটসে সন্ধ্যা ৬ টার দিকে আরেকটি বন্দুক হামলার ঘটনা লামিন বাহ নামের এক ব্যক্তি নিহত হয়। এছাড়া সোমবার ফ্র্যাঙ্কলিন অ্যাভিনিউতে ১ বোডেগা কর্মচারীকে গুলি করে হত্যা করা হয়। এই ৩ ঘটনায় এখনো কোনো সন্দেহভাজনকে গ্রেফকার করতে পারেনি পুলিশ। ঘটনাগুলো তদন্তাধীন আছে বলে জানিয়েছে পুলিশ।

নিউইয়র্কে ই-বাইক সুরক্ষায় ২ টি নতুন নিয়ম পাস

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে লিথিয়াম আয়ন ব্যাটারি চালিত ই-বাইক সুরক্ষায় ২ টি নতুন নিয়ম পাস করা হয়েছে। বুধবার সকালে সিটি কাউন্সিলের সদস্যরা ভোটের মাধ্যমে নতুন নিয়মগুলো পাস করে। কাউন্সিল সদস্যরা জানায়, নতুন নিয়মের আওতায় নিউইয়র্কে ই-বাইক এবং ই-স্কুটারের ব্যবসায়গুলোকে দোকান এবং অনলাইনে লিথিয়াম আয়ন ব্যাটারি স্টোরেজ সম্পর্কে সুরক্ষা তথ্য দিতে হবে। এছাড়া ইউএল সার্টিফাইড নয় এমন অবৈধ লিথিয়াম আয়ন ব্যাটারি বিক্রেতাদের বিরুদ্ধে আইন প্রয়োগ এবং উচ্চ জরিমানা জারি করা হবে। নতুন নিয়মগুলো কার্যকরি হলে আরো ফেডারেল আইন জারি করা হবে বলেও জানায় কাউন্সিল সদস্যরা। এনওয়াইডিপির তথ্য অনুসারে, গত বছর লিথিয়াম আয়ন ব্যাটারি বিস্ফোরণে সিটিতে ২৬৭ টি অগ্নিকান্ডের ঘটনায় ১৫০ জন আহত এবং ১৮ জনের প্রাণহানির ঘটনা ঘটেছে।

নিউইয়র্ক সিটিতে ২৬ ফেব্রুয়ারীকে সার্বিয়ান হেরিটেজ ডে হিসেবে ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্ক: ২৬ ফেব্রুয়ারীকে নিউইয়র্ক সিটিতে সার্বিয়ান হেরিটেজ ডে হিসেবে ঘোষণা করেছেন মেয়র এরিক অ্যাডামস। গত ২৪ ফেব্রুয়ারী শনিবার মেয়র অ্যাডামস এবং সার্বিয়া প্রজাতন্ত্রের কাউন্সেল জেনারেল ভ্লাদিমিরের সাথে এক অনুষ্ঠানে, সার্বিয়ান-আমেরিকান সম্প্রদায়ের অমূল্য অবদানের প্রতি স্বীকৃতি এবং সম্মানে প্রদর্শন করে এই ঘোষণা দেন তিনি। মেয়র বলেন, সার্বিয়ান আমেরিকানরা দীর্ঘকাল ধরে নিউইয়র্কের ৫টি বোরোকে অনেক শক্তিশালী করেছে। এছাড়া নিউইয়র্কের সাংস্কৃতিক এবং অর্থনৈতিক জীবনে সার্বিয়ানদের প্রচুর অবদানও রেখেছে বলেও মন্তব্য করেন তিনি। নিউইয়র্কের প্রতিটি বোরো ভবিষ্যতে যেন গতিশীল কাজ চালিয়ে যেতে পারে, তা নিশ্চিত করতে সার্বিয়ান আমেরিকানদের সাথে কাজ করার আশাও প্রকাশ করেন তিনি। এছাড়া গতিশীল সার্বিয়ান জনসংখ্যার সাথে নিউইয়র্কে নেতৃত্ব দিতে পেরে নিজেকে গর্বিত বলেও দাবি করেন মেয়র।

ব্রঙ্কসে সড়ক দূর্ঘটনায় নিহত ১

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির ব্রঙ্কসে মসজিদে যাওয়ার সময় সড়ক দূর্ঘটনায় ১ ব্যক্তি নিহত হয়েছেন। গত ২৫ ফেব্রুয়ারী রোববার নিউইয়র্ক পুলিশ দূর্ঘটনার একটি সিসিটিভি ফুটেজ প্রকাশ করে। এতে দেখা যায়, ২৩ ফেব্রুয়ারী শুক্রবার ভোর ৬ টার দিকে ব্রঙ্কসের পূর্ব ১৫৯ তম রাস্তায় বান্ডে নামের ২৪ বছর বয়সী এক ব্যক্তি বাইক চালিয়ে যাওয়ার সময়, একটি এসইউভি গাড়ি এসে জোরে ধাক্কা দেয়। ঘটনাস্থলে ইএমএস কর্মী তাকে মৃত ঘোষণা করেন। দূর্ঘটনার পর এসইউভি গাড়িটি না থেমে সেখান থেকে পালিয়ে যায়। বান্ডের পরিবারের সদস্যরা জানায়, শুক্রবার সকালে ফজরের নামাজের জন্য মসজিদে যাওয়ার সময় এই দূর্ঘটনাটি ঘটে। পুলিশের তথ্য অনুসারে, গত বছর নিউইয়র্কে বাইক দূর্ঘটনায় ২য় সর্বোচ্চ প্রাণহানির ঘটনা ঘটেছে।

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

রমযান এলো বলে

(শেষের পাতার পর)

মু'মিন-মুসলমান। যারা আল্লাহর কিতাবের জ্ঞানের অধিকারী, প্রকৃত সত্য সম্পর্কে অবহিত, যারা আল্লাহর বিশেষ রহমত দ্বারা নিজেদের সিক্ত করার জন্য রমযানের জন্য অপেক্ষা করতে থাকেন। দুই, অবৈধ মজুতদার, মুনাফাখোর ও কালোবাজারী। মুনাফা লুটার অপার সুযোগ নিয়ে আসছে রমাযান। কি খুশি কি আনন্দ আকাশে বাতাসে।

প্রথম শ্রেনীর আল্লাহর বান্দারা এ মাসে মানবতার প্রতি আরো বেশী করে দায়িত্বশীলতার ভূমিকায় অবতীর্ণ হন। তারা ভুল কর্মনীতি পরিহার করে সঠিক কর্মনীতি অবলম্বনের করেন। রমযানের অবারিত রহমতের বারিধারায় নিজেদের সিক্ত করতে কোন ভুল করেন না। তারা নিজেদেরকে এ মাসে মানবতার উচ্চতর পর্যায়ে উন্নীত করেন। প্রতিটি ক্ষেত্রে তারা সংযম প্রদর্শনের অনুশীলনে লিপ্ত হয়।

আর দ্বিতীয় শ্রেনীর মানবরূপী পশুগুলোর লোভের জিভটি এ মাসে এসে আরো লম্বা হয়। তারা দুনিয়ার স্বার্থ, স্বাদ ও আরাম আয়েশের কারণে রমযানকে এক বিরাট সুযোগ হিসেবে গ্রহণ করে। দু'হাতে মুনাফা লুটার জন্য রমযানে বেপরোয়া হয়ে উঠে। মাত্রাতিরিক্ত মুনাফা লুণ্ঠনের জন্য কালোবাজারী ও খাদ্যে ভেজাল মিশ্রিত করে। প্রবৃত্তির লালসার মোকাবেলা করার পরিবর্তে এরা তার সামনে নতজানু হয়। পার্থিব লোভ-লালসার জন্য আল্লাহর দেয়া অপার রহমতের সুযোগ-সুবিধাকে পরিত্যাগ করে দুনিয়ার লালসাকে চরিতার্থ করার জন্য সম্মানিত রোযাদারদেরকে কষ্ট দেয়। এ ধরণের লোভ-লালসার অধিকারী ব্যক্তিদেরকে আল্লাহ তা'আলা অত্যন্ত ঘৃণিত প্রাণীর সাথে তুলনা করেছেন। আল্লাহ তা'আলা বলেন, "আমি চাইলে ঐ আয়াতগুলোর সাহায্যে তাকে উচ্চ মর্যাদা দান করতাম কিন্তু সে তো দুনিয়ার প্রতিই ঝুঁকে রইল এবং নিজের প্রবৃত্তির অনুসরণ করলো। কাজেই তার অবস্থা হয়ে গেলো কুকুরের মতো, তার উপর আক্রমণ করলেও সে জিভ ঝুলিয়ে রাখে আর আক্রমণ না করলেও জিভ ঝুলিয়ে রাখে। যারা আমার আয়াতকে মিথ্যা সাব্যস্ত করে তাদের দৃষ্টান্ত এটাই। তুমি এ কাহিনী তাদেরকে শুনাতে থাকো, হয়তো তারা কিছু চিন্তা-ভাবনা করবে।" (আরাফ-১৭৬) কুকুর হলো, উগ্র লালসা ও অতৃপ্ত কামনার এক প্রাণী। তার এই লালসা ও কামনার জন্য জিভটি সর্বদা ঝুলে থাকে এবং এ ঝুলন্ত জিভ থেকে অনবরত লালসার লালা টপকে পড়তে থাকে। চলাফেরার পথে তার নাক সব সময় মাটি শুকতে থাকে, হয়তো কোথাও কোন খাবারের গন্ধ পাওয়া যাবে এ আশায়। তার গায়ে কেউ কোন পাথর ছুঁড়ে মারলেও তার ভুল ভাঙ্গবে না। বরং তার মনে সন্দেহ জাগে, যে জিনিসটি তাকে মারা হয়েছে সেটি হয়তো কোন হাড় বা রুটির টুকরা হবে। পেট পূজারী লোভী কুকুর একবার লাফিয়ে দৌড়ে গিয়ে সেই নিক্ষিপ্ত পাথরটিও কামড়ে ধরে। পথিক তার দিকে দৃষ্টি না দিলেও দেখা যাবে সে লোভ-লালসার প্রতিমূর্তি হয়ে বিরাট আশায় বুক বেঁধে জিভ ঝুলিয়ে দাঁড়িয়ে হাঁপাচ্ছে। সে তার পেটের দৃষ্টি দিয়ে সারা দুনিয়াকে দেখে। কোথাও যদি কোন বড় ধরণের মরা গরু পড়ে থাকে, কয়েকটি কুকুরের পেট ভরার জন্য সেটি যতেষ্ঠ হলেও একটি কুকুর তার মধ্যে থেকে কেবলমাত্র তার নিজের অংশটি নিয়েও ক্ষান্ত হবে না বরং সেই সম্পূর্ণ লাশটি নিজের একার জন্যে আগলে রাখার চেষ্টা করবে এবং অন্য কাউকে তাঁর ধারের কাছেও ঘেঁষতে দেবে না। শকুন বা অন্য যে কোন প্রাণী কাছে এলে, সেগুলোর প্রতি সে তেড়ে যায়। পেটের লালসার পর যদি দ্বিতীয় কোন বস্তু তার উপর প্রভাব বিস্তার করে থাকে তাহলে সেটি হচ্ছে যৌন লালসা। সারা শরীরের মধ্যে কেবলমাত্র লজ্জাস্থানটিই তার কাছে আকর্ষনীয় এবং সেটিরই সে ঘ্রাণ নিতে ও তাকেই চাটতে থাকে। কাজেই এখানে এ উপমা দেয়ার উদ্দেশ্য হচ্ছে এ কথাটি সুস্পষ্টভাবে তুলে ধরা যে, দুনিয়া পূজারী ব্যক্তি যখন জ্ঞান ও ঈমানের বাঁধন ছিঁড়ে ফেলে প্রবৃত্তির অন্ধ লালসার কাছে আত্মসমর্পণ করে এগিয়ে চলতে থাকে তার অবস্থা পেট ও যৌনাঙ্গ সর্বস্ব কুকুরের মতো হওয়া ছাড়া আর কোন উপায় থাকে না।

সত্যিই আমাদের কিছু কিছু মুনাফাখোর ও কালোবাজারীদের অবস্থা ঠিক এই নিকৃষ্ট জীবটির মতোই। তার লোভের জিভটি সবসময় ঝুলে থাকে এবং ঝুলন্ত জীভ থেকে অনবরত লালসার লালা টপকে পড়তে থাকে। এদের উগ্র লালসার আগুন ও অতৃপ্ত কামনার কারণে সাধারণ মানুষ সবসময় চরম যন্ত্রণা পোহাতে হয়। একেবারেই নূন্যতম মানবিক বিবেক যদি থাকতো তাহলে সারা বৎসর তার কামনা বাসনা চরিতার্থ করলেও, অন্তত রমযান এলে রোযাদারদের সম্মানে, রমযানের সম্মানে তারা দ্রব্যমূল্যের দাম স্থিতিশীল পর্যায়ে রাখতে পারতো। কিন্তু সেই নূন্যতম মানবিক মূল্যবোধটুকুও তার উগ্র লালসার কাছে পরাজিত হয়। পেট পূজারী লোভী জীবটির মতো এসমস্ত মুনাফাখোরেরা পেটের দৃষ্টি দিয়ে সারা দুনিয়াকে দেখে। তার কাছে এ সমস্ত রমযানের মর্যাদা বা ভাবগাম্ভীর্য পরিবেশ একান্তই বৃথা। কারণ এরা লোভ-লালসার প্রতিমূর্তিতে পরিণত হয়। এজন্য ভালো কি মন্দ, সর্বাবস্থায়, সব জায়গায় এবং সব সময় তারা মুনাফা খুঁজতে থাকে। তার এই অত্যাধিক লোভের কারণে কত শত মানুষ কষ্টের শিকার হলো, কি পরিমাণ সামাজিক বিপর্যয় সৃষ্টি হলো এবং দেশের অর্থনীতির উপর কি পরিমাণ বিরূপ প্রভাব পড়লো এগুলো চিন্তা করার সময় তার থাকে না। দেশ গোল্লায় গেলেও তাদেরকে অবৈধ মজুদকরণ, কালোবাজারী, মাত্রাতিরিক্ত মুনাফা লুটকরণ ও খাদ্যে ভেজাল মিশ্রিত করতেই হবে। তারা এতটাই অপ্রতিরোধ্য হয়ে পড়ে যে, অনেক শক্তিশালী সরকারকেও তাদের কাছে অসহায়ত্ব বরণ বা আত্মসমর্পণ করতে দেখা যায়। তাদের কেশাগ্র স্পর্শ করার সাহস করার মতো যেন কেউ নেই।

যে কোন অবস্থায় যে কোন মানুষকে কষ্ট দেয়া হারাম। কিন্তু রোযাদারকে কষ্ট দেয়া আরো মারাত্মক। এসমস্ত দ্রব্যমূল্যের দাম বৃদ্ধিকারী কালোবাজারী, খাদ্যে ভেজাল মিশ্রিতকারী ও অবৈধ মজুতদারী লোকেরা যদি রোযাদার হন তাহলে তাদের বিবেকের কাছে প্রশ্ন রোযা তোমাদের কি শিখায়? প্রকৃত রোযাদার তার কোন ভাইকে কখনো কষ্ট দিতে পারেন না। তার ভেতরে সকলের প্রতি ভালবাসা সৃষ্টি হওয়ার কথা। কিন্তু এরপরও যদি কোন মুসলিম ভাই কালোবাজারী, মাত্রাতিরিক্ত মুনাফা ও খাদ্যে ভেজাল মিশ্রিত করেন, তবে বুঝতে হবে তার রোযা শুধু শুধুই ক্ষুধা থাকা ছাড়া আর কিছুই দিতে পারেনি। আর যারা রোযা রাখেন না তাদের ব্যাপারটি আল্লাহর হাতে সোপর্দ করা ছাড়া আর কি-ই বা থাকতে পারে। তবে মানুষ হিসেবে বেঁচে থাকার জন্য উল্লেখিত নিকৃষ্ট জীবের স্বভাব থেকে নিজেকে রক্ষা করা প্রয়োজন।

পৃথিবীর দেশে দেশে দেখা যায় যে, রমযান মাস এলে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর বিশেষ মূল্যহ্রাস করা হয়। তারা সারা বৎসর মুনাফা করলেও এ মাসে এসে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখে অথবা কমিয়ে দেয়। তারা এ-ও জানে যে, এ মাসে সে যেই পরিমাণ ছাড় দিবে তা ৭০ গুণ বাড়িয়ে আল্লাহ তাকে দান করবেন। আল্লাহর এই বিশেষ পুরস্কারের প্রতি সম্মান জানাতে তারা কখনো কার্পণ্য করে না। রমযান তাদেরকে দয়াপরবশ করে তুলে। ব্যতিক্রম শুধু এই উপমহাদেশ। উদোর পরিপুষ্ট করার জন্য তারা রমযানকে বিশেষ সুযোগ মনে করে।

রোযাদারকে কষ্ট দেয়ার এই মহা অন্যায় থেকে আমাদের সরকারও রেহাই পাবেন না। কারণ অবৈধ কালোবাজারী, মাত্রাতিরিক্ত মুনাফাখোর ও খাদ্যে ভেজাল মিশ্রণকারীদের হাত থেকে দেশের মানুষকে উদ্ধার ও রক্ষা করা সরকারের দায়িত্ব ও কর্তব্য। কোনক্রমেই এ দায়িত্ব থেকে সরকার নিজেকে অব্যাহতি দিতে পারেন না। দায়িত্ব অবহেলার কারণে অবশ্যই অবৈধ কালোবাজারী ও ভেজাল মিশ্রিতকারীদের সাথে আল্লাহর কাঠগড়ায় তাদেরকেও দাঁড়াতে হবে। পূর্বেই বলা হয়েছে যে, তারা এতটাই অপ্রতিরোধ্য হয়ে পড়ে যে, অনেক শক্তিশালী সরকারকেও তাদের কাছে অসহায়ত্ব বরণ বা আত্মসমর্পণ করতে দেখা যায়। তাদের কেশাগ্র স্পর্শ করার সাহস করার মতো কেউ নেই। কিন্তু সরকারের সদিচ্ছা থাকলে অবশ্যই তা সম্ভব। তবে এই অসম্ভবকে সম্ভবে পরিণত করার জন্য অবশ্যই আল্লাহর দেয়া প্রেসক্রিপশন অনুযায়ী মানুষের চিকিৎসা করতে হবে। সরকারের জন্য সেটি খুবই সহজ। সেই প্রেসক্রিপশন হলো, মানুষের মধ্যে নৈতিকতার বিকাশ সাধন করা। নৈতিকতার বিকাশ সাধনের জন্য আল্লাহর অন্যান্য বিধানগুলোর সাথে সাথে রমযানকে প্রশিক্ষণের মাস হিসেবে বিশেষভাবে তদারকি করতে হবে। কারণ রমযান হলো মানুষের মধ্যে তাকওয়া সৃষ্টির কার্যকরী একটি প্রতিষ্ঠান। মনে রাখা প্রয়োজন, তাকওয়াই হলো সকল উন্নয়নের মূল চাবিকাঠি। তাকওয়া ছাড়া আর যতো কর্মসূচী গ্রহণ করা হোক না কেন, সমাজ পরিবর্তন হবে না। পরিবর্তন হবে না কালোবাজারীসহ অন্যান্য সামাজিক অপরাধ।

মেলার প্রধান আকর্ষণ কবি নজরুলের ১২৫তম জন্মবার্ষিকী

(শেষের পাতার পর)

সংবাদ সম্মেলন করে এসব তথ্য জানায় মেলার আয়োজক সংস্থা মুক্তধারা ফাউন্ডেশন।

সংবাদ সম্মেলনে প্রধান অতিথি ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি নুরুল হুদা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপার্সন ড. নুরুন নবী। এছাড়াও বক্তব্য রাখেন মুক্তধারা ফাউন্ডেশন উপদেষ্টা অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ ও রোকেয়া হায়দার, জাতীয় কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সৌমিত্র শেখর, জাতীয় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শ্যামল দত্ত, শিশু সাহিত্যিক লুৎফর রহমান রিটন, বাংলাদেশ পুস্তক প্রকাশনা বিক্রেতা সমিতির সহ-সভাপতি আলমগীর শিকদার লোটন, সময় প্রকাশনীর প্রকাশক ফরিদ আহমেদ, আবিষ্কার প্রকাশনীর প্রকাশক দেলোয়ার হোসেন, অনন্যা প্রকাশনীর প্রকাশক মনিরুল হক, কবি সৈয়দ আল ফারুক, ডা. হুমায়ুন কবীর, সৈয়দ শামীম ও কোলকাতা থেকে আগত কবি কাজল চক্রবর্তী।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপার্সন ড. নুরুন নবী বলেন, ১৯৯২ সাল থেকে গত ৩২ বছর ধরে নিয়মিত এই মেলা আয়োজিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় এবার ৩৩তম বারের মতো নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বই মেলা। এবারের আয়োজনের আহবায়কের দায়িত্ব পালন করছেন সাংবাদিক ও লেখক হাসান ফেরদৌস। এবারের বইমেলায় বাংলাদেশ থেকে ২৫টির মতো প্রকাশনা সংস্থা, কোলকাতা থেকে ৫টি এবং নিউইয়র্কসহ আমেরিকা, কানাডার ১০টিসহ মোট ৪০টি প্রকাশনা সংস্থা অংশগ্রহন করবে। যুক্তরাষ্ট্রের অন্তত ২০টির অধিক রাজ্য থেকে এবং কানাডা, জার্মানী, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, সুইডেন ও জাপান থেকে শতাধিক লেখক সাহিত্যিক এই মেলায় অংশগ্রহণ করবেন।

বইমেলার বিস্তারিত তুলে ধরে মুক্তধারা ফাউন্ডেশনের উপদেষ্টা রোকেয়া হায়দার বলেন, এবারের এই মেলার অন্যতম প্রধান আকর্ষণ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী পালন অনুষ্ঠান। এছাড়া সোস্যাল মিডিয়ার ভূমিকা নিয়ে থাকছে বিশেষ আলোচনা। অভিবাসীদের জীবনচরিত নিয়ে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রদর্শন এবং অর্ধ শতাধিক লেখকের নতুন বইয়ের মোড়ক উন্মোচন ও বই পরিচিতিমূলক অনুষ্ঠান থাকবে। বইমেলার চারদিনই থাকবে বিভিন্ন পর্বে আমেরিকায় বেড়ে উঠা নতুন প্রজন্মদের নিয়ে বিশেষ অনুষ্ঠানমালা। উত্তর আমেরিকার ১৫টির অধিক সাহিত্য-সাংস্কৃতিক সংগঠন কার্যকরী সহযোগী হিসেবে মেলায় যুক্ত হয়েছে। নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বই মেলার সিগনেচার অনুষ্ঠান লেখক পাঠক মুখোমুখিও থাকছে।

তিনি আরো বলেন, নিউইয়র্ক অন্তর্জাতিক বাংলা বইমেলায় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা কবি কামাল চৌধুরী, সংস্কৃতি বিষয়ক সচিব খলিল আহমেদ, বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কবি মিনার মনসুর, কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সৌমিত্র শেখরকে আমন্ত্রণ জানানো হয়েছে। এছাড়া বাংলাদেশ এবং পশ্চিম বঙ্গের খ্যাতনামা সৃজনশীল প্রকাশকদেরও আমন্ত্রণ জানানো হয়েছে। এবারের নিউ ইয়র্ক বাংলা বইমেলা অনুষ্ঠিত হবে বাংলা ভাষা, সাহিত্য ও কৃষ্টির বিশ্বায়নে বঙ্গবন্ধু প্রদর্শিত দিক নির্দেশ অনুসরণ করে।

রোকেয়া হায়দার আরো বলেন, প্রতিবারের মতো এবারও মেলায় দেওয়া হবে মুক্তধারা-জিএফবি সাহিত্য পুরস্কার ২০২৪। এ পুরস্কারের অর্থমান ৩০০০ ডলার। গত বছর এ পুরস্কার পেয়েছেন কবি আসাদ চৌধুরী। এছাড়া অভিবাসী নতুন লেখকদের প্রকাশিত গ্রন্থ থেকে পুরস্কার এবং শহীদ কাদরী গ্রন্থ পুরস্কার ২০২৪ প্রধান করা হবে। অংশগ্রহণকারী প্রকাশনা সংস্থা থেকে বিজয়ী শ্রেষ্ঠ প্রকাশনা সংস্থাকে পুরস্কৃত করা হবে চিত্তরঞ্জন সাহা সেরা প্রকাশনা সংস্থা পুরস্কার ২০২৪ ।সংবাদ সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে একুশে পদকপ্রাপ্ত ছাড়াকার লুৎফর রহমান রিটন বলেন, নিউইয়র্কের বই মেলা বাংলাদেশের মানুষের কাছে দ্বিতীয় বইমেলা। বাংলা একাডেমির আয়োজিত বইমেলার পরে নিউইয়র্কের বইমেলা ৩৩ বছর ধরে আরেকটি গৌরব অর্জন করেছে। এটা বাঙালীর জন্য একটি বিশাল ব্যাপ্তি। মুক্তধারার এই অবদান সফল হবে। বাঙালী তার ধারাই এগিয়ে যাবে।

সংবাদ সম্মেলনে কবি নুরুল হুদা বলেন, মায়ের ভাষার জন্য জীবন দিল যারা তারাই বাংলাদেশের স্বাধীনতার প্রথম শহীদ। তারা বাংলা ভাষা উচ্চারণ করে বাঙালী হিসেবে পরিচিত হয়েছে। তারপর রাষ্ট্র প্রতিষ্ঠা করেছে। বিশ্বে আজ বাঙালী হিসেবে প্রতিষ্ঠিত হতে পেরেছি এটা আমার এক ধরনের অহংকার। নিউইয়র্কের বইমেলার ৩৩ বছর চলছে। কবি সুনীল গঙ্গোপাধ্যায় বলেছেন ৩৩ বছর কেউ কথা রাখেনি। কিন্তু মুক্তধারা ফাউন্ডেশন তার কথা রেখেছেন। তারা ৩২ বছর পার করে ৩৩ বছরে এই মেলা আয়োজন করছেন।

তিনি আরো বলেন, অপ্রাতিষ্ঠানিকভাবে মুক্তধারা ও প্রাতিষ্ঠানিকভাবে বাংলা একাডেমী দুইটাই শুরু করেছে বই মেলা। তারা ভাষাকে স্থায়ীভাবে রাখার জন্য এই কাজটা করে যাচ্ছে। আমি প্রত্যাশা করছি, তারা তাদের এই ধারা অব্যাহত রাখবে।

অনুষ্ঠান শেষে সঞ্চালক মুক্তধারা ফাউন্ডেশনের উপদেষ্টা গোলাম ফারুক ভূঁইয়া, নিউইয়র্ক থেকে আগত মুক্তধারা ফাউন্ডেশনের কার্যকরী কমিটির সদস্য ড. ওবায়দুল্লা মামুন, ইউসুফ রেজা, সাহিত্য ও প্রকাশন সম্পাদক আদনান সৈয়দ এবং প্রচার সম্পাদক তোফাজ্জল লিটনকে পরিচয় করিয়ে দেন। অনুষ্ঠান শেষে সকলকে মধ্যাহ্ন ভোজে আপ্যায়িত করা হয়।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services
Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ
Shafi Chowdhury
Consultant
167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS

Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

6 Hours DDC Class
Good For TLC
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

শিল্পী কাদেরী কিবরিয়া

যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

আয়রনের অভাব পূরণে

(শেষের পাতার পর)

দিতে পারে নানাবিধ শারীরিক সমস্যা। বাংলাদেশে শহর এলাকায় ৬০%-এর বেশি ও গ্রামাঞ্চলে ৭০%-এর বেশি কিশোরী, নারী ও শিশুরা আয়রনের অভাবে ভুগে থাকেন। আয়রনের অভাবে হিমোগ্লোবিন কমে যায়, ফলে রক্তস্বল্পতাসহ নানা রোগের ঝুঁকি বেড়ে যায়। এ ছাড়া যে যে সমস্যাগুলো হতে পারে-

বুকে ব্যথা ও বুক ধড়ফড় করা : এ সমস্যাটি আয়রন ঘাটতির অন্যতম বড় লক্ষণ। রক্তে অক্সিজেন কমে গেলে মানুষের শ্বাস-প্রশ্বাস ক্রিয়া অস্বাভাবিক হয়ে যায়। ফলে হৃদযন্ত্রের কাজও ব্যাহত হয়। তখন বুকে ব্যথা হয় ও নিঃশ্বাসে সমস্যা হয়। ক্লান্তি ও অবসাদ : কাজ করলে ক্লান্তি আসবে, এটাই স্বাভাবিক। তবে অল্প কাজ করেই অতিরিক্ত ক্লান্ত হয়ে যাওয়া মোটেই স্বাভাবিক ব্যাপার না। শরীরে আয়রন ঘাটতির একটি সাধারণ লক্ষণ হলো অতিরিক্ত ক্লান্ত হওয়া।

ভারসাম্যহীনতা: ডোপামিন হরমোনকে বলা হয় 'মাধ্যম', যা মস্তিষ্ক ও স্নায়ুতন্ত্রের মধ্যে সংযোগ স্থাপন করে। আয়রনের ঘাটতি থাকলে শরীরে ডোপামিন হরমোন নিঃসরণ কম হয়। ফলে হাঁটার সময় শরীরে ভারসাম্য বা নিয়ন্ত্রণ থাকে না। পায়ের ভারসাম্যহীনতা সাধারণত বিকেল ও রাতে অনুভূত হয়।

ত্বক ফ্যাকাশে ও খসখসে হওয়া: শরীরের লাল রক্ত কণিকাকে হিমোগ্লোবিন বলা হয়। ত্বক সজীব ও স্বাস্থ্যোজ্জ্বল রাখতে সাহায্য করে হিমোগ্লোবিন। আয়রনের ঘাটতি থাকলে শরীরে পর্যাপ্ত হিমোগ্লোবিন উৎপন্ন হয় না। ফলে ত্বক ফ্যাকাশে ও বিবর্ণ হয়ে যায়।

মাথাব্যথা: আয়রনের অভাবে তীব্র মাথাব্যথা হতে পারে। মস্তিষ্কে যে পরিমাণ অক্সিজেন সরবরাহের প্রয়োজন তা না হলে মাথাব্যথা হয়। এ ছাড়া হিমোগ্লোবিনের অভাবে রক্তচাপের মাত্রা কমে যেতে পারে।

চুল পড়া: অতিরিক্ত চুল পড়া, চুলের গোড়া নরম হয়ে যাওয়া, রুক্ষতা ও চুল ফেটে যাওয়া আয়রন ঘাটতির অন্যতম লক্ষণ।

পরামর্শ: চিকিৎসকের পরামর্শ ছাড়া আয়রন ট্যাবলেট খাওয়া উচিত না। এ ছাড়া প্রতিদিন কতটুকু পরিমাণে আয়রন জাতীয় খাবার খেতে হবে তা একজন পুষ্টিবিদ আপনাকে জানাবেন।

শরীরে আয়রনের ঘাটতি যাতে না ঘটে তাই যে খাবারগুলো অবশ্যই খেতে হবে তা হলো- শাকসবজি, ছোলা, কলিজা, কুমড়ো বিচি, ডাল, ডিমের কুসুম, পালংশাক, কচুশাক, আপেল, খেজুর, বাদাম, সয়াবিন ও সামুদ্রিক মাছ। দেহে বিভিন্ন কারণে আয়রনের অভাব দেখা দিতে পারে তবে কিছু কিছু অসচেতনতা এর কারণ হিসেবে কাজ করে।

উদ্ভিজ্জ উৎস থেকে আয়রন গ্রহণ করলে ভিটামিন সি জাতীয় কিছু খেতে হবে যেমন- লেবু, কমলা, মাল্টা ইত্যাদি। না হয় উদ্ভিজ্জ উৎস থেকে প্রাপ্ত আয়রন মানবদেহে শোষিত হবে না তার ফলে ঘাটতি দেখা দিতে পারে। চা অথবা কফি আয়রনের শোষণকে বাধা দেয় তাই আয়রন জাতীয় খাবার গ্রহণের সাথে সাথে চা অথবা কফি পান করা উচিত নয়। বিশেষ করে ডিম, মাছ, গোশত, বাদাম ইত্যাদি খাবারের সাথে চা বা কফি খাওয়া উচিত নয়। দীর্ঘদিন ক্যালসিয়াম সাপ্লিমেন্ট গ্রহণের ফলে আয়রনের ঘাটতি দেখা দিতে পারে, কেননা ক্যালসিয়াম আয়রনের শোষণকে ব্যাহত করে। অতএব ক্যালসিয়াম ডাক্তার বা পুষ্টিবিদের পরামর্শ ছাড়া খাওয়া যাবে না।

সিলেটে উন্মোচিত বাংলাদেশ-শ্রীলংকা টি-টোয়েন্টি ম্যাচেরট্রফি

(শেষের পাতার পর)

হচ্ছে বাংলাদেশ-শ্রীলংকার তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ। এ উপলক্ষে রোববার (৩ মার্চ) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম সংলগ্ন লাক্কাতুড়া চা বাগানে উন্মোচন করা হয় সিরিজের ট্রফি। এদিন দুপুরে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) আয়োজিত ট্রফি উন্মোচনকালে উপস্থিত ছিলেন বাংলাদেশ দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত ও শ্রীলংকার পক্ষে হাসারাঙ্গা। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তা ও কর্মচারীরা।

এর আগে রোববার সকালে গণমাধ্যমের সঙ্গে কথা বলেন বাংলাদেশ দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। তিনি বলেন, দলে এমন খেলোয়াড় আছে যারা একাই ম্যাচ জেতানোর ক্ষমতা রাখে। আলাদাভাবে চিন্তা করছি না, আমি ক্যাপ্টেন আমাকে অনেক কিছু করতে হবে। দলের সবাইকে যার যার কাজটা ঠিকভাবে করতে হবে। তাহলে আমার জন্য সহজ হবে। এখানে যারা আছে সবাই ভালো অবস্থানে আছে, আশা করি সবাই ভালো করবে এই সিরিজে।

তিনি আরও বলেন, আমাদের টিমে যে ৫-৬টা বোলার আছে, সবাই অভিজ্ঞ ও দক্ষ। আমার মনে হয় তারা একাই ম্যাচ জিতিয়ে দিতে পারে।

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty

of Western New York

155 Summer St
Buffalo, NY 14222

বাসা ভাড়া

বেসমেন্ট ভাড়া

নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৮১ স্টিটের উপরে ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে একটি এক বেড রুমের বেসমেন্ট মার্চের এক তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

ফে-২৬

বাসা ভাড়া

২ বেডরুম, ২ বাথরুম, লিভিং রুম, ৫টি ক্লোজেট, কিচেনসহ একটি বাসা মার্চ মাস থেকে ভাড়া দেয়া হবে। শুধুমাত্র ছোট পরিবার অথবা স্বামী-স্ত্রী এর নিকট। ভাড়া ২২০০ ডলার। ফুললি রেনোভেটেড। জ্যামাইকা সাটফিন বুলেভার্ড এবং ১০৭ এভিনিউর সন্নিকটে। **যোগাযোগঃ 917-515-8645**

বেসমেন্ট ভাড়া

১০৭-৫৯, ১৬৪ স্ট্রিট, জ্যামাইকা, কুইন্স, এফ ট্রেন এর লাস্ট স্টপ জ্যামাইকা সেন্টার এবং ইয়র্ক কলেজ সংলগ্ন ই ট্রেন , এবং ওয়াকিং ডিটেন্স এফ ট্রেন , বাস সুবিধা সম্পন্ন এক বেডরুমের বাসার জন্য একটি ছোট পরিবার চাই। যোগাযোগ: **646-651-9629.**

বাড়ি ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউ, ১৮৮ স্ট্রিট, ৩য় তলায় একটি এক বেডরুম সাথে লিভিং রুম এবং একটি ছোট রুমের নিউলি রেনোভেটেড বাসা ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে, বাস, সুপারমার্কেট, মসজিদ, স্কুল বাসার নিকেট। ভাড়া ১৮০০ ডলার প্লাস বিল। ২/৩জনের ফ্যামিলি অগ্রাধিকার। যোগাযোগঃ **917-345-0652, 917-345-0652**

APARTMENT FOR RENT

3-Bedroom, 1-Bathroom, Separate Dining, Living, Office Room, Near 6-Train. Tenant Pays Electricity/Cooking Gas Utility. Pelham Bay, Bronx. Call **646-727-8029.**

রুম ভাড়া

একটি রুম স্বামী-স্ত্রী অথবা কর্মজীবী মহিলার নিকট ভাড়া হবে। কুইন্স এ 'ই' ট্রেন। যোগাযোগঃ ফোনঃ **929-235-5525..**

রুম ভাড়া

মার্চের ১ তারিখ অ্যাপার্টমেন্টে রুম ভাড়া দেওয়া হবে, Separate রুম ভাড়া ৯০০ ডলার or 800$ Separate সিট ভাড়া ৫০০ ডলার, যেকোনো একটি, ওয়াইফাই এবং বিদ্যুৎ বিল সহকারে, স্বামী স্ত্রী অথবা একজন মেয়ে অগ্রাধিকার দেওয়া হবে Parkchester বাঙালি গ্রোসারি ৬ মিনিটে হাটার দূরত্ব **347-656-4423**

HELP WANTED

Front desk receptionist needed bengali and english speaking with full computer skills(full time). Please call 718-406-9588 or email resume at **officemed50@gmail.com**

পাত্র চাই

হিন্দু পাত্র চাই। অবিবাহিতা, সুন্দরী, উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি, আমেরিকায় ফুল ফান্ডিং নিয়ে এমবিএ অধ্যয়ণরত, ২৬ বছরের হিন্দু পাত্রীর জন্য অবিাহিত, শিক্ষিত, আমেরিকায় সুপ্রতিষ্ঠিত হিন্দু পাত্র চাই। বায়োডাটা ও ছবিসহ যোগাযোগ করুন। **ইমেইল: sunshinewillson@gmail.com, ফোন: 225-650-9634.**

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত

কাজী ইমাম মাওলানা

আব্দুল মুকিত

পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।

পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ

917-428-1519

FREE CONSULTATION!!!

I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT

Authorized IRS e-file Provider

IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর

৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

মেয়রের বাসায় ইফতার

(শেষের পাতার পর)

গত বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারী) সকালে সিটি হলের সামনে অনুষ্ঠিত মানববন্ধন থেকে শাহানা এই আহ্বান জানান। তিনি সিটির সকল মসজিদে কোন কাউন্সিলম্যানকেই প্রবেশ করতে না দেওয়ার আহবানও জানিয়ে বলেন, আমার সহকর্মী কাউন্সিলম্যানরাও এখন পর্যন্ত গাজায় যুদ্ধবিরতির পক্ষে অবস্থান নেননি। শাহানা এই মানববন্ধন থেকে অবিলম্বে গাজায় যুদ্ধ বিরতির জন্যে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

উল্লেখ্য, পবিত্র রমজান এলেই নির্বাচিত জনপ্রতিনিধিরা মুসলিম সম্প্রদায়ের সমর্থন জোরাদারের অভিপ্রায়ে সিটির মসজিদসমূহে আনা-গোনা বাড়িয়ে দেন এবং ইফতারে অংশগ্রহণও করে থাকেন। কাউন্সিলওম্যান শাহানা হানিফ ক্ষুব্ধ হয়ে বলেন, পবিত্র রমজান আসন্ন। তাই সিটি মেয়রের বাসায় ইফতার মাহফিল বর্জন করতে হবে। কারণ, মেয়র এরিক অ্যাডামস গাজায় ইসরায়েলী বর্বরতার বিরুদ্ধে কোন কথা বলেননি। এমনকি যুদ্ধবিরতির দাবিতে চলমান আন্দোলনের সাথেও সংহতি প্রকাশ করেননি। তিনি আরও বলেন, সহকর্মী সিটি কাউন্সিলম্যানরা যতক্ষণ পর্যন্ত গাজায় ইসরাইলী আগ্রাসন বন্ধের পক্ষে সুস্পষ্টভাবে অবস্থান না নেবেন, ততক্ষণ পর্যন্ত তাদেরকেও ইফতার মাহফিলে স্বাগত জানানো চলবে না।

এদিকে শাহানা হানিফের এই আহ্বানের পরিপ্রেক্ষিতে সিটি মেয়র এরিক এডামসের মুখপাত্র ক্যাইলা ম্যামেলাক বলেছেন, রমজানের পবিত্রতা সুরক্ষায় মুসলিম সমাজকে উৎসাহিত করার পরিবর্তে কাউন্সিলওম্যান শাহানা হানিফ দুর্ভাগ্যজনকভাবে তাদের উস্কে দিচ্ছেন। শুধু তাই নয়, ধর্মীয় একটি ইভেন্টকেও তিনি রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করতে চাচ্ছেন।

আরো উল্লেখ্য, রমজান শুরু হচ্ছে ১০ মার্চ। আগামী ৯ এপ্রিল শেষ হওয়ার কথা। নিউইয়র্ক সিটির মেয়র তার বাসভবন গ্র্যাসী ম্যানশনে আগের মতোই ইফতার মাহফিলের আয়োজন করবেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। যদিও তার তারিখ এখনও নির্ধারিত হয়নি।

নিউইয়র্ক সিটি কাউন্সিলে প্রগতিশীল ককাসের কো-চেয়ার এবং ইমিগ্রেশন কমিটির সাবেক চেয়ার শাহানা হানিফ গণমাধ্যমকে জানিয়েছেন, মেয়রের বাসায় ইফতার মাহফিল বর্জন এবং মসজিদসমূহে কাউন্সিলম্যানদের ঢুকতে না দেয়ার সিদ্ধান্তটি প্রগ্রেসিভ ককাসের নয়, নিতান্তই ব্যক্তিগত। শাহানা বিশ্বাস করেন, গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির পক্ষে মেয়র এবং সিটি কাউন্সিলের মেম্বারগণকে সরব করতে এমন কর্মসূচির গুরুত্ব অপরিসীম। প্রতিদিনই সিটিতে ফিলিস্তিনে ইসরায়েল গণহত্যা বন্ধের দাবিতে অনুষ্ঠিত সভা-সমাবেশের প্রতি ইঙ্গিত করে শাহানা বলেন, 'এটা হচ্ছে এই সিটির সবচেয়ে বড় একটি ইস্যু এবং একে আমরা অবজ্ঞা করতে পারি না'।

এদিকে, শাহানা হানিফের উল্লেখিত বর্জন কর্মসূচি ঘোষণার দিন নিউইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার আন্দ্রিয়েন এডামস সাংবাদিকদের জানান, আমরা সিটি কাউন্সিলে আনুষ্ঠানিকভাবে যুদ্ধবিরতির পক্ষে একটি রেজ্যুলেশন গ্রহণে একমত হয়েছি। বুধবার (২৮ ফেব্রুয়ারী) সংশ্লিষ্ট সকলে এ নিয়ে কথা বলেছি। প্রসঙ্গত উল্লেখ্য, ইতিমধ্যেই শিকাগো সিটি কাউন্সিলসহ বেশকটি সিটিতেই গাজায় যুদ্ধবিরতির আহবানে রেজুলেশন গৃহীত হয়েছে। তবে এখন পর্যন্ত সেই রেজুলেশনের কোন খসড়া তৈরি হয়নি বলে উল্লেখ করেছেন শাহানা হানিফ, এমনকি কবে নাগাদ তা হবে সেটিও জানেন না।

মেয়র এরিক এডামস'র

(শেষের পাতার পর)

২৯ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ভোরে গোয়েন্দা সংস্থার সদস্যরা সিটির মেয়রের উপদেষ্টার মালিকানাধীন দুইটি বাড়িতে অভিযান শুরু করে। অভিযানটি কয়েক ঘণ্টা স্থায়ী হয়। উইনি গ্রিকো অ্যাডামসের প্রাক্তন তহবিল সংগ্রহকারী। বর্তমানে মেয়রের এশিয়ান বিষয়ক পরিচালক হিসাবে কাজ করছেন।

তলাশির বিষয়টি এফবিআই'র একজন মুখপাত্র নিশ্চিত করেছেন। তিনি জানান, তাদের সদস্যরা দুটি ব্রুক্স ঠিকানায় সকালে অভিযান চালিয়েছে। ঠিকানা দুইটি উইনি গ্রিকোর মালিকানাধীন।

গ্রিকোর প্রতিবেশীরা জানান, ফেডারেল এজেন্টরা সকাল ৬ টার দিকে একই বকে অবস্থিত দুটি বাড়িতে অনুসন্ধান শুরু করে। তারা বেশ কয়েক ঘন্টা ধরে এলাকায় অবস্থান করে অনুসন্ধান পরিচালনা করেন।

সিটি হলের একজন মুখপাত্র বলেছেন, মিসেস গ্রেকো ২৯ ফেব্রুয়ারি থেকে প্রশাসনিক ছুটিতে রয়েছেন।

এদিকে ঠিক কী কারণে অভিযান পরিচালনা করা হয়েছে তা স্পষ্ট করেনি এফবিআই। তবে অ্যাডামস ও গ্রিকোর বিরুদ্ধে বিদেশী প্রভাবের অভিযোগসহ মেয়রের প্রচারণার রাজনৈতিক তহবিল সংগ্রহের বিষয়ে এফবিআই তদন্ত করছে। এই তদন্তের অংশ হিসেবে তলাশি অভিযান চালানো হতে পারে বলে ধারনা করা হচ্ছে।

এই তদন্তের অংশ হিসাবে এফবিআই গত বছরের ২ নভেম্বর অ্যাডামসের প্রধান তহবিল সংগ্রহকারী রায়ানা সাগস ও মেয়রের অফিসের আন্তর্জাতিক বিষয়ক প্রটোকল পরিচালক রানা আব্বাসেযর বাড়িতে অভিযান চালায়। চার দিন পরে মেয়র ম্যানহাটনে একটি অনুষ্ঠান থেকে থেকে বের হওয়ার সময় এফবিআই তার থেকে ফোন এবং একটি আইপ্যাড বাজেয়াপ্ত করে।











প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র নতুন কমিটি

(শেষের পাতার পর)

হয়েছে। ২০২৪-২০২৫ সালের জন্য গঠিত কমিটিতে ফরিদ খান সভাপতি শরীফ শিকদার সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন। সংগঠনের বিশেষ সাধারণ সভায় এই কমিটি গঠন করা হয়।

জানা গেছে, সিটির জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ একটি রেষ্টুরেন্টে গত ১৮ ফেব্রুয়ারী সন্ধ্যায় অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বিদায়ী সভাপতি আব্দুল হাকিম এবং সভা পরিচালনা করেন বিদায়ী সাধারণ সম্পাদক মোহাম্মদ আতিকুর রহমান আনিস। সভায় আলোচনার ভিত্তিতে নতুন কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ছাড়াও নতুন কোষাধ্যক্ষ, সাহিত্য সম্পাদক ও সাংস্কৃতিক সম্পাদক হিসেবে যথাক্রমে মোহাম্মদ শাহজাহান, খালিদ মিঠু ও সামিনা খন্দকার-কে মনোনীত করা হয়। খুব শীঘ্রই পূর্ণ কমিটি ঘোষণা করা হবে বলে সভায় জানানো হয়। সবশেষে নতুন কর্মকর্তাদের ফুল দিয়ে বরণ করা হয়। সভায় অর্ধ শতাধিক প্রবাসী টাঙ্গাইলবাসী উপস্থিত ছিলেন বলে সংশ্লিষ্টরা জানান।

এর আগে সভায় সংগঠনের গত চার বছরের আয়-ব্যয়ের হিসাব প্রদান এবং সর্বশেষ পরিস্থিতি আলোচনা করা হয়। এরপর নির্বাচন কমিশন নতুন কর্মকর্তাদের নাম ঘোষণা করেন। নির্বাচন কমিশনের সদস্য ছিলেন- কৃষিবীদ আব্দুর রহমান, খন্দকার আশিক শামীম, ফরহাদ তালুকদার, মোজাম্মেল হক, আওয়াল সিদ্দিকী, খন্দকার বদরুজ্জামান পিকলু ও আক্তারুজ্জামান হ্যাপি।

মিশিগানে সড়ক দুর্ঘটনায় এক বাংলাদেশী নিহত

(শেষের পাতার পর)

সাজুর বাড়ি সিলেটের আম্বরখানার বড় বাজারে।

পুলিশ সূত্রে জানা যায়, গত ২৫ ফেব্রুয়ারী ওয়ারেন সিটির রায়ান রোডে বিপরীত দিক থেকে অতিরিক্ত গতিতে আসা আরেক গাড়ি সজোরে ধাক্কা দেয় সিলেটের ব্যবসায়ী সাজুকে বহনকারী গাড়িকে। মারাত্মক আহত সাজু, তাঁর মেয়ে সানজিদা মুমু ও ছেলে শাহজাহান তামিমকে হাসপাতালে পাঠানো হয়। কর্তব্যরত চিকিৎসক সাজুকে মৃত ঘোষণা করেন। আহত সানজিদা মুমু'র(২৫) শারীরিক অবস্থা আশংকাজনক। তবে ছেলে শাহজাহান তামিম (২২) চিকিৎসা শেষে হাসপাতাল থেকে বাবার জানাজায় অংশগ্রহণ করেন।

অপরদিকে দুর্ঘটনার জন্যে দায়ী গাড়ির ড্রাইভারকে পুলিশ গ্রেফতার করেছে। সেও সিলেটেরই বাসিন্দা বলে জানা গেছে। সিলেটের পৌরবিপণীর ব্যবসায়ী কাচঘরের মালিক সাজু ৪ বছর আগে স্ত্রী, ৩ মেয়ে ও ১ ছেলে নিয়ে যুক্তরাষ্ট্রে এসেছিলেন।

অপরদিকে নিজত সাজুর নামাজে জানাজা গত ২৭ ফেব্রুয়ারী ডেট্রয়েট সিটির মসজিদুন নূওে অনুষ্ঠিত হয়। জানাজার নামাজ শেষে নিহতের স্ত্রীর খালাতো ভাই ইসফা ইসলাম জানান, পারিবারিক সিদ্ধান্তে আজকেই সাজুর মরদেহ সিলেটে পাঠানো হবে। তার মরদেহ নিউইয়র্ক হয়ে আগামী ৩ মার্চ শনিবার বাংলাদেশ পৌঁছাবে এবং ঐদিনই তাকে সিলেট শহরের কবর স্থানে দাফন করার কথা।

স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক

(শেষের পাতার পর)

চ্যালেঞ্জগুলোর মধ্যে মানসিক স্বাস্থ্য সংকট অন্যতম। তাই যুব সমাজের স্বাস্থ্য সুরক্ষায় প্রয়োজনীয় সকল উপাদান দিয়ে সাহায্য করার আশ্বাস দেন কেথি হোকুল। সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের তথ্য অনুসারে, নিউইয়র্কে প্রতি ৪ জন তরুন শিক্ষার্থীর মধ্যে ১ জন আত্মহত্যার কথা ভেবেছে।

অবৈধ গাজার দোকানের প্রচার বন্ধের নির্দেশ কেথি হোকুলের

বাংলা পত্রিকা ডেস্ক: সোশ্যাল মিডিয়া এবং টেক জায়ান্ট কোম্পানিগুলোকে নিউইয়র্কের লাইসেন্সবিহীন গাজার দোকানের প্রচার বন্ধের নির্দেশ দিয়েছেন গভর্নর কেথি হোকুল। গত ২৭ ফেব্রুয়ারী মঙ্গলবার এক বিবৃতিতে কেথি হোকুল বলেন, সোশ্যাল মিডিয়া এবং টেক জায়ান্ট কোম্পানিগুলোর উচিত অবৈধ গাজার দোকানের প্রচার বন্ধ করা। অবৈধ গাজার দোকানগুলো বৈধ ব্যবসায়গুলোকে ক্ষতি করছে। এছাড়া তারা বিশাল কালোবাজারকে সহায়তা করে নিউইয়র্ককে ট্যাক্স থেকে বঞ্চিত করছে বলে মন্তব্য করেন তিনি। গভর্নর অফিসের কর্মকর্তারা জানান, রবিবার নিউইয়র্কের বৈধ গাজার দোকানের মালিকের কেথি হোকুলের কাছে একটি চিঠি পাঠান। চিঠিতে লাইসেন্সবিহীন গাজার দোকানগুলোর বিরুদ্ধে তদন্তের আহ্বান জানানো হয়। সেইসাথে লাইসেন্সবিহীন দোকানগুলোর মিথ্যা বিজ্ঞাপন প্রচার করায় গুগল, মেটা এবং অন্যান্য মিডিয়ার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়ার আহ্বান জানানো হয় বলে জানা গেছে।

সিটির অভয়ারন্য আইন নিয়ে মেয়র ও এনওয়াইসি কাউন্সিল স্পিকারের মতবিরোধ

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির অভয়ারণ্য আইন নিয়ে মতবিরোধ দেখা দিয়েছে মেয়র এরিক অ্যাডামস এবং এনওয়াইসি কাউন্সিল স্পিকার অ্যান্ড্রিয়েন অ্যাডামসের মধ্যে। সম্প্রতি অভিবাসীদের দ্বারা নিউইয়র্কের সহিংস ঘটনাগুলোর জেরে নিউইয়র্কের অভয়ারণ্য আইন সংশোধনের প্রস্তাব করেন মেয়র এরিক অ্যাডামস। গত ২৭ ফেব্রুয়ারী মঙ্গলবার এক সংবাদ-সম্মেলনে মেয়র বলেন, নিউইয়র্কে গুরুতর অপরাধের সাথে জড়িত এমন অভিবাসীদের নির্বাসিত করা উচিত। সেইসাথে অভিবাসীদের শাস্তি প্রয়োগে ফেডারেল আইসিই এজেন্টদের সহায়তা করার আহ্বান জানান মেয়র। মেয়রের এমন সিদ্ধান্তে সমালোচনা করে স্পিকার অ্যাডামস বলেন, সিটির অভয়ারন্য আইন পরিবর্তন হলে, নিউইয়র্কারদের সামান্য অপরাধের জন্য আইসিই এর হাতে হস্তান্তর করতে হবে। যা নিউইয়র্কের বাসিন্দাদের উপর নেতিবাচক প্রভাব ফেলবে। এদিকে সিটি কাউন্সিলের এক মুখপাত্র জানান, সিটি অভয়ারন্য আইন পরিবর্তনের কোনো পরিকল্পনা নেই তাদের।

টাইম স্কোয়ারে সন্দেহজনক ডিভাইস উদ্ধার, গ্রেফতার

বাংলা পত্রিকা ডেস্ক: টাইম স্কোয়ারের গাড়ির ভিতর থেকে একটি সন্দেহজনক ডিভাইস উদ্ধার করেছে পুলিশ। এক বিবৃতিতে নিউইয়র্ক পুলিশ জানায়, গত ২৪ ফেব্রুয়ারী শনিবার বিকাল ৪ টার দিকে টাইম স্কোয়ারের পশ্চিম ৪২ তম স্ট্রিট এবং সেভেন্থ অ্যাভিনিউয়ের একটি গাড়ি থেকে বোমার মতো দেখতে একটি ডিভাইস উদ্ধার করেছে এনওয়াইডিপির ইমার্জেন্সি সার্ভিস। তবে বস্তুটি উদ্ধার করার সময় এলাকার কয়েকজন ব্যক্তি ইমার্জেন্সি পুলিশকে বাধা দেয়। পুলিশের কাজে বাধা দেওয়ার কারনে তাদের গ্রেফতার করা হয় বলে জানায় এনওয়াইডিপি। ওইসময় এলাকাটির পথচারী এবং যানচলাচল সাময়িক সময়ের জন্য বন্ধ করে দেয় পুলিশ। তদন্ত শেষে পুলিশ জানায়, উদ্ধারকৃত বোমাটি নিষ্ক্রিয় ছিলো।

১১ মার্চ থেকে রোজা শুরু

(শেষের পাতার পর)

এসকল মসজিদে রমজানের প্রস্তুতি নেয়া হচ্ছে। অধিকাংশ মসজিদে এশার নামাজ শেষে খতম তারাবি নামাজ আদায়ের ব্যবস্থা করা হয়েছে।

অপরদিকে জ্যামাইকা, জ্যাকসন হাইটস, ব্রুকলীন, ব্রঙ্কস, ওজনপার্ক প্রভৃতি এলাকার গ্রোসারী স্টোগুলোতে খোঁজ নিয়ে জানা গেছে নিত্য প্রয়োজনী অনেক জিনিসপত্রের মূল্য বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে পবিত্র রমজানের আগে ইফতারী সামগ্রীর বিভিন্ন আইটেমের মুল্য বেড়ে যাওয়ায় জনমনে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। একাধিক ক্রেতা জানান, চাল-ডাল, তেল, পিয়াজ ছাড়াও খেজুর সহ ইফতারী সামগ্রীর মুল্য অনেক বৃদ্ধি পেয়েছে।

জেবিবিএ সভাপতি গিয়াস আহমেদের উদ্যোগে

নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীমেম্বার পদপ্রার্থী হাইরাম মনসেরাতের ফান্ডরেইজিং




নিউইয়র্ক: স্টেট অ্যাসেম্বলীমেম্বার পদপ্রার্থী, সাবেক সিনেটর ও নিউইয়র্ক সিটির সাবেক কাউন্সিলমেম্বার হাইরাম মনসেরাতের জন্য ফান্ডরেইজিং অনুষ্ঠান করা হয়েছে। গত ২২ ফেব্রুয়ারী বৃহস্পতিবার সন্ধ্যায় নিউ-ইয়র্ক সিটির কুইন্সের জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশনের (জেবিবিএ) সভাপতি গিয়াস আহমেদ এ ফান্ডরেইজিং অনুষ্ঠানের আয়োজন করেন।

অনুষ্ঠানে জেবিবিএ'র সাধারণ সম্পাদক তারেক হাসান খান, আশা ডে কেয়ারের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) আকাশ রহমান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আবুল কাশেম, সাইফুল ইসলাম, মনির আহমেদ, আহসান হাবিব প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, হাইরাম মনসেরাত নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক ৩৫ থেকে নির্বাচন করবেন। তার নির্বাচনী এলাকা করোনা, রিগো পার্ক, ইস্ট এলমহার্স্ট ও ফরেন হিল। অনুষ্ঠানে হাইরাম মনসেরাত অ্যাসেম্বলীমেম্বার প্রার্থী হিসেবে তার নির্বাচনী প্রতিশ্রুতি সবার সামনে তুলে ধরেন। -প্রেস বিজ্ঞপ্তি।

নিউইয়র্কে ছড়াটে'র অষ্টম বর্ষপূর্তি ও ছড়াড্ডা



নিউইয়র্ক: তুষারপাত ও তীব্র শীতের মধ্যেও শিল্প-সাহিত্য সংগঠন ছড়াটে-র নিয়মিত ছড়াড্ডা অনুষ্ঠিত হলো নিউইয়র্কের কুইন্সের হিলসাইডে। বিরূপ আবহাওয়ার কারণে এবারের ছড়াড্ডাটি অনলাইনে আয়োজন করা হয়। গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার অনুষ্ঠিত ছড়াড্ডায়, নিউইয়র্ক ছাড়াও যুক্তরাষ্ট্রের অন্য অঙ্গ রাজ্যের ছড়াকাররাও যুক্ত ছিলেন অনলাইনে। অনুষ্ঠানের শুরুতে ছড়াটে'র প্রতিষ্ঠাতা শামস চৌধুরী রুশো ছড়াটে-র অষ্টম বর্ষপূর্তি এবং ছড়াড্ডার দ্বিতীয় বর্ষপূর্তিতে পাঠক, ভক্ত ও শুভাকাঙ্খী সহ ছড়াড্ডায় অংশগ্রহণকারী সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

এবারের ছড়াড্ডাটি একুশের আবহে অনুষ্ঠিত হয়। মিশিগান থেকে অনলাইনে অংশগ্রহণ করা রেডিও ও টেলিভিশনের তালিকাভুক্ত গীতিকার জাফর ওবায়েদের একুশের গানের মধ্য দিয়ে ছড়াড্ডা'র সূচনা হয়। ছড়া পাঠ করেন নিউজার্সী থেকে যুক্ত হওয়া ছড়াকার সুব্রত চৌধুরী। এরপর একে একে ছড়া পাঠ করেন নিউইয়র্ক থেকে ছড়াকার সজল আশফাক, ছড়াকার শাহীন ইবনে দিলওয়ার, ছড়াকার শাম্স চৌধুরী রুশো।

২০২৩ সালের ফেব্রুয়ারীতে 'ছড়াড্ডা' প্রথম আড্ডাটি শুরু হয়, সেই থেকে প্রতি মাসে নিরবচ্ছিন্নভাবে অনুষ্ঠিত হয়ে আসছে। ছড়াটে-র ছড়াড্ডা প্রতি মাসের তৃতীয় শুক্রবার কুইন্সের হিলসাইডে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে একুশে পদক প্রাপ্তির জন্য ছড়াকার লুৎফর রহমান রিটন, বাংলা একাডেমি পুরস্কার প্রাপ্তির জন্য ছড়াকার তপংকর চক্রবর্তী এবং অধ্যাপক খালেদ পুরস্কার প্রাপ্তির জন্য ছড়াকার সজল আশফাককে ছড়াটে-র পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়।

উল্লেখ্য, ছড়াটে ২০১৬ সালের ১৫ ফেব্রুয়ারী নিউইয়র্কে এর যাত্রা শুরু করে। ছড়া নিয়ে বহুমুখী কর্মকান্ডের মাধ্যমে ছড়াটে ছড়ার জগতে বিপ্লব সাধন করেছে। ছড়া ছাড়াও সামাজিক কর্মকান্ডেও এর অন্তর্ভূক্তি চোখে পড়ার মতো। 'ছড়াটে ইনক' নামে নন-প্রফিট সংগঠন হিসেবে নিউইর্য়ক স্টেটের রেজিস্ট্রিভুক্ত। -প্রেস বিজ্ঞপ্তি।

ড. সুফিয়ান খন্দকার আর নেই

(শেষের পাতার পর)

সময় তিনি সিটির এস্টোরিয়া মাউন্ট সানাই হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে শারীরিক নানা সমস্যায় ভুগছিলেন। তাঁর মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। খবর ইউএনএ'র।

মৃত্যুকালে তিনি স্ত্রী ডা. রুবি খন্দকার ও দুই ছেলে সহ অনেক আত্মীয়-স্বজন ও গুনগ্রাহী রেখে গেছেন। সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার সন্তান ড. সুফিয়ান খন্দকার নিউইয়র্ক সিটির জ্যামাইকা এস্টেটে স্থায়ীভাবে বসবাস করতেন।

এক স্লিপ

(শেষের পাতার পর)

অথচ কমিউনিটির সবাই যার যার ফুল কভারেজ প্রত্যাশা করছেন মিডিয়াগুলোর কাছ থেকে। অনেকে বা অনেক সংগঠন/প্রতিষ্ঠান অনুষ্ঠান বাবদ হাজার হাজার ডলার ব্যয় করলেও মিডিয়ায় বিজ্ঞাপন দেয়ার ক্ষেত্রে কার্পণ্য করছেন। আবার অনেকেই অনুষ্ঠান শেষে একটি প্রেস বিজ্ঞপ্তি পাটিয়ে দিচ্ছেন মিডিয়াগুলোতে। কিষয়গুলো সংশ্লিস্ট সকলের ভেবে দেখা দরকার বৈ কি?

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday / March 04 // 2024

গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির আহ্বানে মিডটাউনে বিক্ষোভ, আটক বেশকয়েকজন

বাংলা পত্রিকা ডেস্ক: গাজায় অবিলম্বে যুদ্ধবিরতি এবং মানবিক সহায়তার আহ্বানে নিউইয়র্ক সিটির মিডটাউনে বিক্ষোভ করেছে হাজার হাজার বিক্ষোভকারী। গত ২৪ ফেব্রুয়ারী শনিবার মিডটাউনের নিউইয়র্ক পাবলিক লাইব্রেরির প্রধান শাখার বাইরে বিক্ষোভকারীদের একটি দল জড়ো হয়। শনিবার গাজায় উপত্যকায় যুক্তরাষ্ট্রের মানবিক সহায়তার প্রথম চালানের পর এই বিক্ষোভকারীরা এই সমাবেশ করে। বিক্ষোভকারীরা জানায়, বাইডেন প্রশাসন ৪ টি হেলিক্টার থেকে প্যারাস্যুটে মাধ্যমে ৩০ হাজার খাবারের প্যাকেজ দিচ্ছে গাজায়, যেখানে একটি ট্রাক ব্যবহার করে এর চেয়ে বেশি খাবার দিতে পারে। গাজায় বিধস্ত এবং ক্ষুধার্ত মানুষের খাবারের পাশাপাশি যুদ্ধবিরতি প্রয়োজন বলে দাবি করেন বিক্ষোভকারীরা। এসময় পুলিশের সাথে সংঘর্ষের জেরে বেশ কয়েকজন বিক্ষোভকারীকে গ্রেফতার করা হয় জানিয়েছে পুলিশ।









এসএসসি ৮৪ ব্যাচ নর্থ আমেরিকা

ঢাকার বন্ধু বাবুর আগমনে নিউইয়র্কে আবারো বন্ধু সভা

নিউইয়র্ক (ইউএনএ): এসএসসি ৮৪ ব্যাচ বাংলাদেশ-এর ঢাকার বন্ধু আফজালুর রহমান বাবুর আগমনে যুক্তরাষ্ট্র সফর উপলক্ষ্যে নিউইয়র্কে এসএসসি ৮৪ ব্যাচ বন্ধুদের আবারো বন্ধু সভা অনুষ্ঠিত হলো। ব্যতিক্রমী এই সভায় ছিলো শুভেচ্ছা বিনিময়, আড্ডা, গান আর নৈশভোজ। অনাড়ম্বর এই সভায় বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক বন্ধু বাবুকে সম্মানণা জানানো হয়। অনুষ্ঠানে প্রায় অর্ধশত চুরাশিয়ান বন্ধু অংশ নেয়। খবর ইউএ-নএ'র।

নিউইয়র্ক সিটির জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ পানশী রেষ্টুরেন্টের মিলনায়তনে গত ২৬ ফেব্রুয়ারী সোমবার সন্ধ্যায় এই বন্ধু সভার আয়োজন করা হয়। সভার শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষ্ঠানের মূল আয়োজক ও পৃষ্ঠপোষক বন্ধু শেখ ইয়াসমীন। এসময় বন্ধু বাবু সহ উপস্থিত সকল বন্ধুকে হাতে তৈরী নানা রঙের ফ্লাওয়ার ব্যাচ পরিয়ে দেয়া হয়। এরপর পরিচিতি পর্ব শেষে নৈশ ভোজের সাথে চলে সঙ্গীত পর্ব। এতে সঙ্গীত পরিবেশন করেন হাসান মাহমুদ, দিপক ও ঝুলুন সেন। তাদের সাথে যোগ দেন শাহীন, সৈয়দ মাহবুবির রহমান লিপু, মাসুদ, শেখ ইয়াসমিন সহ অনেকে। পরবর্তীতে ফটোশেসন পর্বে সকল বন্ধুদের পক্ষ থেকে অতিথি বন্ধু বাবুর হাতে ফুলের তোড়া আর শুভেচ্ছা কার্ড তুলে দেন শেখ ইয়াসমিন এবং ক্রেস্ট তুলে দেন নাদির এ খান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক উপ প্রেস সচিব আশরাফুল আলক খোকন অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ফ্লোরিডা ফ্লোরিডা রাজ্যে আগামী ২-৩ মার্চ সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে অনুষ্ঠিতব্য ২৮তম এশিয়ান এক্সপো মেলায় বিশেষ অতিথি হিসেবে যোগ দিতে বন্ধু আফজালুর রহমান বাবু যুক্তরাষ্ট্র সফল করছেন।

এদিকে সংশ্লিস্টরা বার্তা সংস্থা ইউএনএ প্রতিনিধিকে জানান, গত বছর নায়াগ্রা ফলসে আয়োজিত পূণর্মিলনী অনুষ্ঠানের সফলতার পথ ধরে এবছর এসএসসি ৮৪ ব্যাচ নর্থ আমেরিকার বার্ষিক পূনর্মিলনী আগামী ২০ জুলাই শনিবার অনুষ্ঠিত হবে। এবারের ভেন্যু নির্ধারন করা হয়েছে টেক্সাস রাজ্যের হিউস্টন শহরের হিলটন হিউস্টন নাসা ক্লিয়ার লেক। চলছে রেজিস্ট্রেশন।

অস্ট্রেলিয়ায় ফিরে যাওয়ার

(শেষের পাতার পর)

জানানো হয় 'মাতাল হওয়া' শিরোনামে সিনেমাটি নির্মাণ করবেন চয়নিকা চৌধুরী। তবে সেটির শুটিং কবে নাগাদ হবে সে বিষয়ে কিছুই জানাননি পরিচালক।

এর পরপরই শাবনূরের আরো একটি নতুন সিনেমার খবর সামনে আসে। তরুণ নির্মাতা আরাফাত হোসাইনের 'রঙ্গনা'তেও অভিনয় করবেন তিনি। তাঁকে নিয়ে ১০ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয় এর মহরত। সেখানে একই নির্মাতার নতুন আরো একটি সিনেমায় অভিনয় করার কথা জানান শাবনূর।

সে সময় জানানো হয়, সিনেমা দুটির শুটিংয়ের প্রস্তুতি চলছে। শুধু এ সিনেমাগুলোই নয়, নতুন আরো কিছু কাজ করবেন তিনি।

তবে এর মধ্যেই খবর পাওয়া যায়, অনেকটা গোপনেই দেশ ছেড়েছেন শাবনূর। ফিরে গেছেন অস্ট্রেলিয়ায়।

আর সেটি হয়েছে 'রঙ্গনা'র মহরতের পরপরই। এসব নিয়ে সংবাদমাধ্যমে নানা সংবাদও বেরিয়েছে।

এসব নিয়ে স্বাভাবিকভাবে এত দিন চুপ ছিলেন শাবনূর। আজ তাঁর ফেসবুক পেজে লিখেছেন বিস্তারিত। তবে বিস্তারিত বলার আগেই দেশের গণমাধ্যমের সংবাদকে একহাত নিয়েছেন তিনি।

তিনি বলেন, গত ১.০৩.২০২৪ তারিখ থেকে আমি লক্ষ করছি, আমার অস্ট্রেলিয়া ফিরে আসাকে কেন্দ্র করে মিডিয়াতে বিভ্রান্তিকর খবর, দেখেশুনে মনে হচ্ছে উদ্দেশ্যপ্রণোদিত ভুয়া গুজব ছড়ানো হচ্ছে। কিছু ভুঁইফোড় অনলাইন ও সোশ্যাল মিডিয়া বলার চেষ্টা করছে আমি নাকি সিনেমার ঘোষণা দিয়ে গোপনে দেশ ছেড়েছি, কবে ফিরব সেটা জানেন না কেউ, চিন্তায় পড়েছেন সিনেমাগুলোর পরিচালকরা। তারা রং-ঢং মাখিয়ে আরো কত কিছু রটাচ্ছে! আশ্চর্যের ব্যাপার, এদের দেখাদেখি মূলধারার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াও মনগড়া খবর প্রকাশ করে ভাইরাল হওয়ার প্রতিযোগিতায় যোগ দিয়েছে। আমার সাথে কথা না বলেই যে যার মতো করে মনগড়া সংবাদ পরিবেশন করেই যাচ্ছে।'

তিনি অস্ট্রেলিয়া ফিরে যাওয়ার কারণ প্রসঙ্গে বলেন, 'দেশের প্রায় সবাই জানেন, আমি এবং আমাদের পরিবারের অন্য সদস্যরা স্থায়ীভাবে অস্ট্রেলিয়ায় বসবাস করি। আমার ছেলে এখনে স্কুলে পড়াশোনা করে। কোনো দরকার হলে বা লং হলিডেতে দেশে ঘুরতে আসি, আবার যখন প্রয়োজন হয় অস্ট্রেলিয়া ফিরে যাই। তাই আমাকে কি ঢাকঢোল পিটিয়ে বলতে হবে কখন দেশে আসব বা কখন দেশ ছাড়ব? এখানে গোপনে দেশ ত্যাগের কী আছে? আমি প্রায় তিন সপ্তাহ পূর্বেই অস্ট্রেলিয়া চলে এসেছি। কিন্তু এত দিন পর মনে হয় কারো কারো ঘুম ভাঙল!'

তবে তার ফিরে যাওয়ার বিষয়ে পরিচালকরা জানেন বলে জানান তিনি। তিনি বলেন, 'আরো একটি কথা, যে ছবির মহরত হয়েছে সেটার শুটিং সময়মতোই হবে। আমার অস্ট্রেলিয়া ফিরে আসার কারণ ও সময় নেওয়ার বিষয়ে সিনেমার সাথে সংশ্লিষ্টরা অবগত আছেন। আমি সবাইকে বিনীত অনুরোধ করব, আপনারা কোনো গুজবে বা ভুয়া খবরে বিভ্রান্ত হবেন না। কোনো গুরুত্বপূর্ণ বিষয় হলে বা অন্য কোনো সিনেমার আপডেট থাকলে আমিই আপনাদেরকে সময়মতো জানাব।'

তবে এই পোস্টের মাধ্যমে বেইলি রোডের অগ্নিকাণ্ডের ঘটনায় হতাহতদের প্রতি শোক জানান এই নায়িকা। তিনি বলেন, 'বেইলি রোডের ভয়াবহ অগ্নিকাণ্ডে ব্যাপক হতাহতের ঘটনায় আমি শোকাহত, বাকরুদ্ধ। আল্লাহ পাক যেন নিহতদের পরিবারের সবাইকে এই শোক সইবার শক্তি দান করেন এবং আহত ও ক্ষতিগ্রস্তদের ধৈর্য দান করেন।'



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika





ড. সুফিয়ান খন্দকার আর নেই

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বাংলাদেশী কমিনিটির পরিচিতমুখ, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পানি সম্পদ বিশেষজ্ঞ ড. সুফিয়ান খন্দকার (৭৭) আর নেই। রোববার সন্ধ্যা ৭.৩০ মিনিটের (বাকি অংশ ৩০ পাতায়

মেয়র এরিক এডামস'র উপদেষ্টা উইনি গ্রিকোর বাড়িতে এফবিআইয়ের অভিযান

বাংলা পত্রিকা ডেস্কঃ নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামসের উপদেষ্টা উইনি গ্রিকোর মালিকানাধীন দুটি বাড়িতে হঠাৎ তলাশি অভিযান চালিয়েছে গোয়েন্দা সংস্থা এফবিআই। (বাকি অংশ ২৯ পাতায়)

একস্লিপ

সালাহউদ্দিন আহমেদ

নিউইয়র্কের বাংলা মিডিয়াগুলো নানা প্রতিকূলতা পেরিয়ে কমিউনিটি সেবা করে যাচ্ছে। একথা নতুন কিছু নয়। কিন্তু প্রকৃত সাংবাদিকতায় জড়িত মিডিয়াগুলো যতটুকু কমিউনিটির পৃষ্ঠপোষকতা পাওয়া দরকার সেটুকু পাচ্ছে না- এমন অভিযোগ সংশ্লিস্টদের। (বাকি অংশ ৩০ পাতায়)

বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ২৬ পাতায়)

মুসলিম কমিউনিটিতে নানা প্রস্তুতি

১১ মার্চ থেকে রোজা শুরু

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র রমজান সমাগত। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১১ মার্চ সোমবার থেকে নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় রোজা শুরু হওয়ার কথা। ফলে মুসলিম কমিউনিটিতে চলছে রজমানের প্রস্তুতি। বিশেষ করে বিভিন্ন মসজিদ কমিটির পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে রমাজান ক্যালেন্ডর, নিয়োগ করা হচ্ছে খতম তারাবীর নামাজের জন্য হাফেজ, চলছে তারাবীর নামাজ সহ ইফতার আয়োজনের প্রস্তুতি। পাশাপাশি গ্রোসারী স্টোরগুলোতে রমজান মাসের প্রতিদিনের নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী মজুত করা হচ্ছে। নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকা মুসলিম সেন্টার, আল আলাফা ইসলামিক সেন্টার, হাজী ক্যাম্প মসজিদ, ওজনপার্কের আল আমান জামে মসজিদ, ব্রুকলীনের বাংলাদেশ মুসলিম সেন্টার, বায়তুল জান্নাহ জামে মসজিদ, এস্টোরিয়ার আল আমীন মসজিদ, শাহজালাল মসজিদ, ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদ, ম্যানহাটানের মদিনা মসজিদ প্রভৃতি মসজিদ সূত্রে জানা গেছে (বাকি অংশ ৩০ পাতায়)

গাজায় যুদ্ধবিরতির পক্ষে অবস্থান না নেওয়ায়

মেয়রের বাসায় ইফতার মাহফিল বর্জনের ডাক



বিশেষ প্রতিনিধি: গাজায় যুদ্ধবিরতির পক্ষে প্রকাশ্যে অবস্থান না নেয়া পর্যন্ত নিউইয়র্ক নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামসের ইফতার মাহফিল বর্জনের জন্যে নিউইয়র্কবাসীর প্রতি আহবান জানিয়েছেন সিটি কাউন্সিলে প্রথম বাংলাদেশী বংশোদ্ভুত ও একমাত্র মুসলিম কাউন্সিলওম্যান শাহানা হানিফ। (বাকি অংশ ২৯ পাতায়)

নিউইয়র্কের টুকরো খবর

স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক সম্প্রসারনে ২০ মিলিয়ন ডলারের ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে যুব সমাজের মানসিক স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতে স্কুল ভিত্তিক ক্লিনিকগুলোর সম্প্রসারনের জন্য ২০ মিলিয়ন ডলারের তহবিল ঘোষণা করেছে গভর্নর কেথি হোকুল। গত ২৭ ফেব্রুয়ারী মঙ্গলবার মোহোনসেন হাই স্কুলের মেন্টাল হেলথ প্রোগ্রামের সময় গভর্নর কেথি হোকুল এই স্টার্ট আপ তহবিলের ঘোষণা দেন। নিউইয়র্কের স্কুলগুলো একটি রোলিং অ্যাপ্লিকেশন পদ্ধতির মাধ্যমে এই তহবিলের জন্য আবেদন করতে পারবে বলে জানা গেছে। গভর্নর বলেন, বিভিন্ন (বাকি অংশ ৩০ পাতায়)

নিউইয়র্কে আন্তর্জাতিক বাংলা বইমেলা ২৪-২৭ মে : ঢাকায় সংবাদ সম্মেলন

মেলার প্রধান আকর্ষণ কবি নজরুলের ১২৫তম জন্মবার্ষিকী

ঢাকা ডেস্ক: 'যত বই, তত প্রাণ' স্লোগান নিয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে ৩৩তম নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বই মেলা। আগামী ২৪-২৭ মে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে অবস্থিত জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টার। গত ২৬ ফেব্রুয়ারী সোমবার জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে আয়োজিত ব্যতিক্রমী এক (বাকি অংশ ২৬ পাতায়)



প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র নতুন কমিটি


ফরিদ খান


শরীফ শিকদার

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী টাঙ্গাইলবাসীদের প্রথম সামাজিক সংগঠন 'প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র নতুন কমিটি গঠিত হয়েছে। ২০২৪-২০২৫ সালের জন্য গঠিত কমিটিতে (বাকি অংশ ৩০ পাতায়)

মিশিগানে সড়ক দুর্ঘটনায় এক বাংলাদেশী নিহত

বাংলা পত্রিকা ডেস্ক: মিশিগান রাজ্যের ওয়ারেন সিটিতে এক সড়ক দুর্ঘটনায় এক বাংলাদেশী নিহত হয়েছেন। তার নাম জাহাঙ্গীর আলী সাজু (৫০)। নিহত ব্যবসায়ী (বাকি অংশ ৩০ পাতায়)





রমযান এলো বলে

জাফর আহমাদ

আল্লাহর অবারিত রহমতের বারতা নিয়ে প্রতি বছরই রমযান আসে। এবারও ঐ যে এলো রমাযান। রমযান যখন আসে তখন আমাদের মধ্যে দুই শ্রেনীর মানুষ খুব খুশি হয়। এক, (বাকি অংশ ২৬ পাতায়)

খেলার খবর



সিলেটে উন্মোচিত বাংলাদেশ-শ্রীলংকা টি-টোয়েন্টি ম্যাচের ট্রফি

স্পোর্টস ডেস্ক: বাংলাদেশের আধ্যাত্মিক রাজধানী বলে খ্যাত সিলেটে সোমবার থেকে শুরু (বাকি অংশ ২৭ পাতায়)

হেলথ টিপস

আয়রনের অভাব পূরণে

বাংলা পত্রিকা ডেস্ক: ছয়টি খাদ্য উপাদানের মধ্যে মিনারেলস বা খনিজ লবণ শ্রেণীর অন্তর্ভুক্ত অতি প্রয়োজনীয় উপাদান হলো আয়রন বা লৌহ। এ উপাদানটির অভাবে দেহে দেখা (বাকি অংশ ২৭ পাতায়)

বিনোদন

অস্ট্রেলিয়ায় ফিরে যাওয়ার কারণ জানালেন শাবনূর

বিনোদন ডেস্ক: গত বছরের শেষ দিকে অস্ট্রেলিয়া থেকে ঢাকায় এসেছিলেন নব্বইয়ের দশকের জনপ্রিয় অভিনেত্রী শাবনূর। দেশে ফিরেই ঘোষণা দেন নতুন ছবির। (বাকি অংশ ৩০ পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন









Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com